বাবু	babu - an honorific suffix attached to the given name of a male person addressed
কেমন আছেন[2]	how are you (hon.)
কবে[3]	on what day; when
গৌহাটি[4]	Gauhati - name of a town in Assam
ফিরে যা[5]—	(verb stem) return; go back
পোষ / পৌষ[6]	ninth month of the Bengali calendar (December-January)
একটু[7]	a little
ছিল[8]	was; were
ভেতরে / ভিতরে[9]	inside; within (lexical treatment depends on the context)
শুনলাম / শুনলুম[10]	I/we heard

শোন -	(verb stem) hear; listen
সোদপুর[11]	Soudpur - name of a place
আজ[12]	today
বড় ছেলে[13]	eldest son
চিঠি[14]	letter
ছোট মেয়ে[15]	youngest daughter
শরীর খারাপ[16]	not feeling well; sick
শরীর	health
খারাপ	bad
যাওয়া[17]	(verbal noun) going
দরকার[18]	necessity
বুধবার[19]	Wednesday
যাও[20]	you (ord.) go; pres. imperative
এখনও[21]	still; even now
বাইরে[22]	outside
আবার এসো[23]	come again

III. Note 1:

(A) বৌ /bou/ can also be written as বউ /bou/ (see lesson I).

(B) 'য়' when followed by a vowel (excepting /u/), has the same phonological value of that vowel.

Thus: যাওয়া /jaoa/

IV. Exercise 2.

Read the following in Bengali and translate into English:

" কি খবর[1] গৌর ? সব খবর ভাল তো[2] ? "

" শশী যে[3] ! এসো , এই কৌচে বোসো । আমার বাড়ীর সব খবর ভাল নয় । আমার ছোট মেয়ের শরীর খারাপ , তাই শনিবার[4] বাড়ী যাচ্ছি ।"

" গৌতমবাবু খবরটা দিলেন । তোমার ঐ মেয়ে আগে গৌহাটিতে ছিল , তাই না ? "

" না সে আগে কটকে[5] ছিল । সে এখন সৌদপুরে আছে ।"

" সৌদপুরে আর কে[6] আছে ? "

" আমার ছোট ভাই ও তার বৌ এখন সৌদপুরে আছে । আমার ছোট মেয়ে এখন তার কাকা – কাকীমার[7] কাছে থাকে[8] । "

" তোমার বড় মেয়ে এখন কোথায় থাকে ? "

" গৌরী[9] এখন জাপানে[10] । গৌরী এখনও দু বছর[11] জাপানে থাকবে । গতকাল গৌরীর কাছ থেকে একটা চিঠি পেলাম , সে কতগুলো[12] ফোটো চায় । তুমি তো আগামী[13] মাসে

জাপানে যাচ্ছো, তখন ফোটোগুলো নিয়ে যাবে কি ?"

" আমি আগামী মাসে জাপানে যাচ্ছি না । [illegible] "

পৌষ মাসের শেষে[14] জাপানে যাবো ।"

" তাহলে তখন ফোটোগুলো নিয়ে যাবে কি ? "

" বেশ, নিয়ে যাবো ।"

" দেখো, এখন আমার একটু বাইরে যাওয়া দরকার । একটা ঘড়ি কিনবো । তুমিও যাবে কি ? "

" না, আমার নটার[15] আগে বাড়ীতে ফিরে যাওয়া দরকার কটন সাহেব[16] নটায় আসবেন । তাই আমি এখন বাড়ী যাই । "

" এখুনি[17] ফিরে যাবে ? একটু চা খাবে[18] না ? "

" না, আমি চা খাই না । পরে আবার আসব । "

" বেশ, আবার এসো ।"

V. Supplementary vocabulary 2:

কি খবর[1]	what's the news?
তো[2]	untraslatable particle which transmits a feeling of condition or doubt on the part of the speaker

শশী যে[3]	is that (you) Sashi
শনিবার[4]	Saturday
কটক[5]	Cuttack - a city in Orissa
আর কে[6]	who else
কাকীমা[7]	aunt (wife of father's younger brother
থাক[8]	(verb stem) live; stay; remain
গৌরী[9]	name of a girl
জাপান[10]	Japan
দু বছর[11]/ দুই বছর	two years
কতকগুলো[12]	some
গুলো	impersonal plural suffix
আগামী[13]	next; coming (adjective)
শেষ[14]	end; final
ন'[15]/ নয়	nine
কটন সাহেব[16]	Mr. Cotton
সাহেব	saheb or sahib - an honorific word attached to the name of a male (usually a western, Christian, or a Moslem) person addressed. (in address) Mr.; Sir

এখ্নি[17]	right now
খা —[18]	(verb stem) eat; "drink"

Lesson XII

The symbol ("ঁ") known as /cɔndro-bindu/ (moon-dot) when placed over a vowel nasalizes the vowel.

I. Vocabulary and pronunciation drill:

আঁকা	(adjective) drawn
আঁক –	(verb stem) draw; paint; mark
গাঁ	village
চাঁদ	moon
পাঁচ	five
পৌঁছা –	(verb stem) reach
হাঁট –	(verb stem) walk
হাঁটু	knee

II. Exercise 1

Read the following in Bengali and translate it into English:

একটি ছোট গাঁ , নদীর ধারে । কেউ নদীটির আসল নাম জানে না । কেউ বলে যে নদীর নাম অজয়[1] । কেউ বলে , না , ওর নাম কাঁসাই[2] । নদীতে কম জল । যখন বর্ষা[3] আসে তখন নদীতে এক হাঁটু জল[4] হয় । নদীতে কোথাও[5] বালি[6]

কোথাও একটু জল। নদীতে নৌকো চলে[7] না। লোকে হেঁটে নদী পার হয়[8]। নদীর দু ধারে[9] মাঠ[10]। মাঠে শুধু বালি। কোথাও কোন গাছ নেই। গরম কালে[11] কেবল ধুলো আর বালি ওড়ে[12]।

নদীর অপর ধারে একটি ছোট গাঁ। গাঁটি আঁকা ছবির[13] মত। নদীর ধারে ছোট ছোট[14] ঘর। সেখানে চাষীরা[15] থাকে। চাষী–বউরা[16] রোজ নদীতে যায়। তারা নদীতে চান করে[17]। আর ফেরবার[18] সময় নদীর থেকে জল আনে। নদীর এক ধারে কেবল একটি ছোট ঘর। মাঠের ওপর কেবল এই একটি ঘর। এক বুড়ি[19] এই ঘরে থাকে[20]। নদীর থেকে[21] ফেরবার সময় চাষী–বউরা রোজ বুড়ির ঘরে আসে। বুড়ি তাদের[22] কত কথা[23] বলে — পুরোনো[24] দিনের কথা। বুড়ি চাষী–বউদের দেখে খুসী[25] হয়। আর তার কিছু[26] সময় কাটে[27]।

এক সময় বুড়ির পাঁচ ছেলে আর তিন মেয়ে ছিল। এখন বুড়ি কেবল[28] একা[29]। সারাদিন[30] বুড়ি একা ঘরেতে থাকে। বুড়ি জানে না যে কি ক'রে সে সারাদিন কাটাবে। সে ঘরে বসে পুরোনো দিনের কথা ভাবে[31]। মাঝে মাঝে[32] তার ছেলে–মেয়েদের কথা ভাবে। মাঝে মাঝে সে গাঁয়ে যায়। সকাল বেলায়[33] হেঁটে যায়। আবার বিকেল বেলায়[34] হেঁটে ফিরে–

আসে। চাষী-বউরা তাকে বাড়ীতে পৌঁছে দেয়[35]।

যখন আকাশে[36] চাঁদ ওঠে তখন বুড়ি ঘরে বসে চাঁদ দেখে[37]।

দিন আসে, দিন যায়। গরম কাল আসে, গরম কাল যায়। বরষা আসে, বরষা যায়। বছর আসে, বছর যায়। আর বুড়ির দিন কেটে যায়[38]।

III. Supplementary vocabulary and notes:

অজয়[1]	name of a river in W. Bengal; unconquerable; a name
কাঁসাই[2]	name of a river
বর্‌ষা[3]	rain; rainy-season
এক হাঁটু জল[4]	one knee-deep water
কোথাও[5]	"someplace"; somewhere;
কোথাও ...না	anywhere; nowhere
বালি[6]	sand
চল[7]—	(verb stem) move; "run"
পার হ[8]—	(verb stem) cross
দুধার[9]	both sides (lit. meaning: two sides)
মাঠ[10]	field

গরম কাল[11]	summer; hot season
ওড়[12] —	(verb stem) fly
ছবি [13]	picture; a name
ছোট ছোট [14]	small (distributive)
চাষী [15]	peasant; farmer
চাষী – বউ[16]	peasant's wife
চান কর[17]	(verb stem) take bath
ফেরবার [18]	(verbal noun) returning
বুড়ি[19]	old woman (feminine)
থাক [20]	(verb stem) live; stay; remain
থেকে[21]	from (post position)
তাদের [22]	them
কথা[23]	story; tale; word; "about" (after a genitive)
কত কথা	so many stories or tales
ছেলে–মেয়েদের কথা	about children
পুরোনো দিন [24]	older days; passed days; bygone days
পুরোনো / পুরানো	old
খুসী[25]	happy; satisfied ; pleased
কিছু [26]	some

কাট[27]	(verb stem) spend; pass; cut
কেবল[28]	only
একা[29]	alone
সারাদিন[30]	whole day; entire day
ভাব[31]	(verb stem) think; contemplate; meditate
মাঝে মাঝে[32]	occasionally
সকাল বেলা[33]	morning time
বিকেল বেলা[34]	afternoon time
পৌঁছে দে[35]	(verb stem) reach (someone)
আকাশ[36]	sky
দেখ –[37]	(verb stem) see; observe
কেটে যা[38]	(verb stem) "pass by, elapse"

Lesson XIII

The symbol ("ং") known as /onuśśar/ is an alternative for the velar nasal [ɔŋ].

I. Exercise 1.

Read the following in Bengali and translate into English:

বংশীবাবু[1] একজন বাঙালী, হুগলীতে[2] থাকেন । বংশীবাবু একটি নতুন[3] বাড়ী তৈরী করেছেন[4] । বাড়ীটি গংগার[5] ধারে । কিং সাহেব[6] বাড়ীটি কিনতে চান । গংগার ধারে এই বাড়ীটি তাঁর ভাল লেগেছে । কিং সাহেব একজন ইংরেজ[7] লেখক[8] । ইংরেজীতে[9] নভেল[10] ও কবিতা[11] লেখেন । তিনি দশ বছর আমেরিকাতে[12] ছিলেন । শিকাগোতে[13] লেখাপড়া[14] করেছেন । হংকং[15] শহরে দু বছর কাজ করেছেন । এখন কলকাতায়[16] এক খবরের কাগজে[17] কাজ করেন । রোজ লেখেন । গত[18] মাসে বাংলা দেশের বিষয়[19] একটা নভেল লিখেছেন ।

বাংলা দেশ কিং সাহেবের ভাল লাগে ; তাই তিনি বাংলা দেশে থাকতে[20] চান । তিনি বংশীবাবুর নতুন বাড়ীটি কিনতে চান । কিং সাহেব বাংলা ভাষা[21] শিখেছেন[22] । তিনি বাংলাতে কথা বলছেন[23] । তিনি বাংলা বইও রোজ

পড়ছেন । আর বাংলা গান শুনছেন । বিশেষ করে[24] বাউল[+][25] – গান । তিনি বাউলদের বিষয় পড়ছেন । বাউলরা বড় গরীব[26] । তাদের সংসার[27] নেই । তারা পথে পথে[28] ঘোরে[29]; গান গেয়ে বেড়ায়[30] । যে গান তারা গায় তার নাম বাউল – গান । বাউলের হাতে একতারা[31], গায়ে[32] গেরুয়া[33] রংয়ের[34] ধুতি[35], গলায়[36] মালা[37], কাঁধে[38] ঝুলি[39] । বাউল – গানের সুর তাঁর মনকে টানে[40] । কেন ওই গানের সুর তাঁর এত ভাল লাগে তা তিনি জানেন না । কিং সাহেব ভাবছেন যে একদিন তিনি বাউলদের বিষয় একটি বই লিখবেন ।

তাঁর এখন বাঙালীদের খাবার[41] ভাল লাগছে । বিশেষ করে পালংশাক[42], চিংড়ীমাছ[43] আর পাঁঠার মাংস[44] । কিং সাহেব এখন বাঙালী ।

II. Supplementary vocabulary and notes:

বংশী[1]	name of a Bengali gentleman
হুগলী (হুগলী)[2]	a town in W. Bengal; Hoogly (River)
নতুন / নূতন[3]	new
তৈরী করা [4]	(verb stem) build; prepare
গংগা[5]	Ganges (River)
কিং সাহেব[6]	Mr. King

ইংরেজ / ইংরাজ[7]	English (gentleman)
লেখক[8]	writer; a common noun suffix which forms derivative nouns from verb is /ɔk/.
লেখ —	(verb stem) write
ইংরেজী / ইংরাজী[9]	English (language)
নভেল[10]	novel (loan word)
কবিতা[11]	poem
আমেরিকা[12]	America (loan word)
শিকাগো[13]	Chicago (loan word)
লেখাপড়া[14]	(verbal noun) studying
লেখা	(verbal noun) writing
পড়া	(verbal noun) reading
হংকং[15]	Hong Kong (loan word)
কলকাতা[16]	Calcutta - the capital city of W. Bengal
খবরের কাগজ[17]	newspaper
কাগজ	paper
গত[18]	past; last

বিষয়[19]	about
থাকতে[20]	to stay; to live (infinitive)
ভাষা[21]	language
শেখ[22]	(verb stem) learn
কথা বল[23]	(verbal idiom) speak; talk
বিশেষ করে[24]	particularly
বিশেষ	particular
করে	here করে /kore/ is an adverbial formative; although করে /kore/ is identical in form with the PAP of the verb stem কর /kɔr/, this usage is different and common in Bengali.
বাউল [25]	"Bɛul - a type of mendicant religious singer who wanders from village to village celebrating God in ecstatic songs." (see note 3 in part IV)
গরীব [26]	poor

সংসার[27]	family; "daily round of existence"
পথে পথে [28]	from street to street; reduplicated form of the locative of পথ /pɔth/, "path or street;" the reduplicated locative form is very frequent in Bengali, has the force of continuing action - "from ... to ..."
ঘোর [29]	(verb stem) wander
বেড়া [30]	(verb stem) roam; walk
একতারা[31]	one stringed instrument (made from a gourd)
গা [32]	body
গেরুয়া (গেরুয়া)[33]	yellow, orange, or red ocher
রং (রঙ)[34]	color
ধুতি [35]	dhoti - garment worn by Indian men
গলা [36]	neck; voice; throat

মালা[37]	garland
কাঁধ[38]	shoulder
ঝুলি[39]	knapsack; basket or bag made of a piece of cloth
টান —[40]	(verb stem) pull; draw; here it means "attract"
খাবার[41]	food
পালংশাক[42]	a type of (leafy) vegetable
শাক	green vegetable
চিংড়ীমাছ[43]	shrimp
পাঁঠার মাংস[44]	goat meat; mutton
পাঁঠা	he-goat; .
মাংস	meat; flesh

(B) It is a general phonological rule in Bengali that the final consonant (grapheme) when preceded by the consonant (grapheme) [ɔŋ], [ṃ], must have the inherent vowel /o/.

Thus: মাংস /maŋśo/

Lesson XIV

The symbol ("ৎ") known as /khɔṇḍottɔ/ ("broken t") indicates dental /t/ without following vowel.

I. Exercise 1.

Read the following in Bengali and translate into English:

বাংলাদেশের পরে বিহার[1]। ছোটনাগপুর[2] বিহারে। ছোটনাগপুর খুব চমৎকার[3] জায়গা[4]। কত পাহাড়[5] — ছোট, বড়। পাহাড়ের ওপর বন। সেই বনে শাল, মহুয়া[6] গাছ। পাহাড়ের তলায়[7] ছোট ছোট গাঁ। গাঁয়ে ছোট বড় কুঁড়ে-ঘর[8]। এগুলো সাঁওতালদের[9] ঘর। সাঁওতালরা হাজার হাজার[10] বছর[11] এখানে বাস করছে[12]। সাঁওতালরা ছোটনাগপুরের আদিবাসী[13]।

সাঁওতালরা গরীব; তবে এরা সহজ, সরল লোক। এরা সৎ[14]। এদের জীবন সরল। এদের অভাব[15], অভিযোগ[16] কম। এদের মুখে সব সময়[17] হাসি[18]। এরা কাজ করে, হাসে, গায়। এরা সহজ সরলভাবে[19] জীবন[20] কাটায়।

শরৎ কালে[21] এদের উৎসব[22]; তখন সকলে নাচে, গায়। ছেলে, মেয়ে, বুড়ো[23], বুড়ি সকলে আমোদ করে[24] এই

এদের জীবন ।

II. Vocabulary and notes:

বিহার[1]	Bihar State in N.E. India
ছোটনাগপুর[2]	Chotonagpur - a district in Bihar
চমৎকার[3]	wonderful; "very nice"
জায়গা[4]	place
পাহাড়[5]	hill; mountain
মহুয়া (মহুয়া)[6]	'Mohua' - a kind of tree, from which intoxicating liquor is produced
তলা[7]	bottom; base
কুঁড়ে-ঘর[8]	hut; small cottage
কুঁড়ে	(noun) hut; small cottage
কুঁড়ে	(adjective) lazy; idle
সাঁওতাল[9]	'Santal' - a tribe living mostly in Chotonagpur area
হাজার হাজার[10]	thousands and thousands (distributive)
বছর / বৎসর[11]	year
বাস কর[12]	(verb stem) dwell; live

আদিবাসী[13]	original dweller; aboriginal
সৎ[14]	honest
অভাব[15]	wants
অভিযোগ[16]	complaints
সব সময়[17]	always; all the time
হাসি[18]	(noun) smile; laugh
হাস —	(verb stem) smile; laugh
সরল ভাবে[19]	simply; here ভাবে /bhabe/ is used as an adverbial suffix
জীবন[20]	life
শরৎ কাল[21]	autumn (season)
উৎসব[22]	celebration; festival
বুড়ো[23]	old man
আমোদ কর[24]—	(verb stem) enjoy; make fun

Lesson XV

I. Exercise 1:

Read the following in Bengali and translate into English:

আপনারা আসল বাংলাদেশকে দেখতে চান কি ?

যদি[1] আপনারা বলেন, " আমরা আসল বাংলাদেশকে দেখতে চাই , " তা হলে আমি বলবো , " আপনারা আগে বাংলার গাঁয়ে যান । গাঁয়ের পথে পথে ঘুরুন । সেখানে আপনারা দেখবেন , সারি সারি[2] গাছ — আম , জাম , কলা[3] । ছোট ছোট কুঁড়ে – ঘর , বাঁশ[4] ঝাড়[5], ছোট ডোবা[6] আর পুকুর[7] । আঁকা বাঁকা[8] পথ , সবুজ মাঠ , নীল আকাশ আর সাদা হালকা মেঘ । নদীর তীরে কাশ[9]বন আর সাদা কাশ ফুল। নদীতে ডিঙি[10] আর নৌকো । সবুজ মাঠে সাদা কালো গরু । গাছে সবুজ পাতা আর পাখী । জলে মাছ । এই আসল বাংলার ছবি । এই আসল বাংলাদেশ ।"

যদি আপনারা বলেন , " আমরা আসল বাংলাদেশকে জানতে চাই, " তা হলে আমি বলবো , "আপনারা আগে বাংলা ভাষা

শিখুন । বাংলার বিষয় পড়ুন । বাংলাদেশে যান । ওই সৎ ও সরল বাংলার মানুষকে[11] জানুন । বাংলার উৎসব দেখুন । আর বাংলার গান শুনুন ।

যে দিন আপনারা বাংলার মানুষকে জানবেন , যে দিন আপনাদের বাংলার গাঁকে ভাল লাগবে , সেই দিন আপনারা বাংলাদেশকে চিনবেন ,. আপনারা বাংলাদেশকে জানবেন ।"

II. Vocabulary and Notes.

যদি[1]	if
সারি সারি[2]	reduplication of the noun stem সারি /śari/ "row"; here the significance of reduplication is distributive, "rows on rows".
কলা[3]	banana
বাঁশ[4]	bamboo
ঝাড়[5]	bush; shrub
ডোবা[6]	small pool; puddle of water
পুকুর[7]	pond

আঁকা বাঁকা[8]	winding; zig zag
কাশ[9]	kaś - a kind of long wild grass
ডিঙি[10]	ḋinghy
মানুষ[11]	"people"; man; mankind

Part II

Introduction to Conjunct Consonants

0.0. A common difficulty for students learning to read Bengali lies in the so-called conjunct consonant (juktakkhor) symbols, and the discrepancies of these conjuncts with Bengali phonology. Although there is currently a trend toward the simplification of Bengali orthography in the reduction of the number of conjunct symbols, in some modern texts and in all older ones, the conjuncts still pose a problem. Some conjuncts you will be able to recognize immediately from the shape of their component parts, others will have to be added to the list of characters to be learned. Conjunct consonant symbols represent two or more consonants in cluster. There are a few general statements which can be made about their pronunciation:

0.0.1. A doubled or geminate stop is pronounced as a long stop, i.e., the breath is held behind the stop for a doubled period of time before being released.

0.0.2. A conjunct in final orthographic position always is pronounced with the vowel /o/ after it, except in loan-words:

	উচ্চ	/ucco/	high
	জন্ম	/jɔnmo/	birth
but:	হ্ল্যাণ্ড	/hɔland/	Holland

0.0.3. If a conjunct consonant (phonologically a consonant cluster) occurs in a word not in final position, word-final /ɔ/ will not be pronounced.

ক্লাশ	/claś/	class

0.0.4. There are no three-member consonant clusters in Bengali, except where the final member of a three-member cluster is র /rɔ/. Thus, even though orthographically three-member conjuncts are possible, they are pronounced as two-member clusters:

	উজ্জ্বল	/ujjɔl/	bright
but:	স্ত্রী	/stri/	wife

0.0.5. When ম (/mɔ/) occurs as the second element of a conjunct, it has the phonological effect of doubling the preceding consonant and nasalizing the following vowel or the initial vowel:

আত্মা	/attã/, or /ãtta/	soul „

0.0.5.1. However, there are some exceptions where the vowel is not nasalized:

পদ্ম	/pɔddo/	lotus
লক্ষ্মী	/lokkhi/	name of goddess of wealth
শ্মশান	/śɔśan/	cremation ground

0.0.5.2. The exceptions to this rule (0.0.5.) are in conjuncts with গ /gɔ/, ন /nɔ/, and ল /lɔ/ and শ /śɔ/ when medial; in these cases ম is pronounced as a full bilabial nasal:

বাগ্মী	/bagmi/	orator
জন্ম	/jɔnmo/	birth
বাল্মীকি	/balmiki/	name of Hindu sage, traditional author of the epic of Ramayana
কাশ্মীর	/kaśmir/	Kashmir

0.0.6. When ব /bɔ/ occurs in conjunct with the initial consonant of a word, it has no phonological value. When it occurs with consonants other than initial, as the second element of the conjunct, it doubles the preceding consonants:

স্বামী	/śami/	husband
সরস্বতী	/śɔrośśoti/	goddess of learning and art

0.0.6.1. The exception to this rule is when ব occurs in conjunct with bilabial nasal. In such cases, it has its full value of a bilabial stop.

কম্বল	/kɔmbol/	blanket

0.0.7. When য /jɔ/ occurs as the second member of a conjunct, it has the form ([্য]) (jɔphola). When a conjunct consonant with [্য] occurs initially in a word, or within a word and followed by [া] /a/, the following vowel has the value /æ/:

ব্যয়	/bæe/	expenditure
ব্যাটবল	/bæṭ bɔl/	bat and ball

0.0.7.1. When medial in a word, [" ্য "] as the second member of a conjunct doubles the first member of the conjunct:

বিদ্যা	/bidda/	learning

Thus, when a word has the orthographic shape CCyɔ or C(V)Cyɔ followed by a vowel, it has the phonological shape CoCCo or CoCCV:

জন্য	/jonno/	for
কন্যা	/konna/	daughter
মধ্যে	/moddhe/	within

0.0.7.2. When [" ্য "], as the second member of a conjunct, is final in a word, it doubles the preceding consonant; like all final consonant clusters, the resulting cluster is followed by the vowel /o/:

সাহিত্য	/śahitto/	literature

0.0.7.3. The exception to this rule is when ["্য"] occurs in conjunction with the consonant symbol হ /hɔ/.["্য"] in this case is pronounced as /jɔ/, is doubled, and is pronounced as the first member of the cluster.

সহ্য	/śojjho/	tolerate

0.0.7.4. When ["্য"] occurs as the third element of a conjunct, it has no phonological value:

সূর্য্য	/śurjo/	sun
জৈষ্ঠ্য	/joiśṭho/	2nd month of the Bengali calendar

0.0.7.4.1. Where ["্য"] in conjuncts has no phonological value, the recent tendency has been to drop out the ["্য"] and simplify the spelling:

সূর্য	/śurjo/	sun

0.0.8. র /rɔ/. The symbol র, when used with a consonant, has the form [ৃ], which is written below the consonant:

কৃষক	/kriśɔk/	peasant

0.0.8.1. As the first member of a conjunct, র has the form [´] (called /reph/), which is placed above the consonant with which র clusters:

বর্ষা	/bɔrśa/	rain

0.0.8.2. As the second member of a conjunct, র has the form [্র] (called /rɔphola/), which is placed below the consonant with which র clusters:

শ্রমিক	/sromik/	laborer

0.0.8.2.1. As the second element of a conjunct, [্র] doubles the preceding consonant:

পুত্র	/puttro/	son

0.0.8.2.2. As the third element of a conjunct, [্র] has no effect upon the other elements:

স্ত্রী	/stri/	wife

0.0.9. When ল /lɔ/ occurs as the second element of a conjunct, the first element of that conjunct becomes doubled if preceded by a vowel:

অক্লান্ত	/ɔkklanto/	tireless

0.0.10. When স /sɔ/ occurs as the first element of a conjunct with a dental consonant (ত /tɔ/, থ /thɔ/, ন/nɔ/, র /rɔ/), it is pronounced as a dental sibilant ([s]):

সস্তা	/śɔsta/	cheap
স্থান	/sthan/	place
স্নান	/snan/	bath
স্রোত	/srot/	current

0.0.11. When থ /thɔ/ occurs as the second element of a conjunct with স /sɔ/, it has the shape হ /hɔ/:

স্থান	/sthan/	place
স্বাস্থ্য	/śastho/	health

0.0.12. The symbol ঃ(bisɔrgo) originally indicated strong aspiration. In modern Bengali, the symbol indicates strong aspiration only after a monosyllable:

বাঃ	/bah/	surprising!

When the symbol occurs in polysyllabics, it doubles the consonant which follows it:

দুঃখ	/dukkho/	sorrow
পুনঃ পুনঃ	/punoppuno/	again and again

In final position of a polysyllabic word, it has no phonological value:

সাধারণতঃ	/śadharɔnoto/	usually

0.0.13. Conjunct consonants:-

ক:

ক ঋ (ৃ) কৃ
kɔ + ri ⟶ kri



কৃষক
krişɔkɔ(0) =
kriśok (P) peasant

ক ক ক্ক
kɔ + kɔ ⟶ kkɔ



মক্কা
mɔkka(0) =
mɔkka(P) mecca

ক ত ক্ত
kɔ + tɔ ⟶ ktɔ



ভক্ত
bhɔktɔ(0) =
bhɔkto(P) devout; devotee

ক য (্য) ক্য
kɔ + jɔ (= ya = æ)→kæ



ক্যাপ
kyɔapɔ(0) =
kæp(P) cap

ক ল ক্ল
kɔ + lɔ ⟶ klɔ



ক্লাশ
klaśɔ(0) =
klaś(P) class

Note: 0 = orthography
P = phonology

ক র
kɔ + rɔ → ক্র krɔ



ক্রমে
krɔme(O) = krome(P) gradually

ক ষ
kɔ + ṣɔ → ক্ষ kṣɔ=kkhɔ
also,
kṣɔ=khɔ



অক্ষর
ɔkṣɔrɔ(O) = okkhor(P) word; syllable

ক্ষত
kṣɔtɔ(O) = khɔto(P) wound

ক ষ ম
kɔ + ṣɔ + mɔ → ক্ষ্ম kṣmɔ=kkhɔ



লক্ষ্মী
lɔkṣmi(O) = lokkhi(P) fortune; wealth; good-natured

গ :

গ ধ
gɔ + dhɔ → গ্ধ gdhɔ



মুগ্ধ
mugdhɔ(O) = mugdho(P) charm; fascinated

গ + র → গ্র
gɔ + rɔ → grɔ



গ্রাম

gramɔ(O) = gram(P) village

ঙ :

ঙ + ক → ঙ্ক
ŋɔ + kɔ → ŋkɔ



অঙ্ক (অংক)

ɔŋkɔ(O) = ɔŋko(P) mathematics; scene

ঙ + খ → ঙ্খ
ŋɔ + khɔ → ŋkhɔ



শঙ্খ (শংখ)

śɔŋkhɔ(O) = śɔŋkho(P) conch shell

ঙ + গ → ঙ্গ
ŋɔ + gɔ → ŋgɔ



মঙ্গল (মংগল) বার

mɔŋgɔlɔbarɔ(O) = mɔŋgolbar(P) Tuesday

চ :

চ + চ → চ্চ
cɔ + cɔ → ccɔ



উচ্চ

uccɔ(O) = ucco(P) high

চ ছ চ্ছ
cɔ + chɔ → cchɔ



যাচ্ছ
jacchɔ(0) =
jaccho(P) (you) going

জ

জ জ জ্জ
jɔ + jɔ → jjɔ



লজ্জা
lɔjja(0) =
lɔjja(P) shame

জ ব জ্ব
jɔ + bɔ(wɔ)→jbɔ=jwɔ=jjɔ
also, jwɔ=jɔ
in initial
position.



জ্বর
jwɔrɔ(0) =
jɔr(P) fever

জ ঞ জ্ঞ
jɔ + ñɔ → jñɔ=ggɔ̃
also, jñɔ=gɔ̃
as initial
consonant



বিজ্ঞ
bijñɔ(0) =
biggɔ̃(P) wise

জ্ঞান
jñanɔ(0) =
gæ̃n(P) knowledge

ঞ :

ঞ + চ → ঞ্চ
ñɔ + cɔ → ñcɔ
(ঞ্চ)



অঞ্চল
ɔñcɔlɔ(O) =
ɔñcol(P)
border of a woman's cloth; area; regision

ঞ + ছ → ঞ্ছ
ñɔ + chɔ → ñchɔ



লাঞ্ছনা
lañchɔna(O) =
lañchona(P)
harassment; humiliation

ঞ + জ → ঞ্জ
ñɔ + jɔ → ñjɔ



গঞ্জনা
gɔñjɔna(O) =
gɔñjona(P)
abuse; blame

ঞ + ঝ → ঞ্ঝ
ñɔ + jhɔ → ñjhɔ



ঝঞ্ঝাট
jhɔñjhaṭɔ(O) =
jhɔñjhaṭ(P)
trouble; botheration

ট :

ট ট ট্ট, ট্ট, টট
ṭɔ + ṭɔ → ṭṭɔ



ঠাট্টা , ঠাট্টা , ঠাটটা –
ṭhaṭṭa(O) =
ṭnaṭṭa(P) joke

ণ :

ণ ট ণ্ট
ṇɔ + ṭɔ → ṇṭɔ



ঘণ্টা
ghɔṇṭa(O) =
ghɔnṭa(P) bell; hour

ণ ঠ ণ্ঠ
ṇɔ + ṭhɔ → ṇṭhɔ



কুণ্ঠা
kuṇṭha(O) =
kunṭha(P) hesitation

ণ ড ণ্ড (ণ্ড)
ṇɔ + ḍɔ → ṇḍɔ



ঠাণ্ডা
thaṇḍa(O) =
ṭhanḍa(P) cold

ত :

ত + ত → ত্ত*
tɔ + tɔ → ttɔ



উত্তর
uttɔrɔ(O) =
uttor(P)
north; answer

ত + থ → ত্থ
tɔ + thɔ → tthɔ



অশ্বত্থ
ɔśwɔtthɔ(O) =
ɔśśottho,
ɔśśotto(P)
peepul (tree)

ত + র → ত্র
tɔ + rɔ → trɔ=ttrɔ



ছাত্র
chatrɔ(O) =
chattro(P)
student

ত + ম → ত্ম
tɔ + mɔ → tmɔ=ttɔ̃



আত্মীয়
atmīyɔ(O) =
attīo,
ãttio(P)
relative

দ :

দ + উ → দু
dɔ + u → du

(দু)



দুই
dui(O) =
dui(P)
two

---

* as a second element of a conjunct consonant ্ত is [tu]

দ + দ → দ্দ
dɔ + dɔ → ddɔ



পিদ্দিম piddimɔ(O) = piddim(P)	lamp

দ + ব → দ্ব
dɔ + bɔ(=wa) → dbɔ=dwa=ddɔ



বিদ্বান bidwanɔ(O) = biddan(P)	educated
দ্বিতীয় dwitīyɔ(O) = ditio(P)	second

দ + ধ → দ্ধ
dɔ + dhɔ → ddhɔ



বুদ্ধি buddhi(O) = buddhi(P)	intelligence

দ য ্য দ্য (দ্য)
dɔ + jɔ = yɔ → ddɔ



বিদ্যা bidya(O) bidda(P)	education; learning

দ + র → দ্র
dɔ + rɔ → drɔ=ddrɔ



ভদ্র bhɔdrɔ(O) bhɔddro(P)	gentle; polite

দ র উ(ু) দ্রু
dɔ + rɔ + u $\xrightarrow{(ু)}$ dru=ddru



দ্রুত
drutɔ(O) =
druto(P)

quick; fast

দ র ঊ(ূ) দ্রূ
dɔ + rɔ + ū $\xrightarrow{(ূ)}$ drū=ddru



বিদ্রূপ
bidrūpɔ(O) =
biddrup(P)

ridicule; joke

ধ :

ধ ব ধ্ব
dhɔ + bɔ(=wɔ) → dhwɔ=ddhɔ



ধ্বনি
dhwani(O) =
dhoni(P)

sound

ন :

ন ন ন্ন
nɔ + nɔ ⟶ nnɔ



রান্না
ranna(O) =
ranna(P)

cooking

ন ত ন্ত
nɔ + tɔ ⟶ ntɔ



বসন্ত
bɔsontɔ(O) =
bɔśonto(P)

spring; small-pox

ন + য (্য) → ন্য (ন্য)
nɔ + jɔ(=yɔ) → nyɔ = nnɔ



বন্যা
bɔnya(O) =
bonna(P)
flood

ন + ম → ন্ম
nɔ + mɔ → nmɔ



জন্ম
jɔnmɔ(O) =
jɔnmo(P)
birth

ন + থ → ন্থ
nɔ + thɔ → nthɔ



পান্থ
panhɔ(O) =
pantho(P)
traveller; passer-by

$\boxed{ম}$:

ম + ম → ম্ম
mɔ + mɔ → mmɔ



সম্মতি
śɔmmɔti(O) =
śɔmmoti(P)
consent

ম + প → ম্প
mɔ + pɔ → mpɔ



ভূমিকম্প
bhūmikɔmpɔ(O) =
bhumikɔmpo(P)
earthquake

ম ভ ম্ভ
mɔ + bhɔ ⟶ mbhɔ



আরম্ভ
arɔmbhɔ(O) =
arɔmbho(P),
arombho(P)

beginning

র :

র ম র্ম
rɔ + mɔ ⟶ rmɔ



ধর্ম
dhɔrmɔ(O) =
dhɔrmo(P)

religion; faith

ল :

ল ট ল্ট
lɔ + ṭɔ ⟶ lṭɔ



উল্টা
ulṭo(O) =
ulṭo(P)

opposite

ষ :

ষ + ক ⟶ ষ্ক
ṣɔ + kɔ ⟶ ṣkɔ



পরিষ্কার pɔriṣkarɔ(0) = pɔriśkar (P)	clear; clean

ষ + ঞ —— ষ্ঞ
ṣɔ + ṉ̃ɔ —— ṣñɔ



কৃষ্ণ kriṣñɔ(0) = kriśno(P)	Hindu god - 'Krishna'

ষ + ট —— ষ্ট (ষ্ট)
ṣɔ + ṭɔ —— ṣṭɔ



কষ্ট kɔṣṭɔ(0) = kɔśṭo (P)	pain

ষ + ম —— ষ্ম
ṣɔ + mɔ —— ṣmɔ = śśɔ



গ্রীষ্ম griṣmɔ(0) griśśo(P)	summer

স :

স + ত —— স্ত (স্ত)
sɔ + tɔ —— stɔ



সস্তা sɔsta(0) = śɔsta(P)	cheap

স ত র
sɔ + tɔ + rɔ → স্ত্র (স্ত্র)
strɔ



স্ত্রী
strī(O) =
stri(P) wife

স থ
sɔ + thɔ → স্থ (স্থ)
sthɔ



স্থান
shanɔ(O) =
sthan(P) place

হ :

হ ঋ
hɔ + ri → হৃ (হৃ)
hri



হৃদয়
hridɔyɔ(O) =
hridɔe(P) heart

হ ব
hɔ + bɔ(wɔ) → হ্ব
hwɔ, or
hbɔ=bhɔ



আহ্বান
ahwanɔ(O)
or
ahbanɔ(O) =
abhan(P)
or
ahoban(P) call

হ ম
hɔ + mɔ ⟶ হ্ম hmɔ=mmhɔ or mmɔ



ব্রাহ্মণ

brahmɔṇɔ(0) = brammon(P), brammhon(P)	bramhin

হ য (্য)
hɔ + jɔ = yɔ ⟶ হ্য hjɔ, hyɔ= jjhɔ



সহ্য

sɔhjɔ(0) or sɔhyɔ(0) = śojjho(P)	toleration

হ ণ
hɔ + ṇɔ ⟶ হ্ণ hṇɔ = হ্ন ṅnɔ



চিহ্ন

cihṇɔ(0) = cinṅo(P)	sign; trace

0.0.13.1. Take particular note of the following pairs of symbols:

এ e	ত্র trɔ	গ্ব gbɔ=ggɔ	গ্ধ gdhɔ
ও o	ত্ত ttɔ	হু hu	ত্থ tthɔ
ক্রু kru	ত্রু (ত্রু) tru	গু gu	ঙ্গ ŋḍɔ
ক্ষ kkhɔ	হ্ম mmhɔ	ন্ম nmɔ	ম্ম mmɔ

0.0.13.2. Take note that:

(i) হ্ন is hṇɔ (হ্ণ) and not hu (which is হু)

(ii) গ্ধ is gdhɔ (গ্ধ) and not gbu (which is গ্বু)

(iii) ক্ত is ktɔ (ক্ত) and not ttu (which is ত্তু)

0.0.13.3. Pay particular attention to the pronunciations of the following conjuncts:

ক্ষ	(kkhɔ; or khɔ*)	দ্ব	(ddɔ; or dɔ*)
হ্ম	(mmo; or mmho)	ন্য	(nnɔ; or næ*)
জ্ঞ	(ggɔ̃; or gɔ̃*)	ধ্ব	(ddhɔ; or dhɔ*)
ত্র	(ttrɔ; or trɔ*)	হ্ব	(bhɔ; or hbɔ)
ষ্ম	(śśɔ)	হ্ন	(nnɔ)
দ্র	(ddrɔ; or drɔ*)	হ্য	(jjhɔ; or hæ*)

* as initial conjunct consonant

0.0.13.4. Practice reading the following words:

ভক্ত , ক্রমে , অক্ষর , ক্ষতি , দগ্ধ ,

অঙ্কন , বিজ্ঞান , জ্ঞানী , স্বীকার , জ্বলে ,

যাচ্ছ , দ্বিগুণ , মিষ্টি , ত্যাগ , সহ্য ,

ধ্বনি , জিহ্বা , গ্রীষ্ম , ব্রহ্মা , বিদ্বান ,

চিহ্ন , আত্মা , দক্ষিণ , উত্তর , কাণ্ড ,

মন্টু , কুন্ঠা , গর্ব , স্রোত , শান্তি ,

কষ্ট , সম্মান , ঝঞ্ঝাট , অঞ্জলি , ঠাট্টা ,

ঘণ্টা , অঙ্কুল , শক্ত , অশ্বত্থ , লক্ষণ ,

বঙ্কিম , ক্লাশ , ভদ্রলোক , স্বাস্থ্য , শিল্পী ,

রাত্রে , দিল্লী , আগ্রা , স্থান , পশ্চিম ,

লম্বা , স্কুল , চপ্পল , সঙ্গে , অঙ্ক ,

বঙ্গ , কীর্তন , অন্য , দুর্গা , আরম্ভ ,

মন্ত্রী ।

Lesson XVI

I. Read the following story in Bengali and translate into English:

মন

আষাঢ়[1] মাসের বর্ষা ।

বাইরে[2] যাবার উপায়[3] নেই, কারণ[4] এক হাঁটু জল । রোজ বাইরে যাওয়া আমার অভ্যাস[5] । এখন কি করে বাইরে যাই ? ঘরে বসেই বা[6] কি করি ? টেবিলের[7] ওপর খবরের কাগজটা ছিল । অগত্যা[8] খবরের কাগজটা নিয়ে পড়তে শুরু করলুম[9] । কাগজে দেখলুম —

উড়িষ্যার[10] বন্যা[11] । উড়িষ্যাকে সাহায্য[12] দেবার জন্য[13] নেতাদের[14] আবেদন[15] । ভারতে ভাষা সমস্যা[16] । বাংলার বিখ্যাত[17] নেতাদের অভিযোগ । আদিবাসীদের অন্যায়[18] দাবী[19] । চীনে[20] খাদ্য[21] সমস্যা । মধ্য ভারতে[22] গোলমাল[23] । দুই দলের মধ্যে[24] লড়াই[25], ... ইত্যাদি[26] ।

কোন খবরই ভাল নয় । এর ওপর বাইরে বর্ষা, তাই ভাল লাগলো না । কাগজটা রেখে[27] জান্লার[28] কাছে[29]

এসে দাঁড়ালুম । আকাশে ঘন কালো মেঘ । বাইরে হাওয়া[30] জোরে[31] বইছে[32] । কেন জানি না হঠাৎ[33] ভয়[34] হলো । মনে হলো হয়তো কিছু ঘটবে[35] ।

সামনের[36] মাঠে এক দল ছেলে । দেখলুম যে আমার ছোট ছেলেও ওই দলের মধ্যে । তাকে জোরে ডাকলুম[37] । সে আমার ডাক শুনতে পেলো না । সামনের বাড়ীর কুকুরটা[38] আমার ডাক শুনে ঘেউ ঘেউ করে উঠলো[39] । হয়তো আমার ডাক তার সহ্য[40] হলো না । চেয়ারের[41] ওপর বেড়ালটা[42] বসেছিলো । সেও ম্যাও ম্যাও করে[43] অন্য[44] ঘরে পালালো[45] । কি আর[46] করি ; আবার ফিরে এসে চেয়ারে বসলুম । টেবিল থেকে একটা বই নিলুম । বইটি নীরস[47] — বাংলা সাহিত্যের[48] আলোচনার[49] বিষয় — বাংলা সাহিত্যে গদ্য[50] ও পদ্য[51] । আমার এমন নীরস বই ভাল লাগলো না । তাই আবার একটা অন্য বই নিলুম । বইটি 'সভ্য[52] ও অসভ্য[53] জাতির[54] ইতিহাস'[55] । বইটি খুলে বসলুম । ভাবলুম বইটি হয়তো সরস[56] হতে পারে । যা হোক[57], আমাদের আদ্যনাথবাবু[58] বইটি লিখেছেন । তিনি নামকরা[59] লেখক । দেখলুম, আদ্যনাথবাবু বেশ ভালই[60] লেখেন ।

তাঁর লেখা বেশ সরস । তাই আমার বইটা বেশ ভালই লাগলো । তবে তিনি এক জায়গায় লিখেছেন যে আদিবাসীরা অসভ্য ; সাঁওতালরা অসভ্য জাতি , ... ইত্যাদি । আমি একটু অবাক[61] হলুম । আমি বুঝতে[62] পারলুম না যে তিনি কি করে এমন[63] কথা লিখতে পারেন ! হঠাৎ দেখলুম যে তিনি এই অংশটি[64] 'সভ্যতার[65] ইতিহাস' বই থেকে লিখেছেন ।

দেখেই আমার মনটা খুব খারাপ হয়ে গেলো[66]। হঠাৎ নিজের ওপর[67] খুব রাগ[68] হলো । কারণ এই বইটি , এই 'সভ্যতার ইতিহাস' আমি নিজে লিখেছিলুম । দশ বছর আগে যা লিখেছিলুম তা ভুল । তখন আমি যা ভেবেছিলুম তাও ঠিক নয় । নিজের ওপর বড় রাগ হলো । একবার[69] ইচ্ছে[70] হলো বইটা ফেলে দিই[71]। কি আর করি ; আবার বারান্দায়[72] এসে দাঁড়ালুম । তবে একটু পরে যা দেখলুম তা দেখে আমি একটু অবাক হলুম । আমার ছোট মেয়ে একটা কাঁচি দিয়ে[73] বইটা কাটছে । আর পাতাগুলোর ওপর ছবি আঁকছে । তার এই দুঃসাহস[74] দেখে আমার রাগ হলো না ।

আমার কোন দুঃখও[75] হলো না। বরং[76] আমি একটু খুশীই হলুম।

এখন আকাশে কালো মেঘ নেই। বাইরে রোদ[77] উঠেছে।

II. Vocabulary and notes:

আষাঢ়[1]	Third month of the Bengali calendar (june-July)
বাইরে[2]	outside
উপায়[3]	way; means
কারণ[4]	because
অভ্যাস[5]	habit; practice
বসেই বা[6]	or (just) sitting
টেবিল[7]	table (loan word)
অগত্যা[8]	having no other choice; having no other course left open
শুরু কর[9] —	(verb stem) begin; start

উড়িষ্যা[10]	Orissa--an Eastern state in India
বন্যা[11]	flood
সাহায্য[12]	help
জন্য / জন্যে[13]	for (post-position)
নেতা[14]	leader
আবেদন[15]	appeal
সমস্যা[16]	problem
বিখ্যাত[17]	famous
অন্যায়[18]	"unjust"; injustice; unlawful
অ –	negative prefix: not, without, etc.
ন্যায়	justice; truth; dialectics
দাবী[19]	demand
চীন[20]	China
খাদ্য[21]	food
মধ্য ভারত[22]	Central India
মধ্য	center; middle
ভারত / ভারতবর্ষ	India
গোলমাল[23]	disturbance; trouble; noise

মধ্যে[24]	between; among; within (lexical treatment depends on context).
লড়াই[25]	fighting
ইত্যাদি[26]	*et cetera* (etc.); and so on; and so forth
রাখ —[27]	(verb stem) keep; put; lay down
জানলা[28]	window
কাছে[29]	near; neighbourhood
হাওয়া[30]	wind
জোরে[31]	strongly; forcibly; by force
ব —[32]	(verb stem) blow; flow
হঠাৎ[33]	suddenly; accidentally; unexpectedly
ভয়[34]	fear
ঘট —[35]	(verb stem) happen
সামনে[36]	"front"; before (not postposition here).
জোরে ডাক —[37]	(verbal idiom) call loudly

ডাক —	(verb stem) call (noun stem) mail
কুকুর [38]	dog
ঘেউ ঘেউ করে উঠলো[39]	started barking
ঘেউ ঘেউ	barking of dogs
সহ্য [40]	toleration; withstanding
চেয়ার [41]	chair (loan word)
বেড়াল [42]	cat
ম্যাও ম্যাও কর — [43]	(verb stem) mew
অন্য [44]	another; other; different
পালা — [45]	(verb stem) flee; run away
কি আর [46]	what else
নীরস [47]	unattractive; uninteresting
নির / নিঃ	negative prefix: means "not", "without"
রস	wit; humor; juice
সাহিত্য [48]	literature
আলোচনা [49]	discussion
গদ্য [50]	prose
পদ্য [51]	poetry

সভ্য[52]	civilized
অসভ্য[53]	uncivilized
জাতি[54]	tribe; caste; nation
ইতিহাস[55]	history
সরস[56]	attractive; humorous
স —	prefix: means "with"
যা হোক[57]	after all; anyhow (lit. meaning: that be)
আদ্যনাথ[58] (আদ্য নাথ)	a name
নামকরা[59]	well-known (lit. meaning: name making)
বেশ ভালই[60]	"quite well" (emphatic); quite good.
বেশ	quite; quite good
ভাল	good
অবাক[61]	dumbfounded; speechless; surprise (lit. meaning: without speach or word)
বাক	speech; word
বোঝ —[62]	(verb stem) understand
এমন[63]	such
অংশ[64]	part

সভ্যতা 65	civilization; 'ta'--a noun-forming suffix.
মন খুব খারাপ হয়ে যা — 66	(verbal idiom) feel very bad; হয়ে যা indicates a sort of completive action; "finish"
খারাপ	bad
নিজের ওপর 67	on me
নিজে	oneself; by one's self; personally
রাগ 68	anger; rage
একবার 69	once
ইচ্ছে 70	desire; wish
ফেলে দে — 71	(verb stem) throw away
ফেল —	(verb stem) throw
দে —	(verb stem) give
বারান্দা 72	verandah; porch
কাঁচি দিয়ে 73	by means of scissor
দিয়ে	by means of; through; along; although দিয়ে /die/ is identical in form with the PAP of the verb দেওয়া /deoa/, the use is quite different and very common.

দুঃসাহস 74	courage; boldness
দুঃখ 75	sorrow; misery; trouble; distress
বরং 76	rather; preferably; better
রোদ 77	sun; sunlight

Lesson XVII

I. Read the following in Bengali and translate into English:

– সেকাল[1] ও একাল[2] –

ষাট[3] বছর আগের কথা বলছি । তখন বাংলাদেশে জীবন বেশ সরল ছিল । লোকে সুখে[4] জীবন কাটাতো । লোকের অভাব, অভিযোগ কম ছিল । খাদ্যের অভাব ছিল না । বস্ত্রের[5] অভাব ছিল না । লোকে দু[6]-আনায়[7] ছ[8]-সের[9] চাল[10] কিনতে পারতো ; এক টাকায় একটা ভাল কাপড়[11] পেতো । অন্য জিনিষপত্রের[12] দামও[13] খুব সস্তা[14] ছিল ।

লোকের হাতে তখন প্রচুর[15] টাকা পয়সা[16] ছিল না । তবে লোকের হাতে প্রচুর সময় ছিল । কাজ করার সময় ছিল । আর বিশ্রামের[17] সময়ও ছিল । লোকের জীবনে এত সমস্যা ছিল না । লোকের মনে সুখ ছিল, শান্তি[18] ছিল । আর মুখে হাসি ছিল ।

ভ্রমণের[19] এত সুবিধা[20] ছিল না । তবে লোকে অন্য উপায়ে আনন্দ[21] পেতো । সেই জন্যে ভ্রমণের এত দরকারও

ছিল না। দেশে প্রায় সময়ই[22] অসুখ – বিসুখ[23] ছিল না।

আমার মনে আছে[24] — আমি তখন পূর্ব – বাংলার[25] গ্রামে[26] থাকতাম। আমাদের বাড়ীর সামনে বারান্দা ছিল। গ্রামের বৃদ্ধ[27] ভদ্রলোকেরা[28] প্রায়ই আমাদের বাড়ীতে আসতেন। বারান্দায় বসে বৃদ্ধ ভদ্রলোকেরা গল্প করতেন[29]। তাঁরা বলতেন প্রাচীনকাল[30] কত ভাল ছিল, আর এখন অবস্থা[31] কত খারাপ! তাঁরা কত গল্প বলতেন! প্রাচীনকালের কথা, রামায়ণ[32] ও মহাভারতের[33] কথা! আমরা সেই সব গল্প শুনে কত আনন্দ পেতাম! তখন এত ইংরেজী বই ছিল না, আর সিনেমাও[34] ছিল না। তবু বেশ আনন্দে দিনগুলো কাটতো।

গ্রামের উত্তর[35] দিকে একটা কালী – মন্দির[36] ছিল। গ্রামের লোকেরা প্রত্যেকদিন[37] সেই মন্দিরে যেতেন। গ্রামের মেয়েরা পূজো দিতেন। প্রত্যেকদিন রাত্রে[38] মা কৃত্তিবাসের[39] রামায়ণ পড়তেন। ইলেক্ট্রিক্[40] আলো[41] তখন ছিল না। মা প্রদীপের[42] আলোতে রামায়ণ পড়তেন। আমরা শুনতাম। আমরা রামায়ণের অর্থ[43] কিছু বুঝতাম, কিছু বুঝতাম না। তবু সেই গল্পের সুর আমাদের ভাল লাগতো।

বাবা বিদ্বান[44] ছিলেন। মাঝে মাঝে[45] আমাদের

ইংরেজী শেখাতেন[46]। আমরা রোজ বারান্দায় বসে পড়তাম। মাঝে মাঝে চেঁচিয়ে[47] ইংরেজী পড়তাম। গ্রামের অন্য ছেলেরা ভাবতো যে আমরাও বিদ্বান। কাকা শিল্পী[48] ছিলেন। তিনি মূর্তি[49] গড়তেন[50], আর ছবি আঁকতেন। আমরাও মাঝে মাঝে মূর্তি গড়তাম আর ছবি আঁকতাম; আর প্রচুর আনন্দ পেতাম।

আমাদের গ্রামের বাড়ীতে দুর্গাপূজো[51] হতো। দুর্গাপূজোর দিনগুলোতে অনেক লোক আমাদের বাড়ীতে আসতো। গ্রামের বৃদ্ধ ভদ্রলোকেরা, যুবক[52], যুবতী[53], ছেলে, মেয়ে, সকলেই আসতো। হিন্দুরা[54] আসতো আর মুসলমানরাও[55] আসতো। কৃষক[56] শ্রমিকরাও[57] এসে ভীড় করতো[58]। তারা ঐ দিনগুলোতে আনন্দ করতো[59], আমোদ করতো[60]।

দুর্গাপূজোর দিনগুলোতে রাত্রিবেলা যাত্রা[61] হতো। কৃষক, শ্রমিক, ভদ্রলোক, সকলেই সেই যাত্রা উপভোগ করতো[62]।

গত ষাট বছরে বাংলাদেশে প্রচুর পরিবর্তন[63] হয়েছে। এই পরিবর্তন হয়তো ভাল, হয়তো খারাপ। ইতিহাস এর উত্তর দেবে। তবে সেই বাংলাদেশ আর নেই[64]।

তার সেই সহজ, সরল জীবনও নেই। দেশে খাদ্যের অভাব, বস্ত্রের অভাব। এখন লোকের প্রচণ্ড সমস্যা। লোকের মুখে সেই হাসিও নেই। আর লোকের মনে তেমন[65] সুখ বা শান্তিও নেই।

II. Vocabulary and notes:

সেকাল[1]	"Past;" that age; (lit. meaning: that time)
একাল[2]	"Present;" this age
ষাট[3]	sixty
সুখ[4]	happiness
বস্ত্র[5]	cloth
দু / দুই[6]	two
আনা[7]	annas (sixteen annas make a rupee)
ছ / ছয়[8]	six
সের[9]	seer, measure of weight 1 seer = 2 lbs. (approximate)
চাল[10]	rice
কাপড়[11]	cloth
জিনিসপত্র[12]	things; পত্র /pottro/ is a qualifying suffix used most frequently, as here, with জিনিস. Its meaning, in so far as it can be assigned a lexical one, is distributive: things of various kinds

দাম[13]	price
সস্তা[14]	cheap
প্রচুর[15]	plenty
টাকা পয়সা[16]	money (lit. meaning: rupees and pennies)
বিশ্রাম[17]	rest
শান্তি[18]	peace
ভ্রমণ[19]	travel
সুবিধা / সুবিধে[20]	convenience; advantage
আনন্দ[21]	enjoyment; pleasure; joy
প্রায় সময়ই[22]	most of the time
প্রায়	often
অসুখ – বিসুখ[23]	"diseases and things like that;" both অসুখ /ɔśukh/ and বিসুখ /biśukh/ have almost the same lit. meaning: "without or devoid of happiness;" this type of "echo-word" formation is frequent in Bengali, the reduplicated portion either has no lexical meaning or acts as an intensive for the first element.
(আমার) মনে আছে[24]	(I) remember
পূর্ব বাংলা[25]	East Bengal (which is now Eastern Pakistan)

পূর্ব (পূর্ব্ব)	east; past
গ্রাম [26]	village
বৃদ্ধ [27]	old
ভদ্রলোক [28]	gentleman; polite way of referring to a person; people of high station in society
ভদ্র	cultivated
গল্প কর্ —[29]	(verb stem) gossip
গল্প	story
প্রাচীন কাল[30]	old days; ancient time
প্রাচীন	ancient
অবস্থা [31]	condition; situation
রামায়ণ[32]	Ramayana (Hindu Epic)
মহাভারত [33]	Mahabharata (Hindu Epic)
সিনেমা [34]	cinema (loan word)
উত্তর [35]	north; answer
কালী – মন্দির [36]	Kali-temple
কালী	Kali - a Hindu goddess (see note 1, part IV)

মন্দির	temple
প্রত্যেক দিন [37]	every day; each and every day
রাত্রে [38]	in the night
রাত্রি	night
কৃত্তিবাস [39]	a medieval poet of Bengal, author of the Bengali edition of epic Ramayana
ইলেক্‌ট্রিক্‌ [40]	electric (loan word)
আলো [41]	light
প্রদীপ / পিদ্দিম [42]	oil lamp
অর্থ [43]	meaning; essence
বিদ্বান (বিদ্‌দান) [44]	learned
মাঝে মাঝে [45]	occasionally
শেখা — [46]	(verb stem) teach (cause to learn)
চেঁচিয়ে [47]	loudly
চেঁচা —	(verb stem) shout

শিল্পী 48	artist
মূর্তি (মূর্ত্তি) 49	idol; figure; image
গড় — 50	(verb stem) build; mould
দুর্গা পুজো 51	worshipping of Goddess Durga (see note 2, part IV)
যুবক 52	young man
যুবতী 53	young woman
হিন্দু 54	Hindu
মুসলমান 55	Moslem
কৃষক 56	peasant; farmer
শ্রমিক 57	laborer
শ্রম	labor
ভীড় করা — 58	(verb stem) form a crowd
ভীড়	crowd
আনন্দ করা — 59	(verb stem) enjoy, have pleasure
আমোদ করা — 60	(verb stem) have fun
যাত্রা 61	(noun stem) opera; open air theatre; starting

যাত্রা কর —	(verb stem) perform an opera or perform an open air entertainment; start
উপভোগ কর —[62]	(verb stem) enjoy (in a sense of consumption); enjoy the taste
পরিবর্তন (পরিবর্ত্তন)[63]	change
আর নেই[64]	no more; any more
তেমন[65]	such; like that; similar to that

Lesson XVIII

I. Read the following in Bengali and translate into English.

– অজানা[1] –

আমি ঠিক করলাম[2] যে ছুটি[3] শুরু হলেই আমি দিল্লীতে[4] যাবো। আমার মা – বাবা ত্রিবেণীতে[5] থাকলেও আমি সাধারণত:[6] দিল্লী ও আগ্রাতে[7] বেড়াতে যাই। গত বছর সারা[8] গ্রীষ্মকালটা[9] আমি দিল্লীতে ছিলাম। গত বছর দিল্লীতে খুব গরম পড়েছিল। সেইজন্যে[10] আমি বেশী বেড়াতে পারি নি। কেবল প্রথম[11] কয়েকদিন[12] এক্কা – গাড়ীতে করে[13] ঘুরেছিলাম। প্রত্যেক বছর আমি বিড়লা – মন্দির[+ 14] দেখতে যাই। কিন্তু গত বছর আমি দিল্লী – ফোর্ট[+, 15] ও জুম্মা – মসজিদ[16] দেখতে গিয়েছিলাম। আমি ভাবছিলাম যে একদিনের জন্যে আগ্রাতে যাবো। কিন্তু আগ্রাতে যাওয়া সম্ভব[17] হলো না। বাড়ী থেকে একটা চিঠি পেলাম যে মার শরীর খারাপ। সেইজন্যে আমার ত্রিবেণীতে ফেরা দরকার। ঠিক করলাম যে রাত্রের ট্রেনটা[18] ধরবো[19]।

রাত্রি আটটায় ট্রেন । রাত্রে মাত্র[20] এই একটি ট্রেন । সাধারণতঃ তৃতীয়[21] শ্রেণীর[22] কামরায়[23] খুব ভীড় । বসবার জায়গা[24] পাওয়াই শক্ত[25]। সেইজন্যে দু ঘন্টা[26] আগে ষ্টেশনে[27] পৌঁছালাম[28]। আধ ঘন্টা[29] পরে ট্রেনটি প্ল্যাটফর্মে[30] এসে দাঁড়ালো[31]। আমি তাড়াতাড়ি[32] ট্রেনে উঠে একটা জায়গা দখল করে[33] বসলাম ।

আমার একটু গরম লাগছিল[34]। তাই জানলার কাছে উঠে আসলাম । জানলাটা খুললাম[35]। ঠিক সেই সময় উল্টো[36] দিকে একটা ট্রেন এসে দাঁড়ালো । হঠাৎ আমার চোখ পড়লো[37] উল্টোদিকের একটা কামরায় । দেখলাম যে একটি মেয়ে জানলার কাছে বসে আছে । আমার মনে হলো যে মেয়েটি বেশ সুন্দরী[38]। মেয়েটিকে অনেক বার দেখলাম । কেন তা জানি না । মেয়েটি সুন্দরী, হয়তো সেই জন্যেই । হঠাৎ দেখলাম যে মেয়েটিও আমার দিকে তাকাচ্ছে[39]। আমি তার দিকে তাকিয়ে একটু হাসলাম । আমার মনে হলো যে মেয়েটি একটু লজ্জা পেলো[40]। কিন্তু দেখলাম যে সেও হাসলো । তারি[41] মিষ্টি[42] হাসি । তাই খুব ভাল লাগলো ।

ঘন্টা বাজলো[43] আর ঠিক সেই সময় আমার ট্রেনটা চলতে শুরু করলো । আমি জানলা দিয়ে[44] মুখ বাড়ালাম;[45] তাকে আর একবার[46] দেখলাম । আবার তার দিকে তাকিয়ে হাসলাম । মেয়েটিও মিষ্টি হাসি হাসলো ।

আমার ট্রেনটা প্ল্যাটফর্ম ছেড়ে গেলো[47] । আমি আমার জায়গায় এসে বসলাম ।

. . . .

কয়েক মাস[48] পরে আমি বর্ধমানে[49] যাচ্ছি । আমার ট্রেনটা শক্তিগড়[50] ষ্টেশনে এসে দাঁড়ালো । আমি উঠে বসলাম[51] আর জানলা দিয়ে মুখ বাড়ালাম । দেখলাম যে প্ল্যাটফর্মের উল্টোদিকে আর একটা[52] ট্রেন এসে দাঁড়ালো । আমার চোখ পড়লো ট্রেনের এক কামরায় । হঠাৎ সেই মেয়েটিকে আবার দেখলাম । মেয়েটিই প্রথমে হাসলো । সেই মিষ্টি হাসি । বুঝলাম যে মেয়েটি আমাকে চিনতে পারলো । আমিও একটু হাসলাম ।

একবার ভাবলাম যে ট্রেন থেকে নেমে[53] তার কাছে যাবো । তার সঙ্গে[54] একটু আলাপ করবো[55] । কিন্তু দেখলাম যে তার ট্রেনটা চলতে শুরু করেছে —— উল্টোদিকে ।

মেয়েটি হঠাৎ জানলার কাছে এসে মুখ বাড়ালো , হাত নাড়লো[56] । সে আমাকে আর একবার দেখলো । আবার মিষ্টি হাসি হাসলো । আমিও হাত নাড়লাম , কিন্তু হাসতে পারলাম না ।

তার ট্রেনটা উল্টো দিকে চলে গেলো । আমি চুপ করে বসে থাকলাম । ভাবতে লাগলাম[57], সে কে ?

II. Vocabulary and notes:

অজানা[1]	unknown
জানা	(verbal noun); knowing; known
ঠিক কর[2]—	(verb stem) decide; fix
ছুটি[3]	vacation
দিল্লী[4]	Delhi
ত্রিবেণী[5]	name of a village in W. Bengal (lit. meaning: three tributaries)
সাধারণতঃ[6]	usually
আগ্রা[7]	Agra
সারা[8]	entire; whole
গ্রীষ্ম কাল[9]	summer time
সেইজন্যে / সেইজন্য[10]	because of that; that is why (lit. meaning: for that)
প্রথম[11]	first
কয়েকদিন[12]	few days
কয়েক	few; some

এক্কা – গাড়ীতে করে[13]	in (by means of) an 'Ekka gaṛi'
এক্কা – গাড়ী	one-horse cart
করে	by means of; although identical in form with the PAP of the verb stem কর – /kɔr/, the usage is quite different and very common.
বিড়লা – মন্দির+[14]	Birla Temple (see note 4, Part IV)
দিল্লী – ফোর্ট+[15]	Delhi fort (see note 5, Part IV)
জুম্মা – মসজিদ[16]	Jumma Mosque
সম্ভব[17]	possible
ট্রেন[18]	train (loan word)
ধর –[19]	(verb stem) catch; hold
মাত্র[20]	only
তৃতীয়[21]	third
শ্রেণী[22]	class
কামরা[23]	compartment
বসবার জায়গা[24]	"sitting accomodation"
শক্ত[25]	difficult; hard; firm
দু ঘণ্টা[26]	two hours
ঘণ্টা	hour; bell

স্টেশন[27]	station (loan word)
পৌঁছা[28]—	(verb stem) reach
আধ ঘণ্টা[29]	half hour
প্ল্যাটফর্ম[30]	platform (loan word)
এসে দাঁড়া[31]—	(verb stem) come and stop; come and stand up
তাড়াতাড়ি[32]	quickly; hurriedly; swiftly
দখল কর[33]—	(verb stem) occupy; capture
গরম লাগ[34]—	(verbal idiom)"feel warm"; (lit. meaning: strike hot)
(আমার)গরম লাগছিল	"(I) was feeling warm"
খোল[35]—	(verb stem) open
উল্টো[36]	opposite
চোখ পড়[37]—	(verbal idiom) notice; observe (lit. meaning: eyes fall)
সুন্দরী[38]	beautiful (feminine)
তাকা[39]—	look; gaze
লজ্জা পা[40]—	(verbal idiom) feel shy
লজ্জা	shyness; shame
ভারি[41]	very

মিষ্টি[42]	sweet
বাজ[43] —	(verb stem) ring; play (instrument)
জানলা দিয়ে[44]	through the window
দিয়ে	through; along; although identical in form with the PAP of the verb দেওয়া /deoa/, the usage is quite different and very common
মুখ বাড়া[45] —	(verbal idiom) "look out" (lit. meaning: stretch face)
বাড়া —	(verb stem) stretch
আর একবার[46]	once more
ছেড়ে যা[47] —	(verb stem) leave; abandon
কয়েক মাস[48]	few months
বর্ধমান[49]	Burdwan - name of a town in W. Bengal about 72 miles N.W. of Calcutta.
শক্তি গড়[50]	Saktigar - name of a village in W. Bengal about 60 miles N.W. of Calcutta (lit. meaning: powerful fort)
শক্তি	power; strength

উঠে বস[51] —	(verb stem) get up and sit; rise up and sit
আর একটা[52]	another
নাম[53] —	(verb stem) get down; descend (noun stem) name
সঙ্গে[54]	with
আলাপ কর[55] —	(verb stem) converse; make acquaintance;
নাড়[56] —	(verb stem) wave; move; (lexical treatment depends on context)
ভাবতে লাগ[57] —	(verbal idiom) begin to think; infinitive + finite লাগ —/lag/ "begin to"

Lesson XIX

I. Read the following in Bengali and translate into English:

মেয়ের মন

ছাত্র[1]: শিপ্রা[2], তুমি কি এখন আমার সঙ্গে মাস্টারের[3] বাড়ীতে যেতে পারবে ?

শিপ্রা : না । আজ বেজায়[4] ঠাণ্ডা[5], তাই ঠিক করেছি যে বাইরে যাবো না ।

ছাত্র : বেশী ঠাণ্ডা কোথায় ? একটা গরম জামা[6] নাও, তা হলে তোমার ঠাণ্ডা লাগবে না ।

শিপ্রা : দেখুন, আমি এখন রবীন্দ্রনাথের[+][7] লেখা প্রাচীন-সাহিত্য[+][8] পড়ছি । তা ছাড়া মা চান না যে আমি আপনার সঙ্গে যাই । মা আপনাকে পছন্দ করেন[9] না ।

ছাত্র : তুমি আমার সঙ্গে এসো । কেবল তোমার মাকে বোলো না । আচ্ছা[10], তোমার মা আমাকে পছন্দ করেন না কেন ? আমি খৃষ্টান[11],

সেই জন্যে কি[12]?

শিপ্রা : না, আমার মা হিন্দু হলেও খৃষ্টানদের অপছন্দ[13] করেন না। আপনার টাকা পয়সা নেই, তাই। তা ছাড়া[14] আপনি কোন চাকরীও[15] করেন না। সেই জন্যে মা আপনাকে পছন্দ করেন না।

প্রভাত : দেখো, তুমি তোমার মাকে বলবে যে আমি ডিগ্রীটা[16] নিলেই একটা চাকরী পাবো। আমি তখন অনেক টাকা উপার্জন করতে[17] পারবো।

শিপ্রা : তা হলে আপনি যখন অনেক টাকা উপার্জন করবেন তখন আমি আপনার সঙ্গে যাবো।

প্রভাত : তখন তুমি আমার সঙ্গে আসবে তা আমি জানি।

শিপ্রা : কিন্তু আজ রাত্রে আমাদের বাড়ীতে এক পণ্ডিত[18] আসছেন। তিনি চণ্ডীদাস[19], কালিদাস[20] ও রবীন্দ্রনাথ সম্বন্ধে[21] আলোচনা করবেন[22]। তাই আমি রবীন্দ্রনাথের লেখা প্রাচীন-সাহিত্য পড়ছি।

প্রভাত : দেখো, মন্টু বললো যে মন্টুদের বাড়ীতে একজন গায়ক[23] আসছেন। তিনি পল্লী-গীতি[24]

গাইবেন । ভদ্রলোকটি একজন নামকরা গায়ক । গত শুক্রবার[25] আমেরিকা থেকে এসেছেন । ভদ্রলোক ভাল বেহালা[26] বাজান[27]। শুনলাম যে তিনি সেতার[28] ও অন্য যন্ত্রও[29] বাজাতে পারেন ।

শিপ্রা : তাই নাকি ? তা হলে আপনি একটু অপেক্ষা করুন[30]। বারান্দায় এই চেয়ারটায় বসুন । আমি এখুনি আসছি ।

প্রভাত : কিন্তু তাড়াতাড়ি এসো । আমি বেশীক্ষণ[31] অপেক্ষা করতে পারবো না ।

শিপ্রা : আপনাকে বেশীক্ষণ অপেক্ষা করতে হবে না । এক মিনিট বসুন । আমি এখুনি তৈরী হয়ে[32] আসছি ।

প্রভাত[1]	a name of a person
শিপ্রা[2]	a name of a girl
মন্টু[3]	name of a boy (a nickname)
বেজায়[4]	terribly; excessively

ঠাণ্ডা 5	cold
গরম জামা 6	woolen garment
জামা	shirt; blouse; any upper garment
রবীন্দ্রনাথ + 7	Rabindranath Tagore, 1861-1941, greatest Bengali poet. (see note 6, Part IV)
প্রাচীন – সাহিত্য + 8	'Pracin-Sahitya' - name of a book written by Rabindranath Tagore (lit. meaning: ancient literature) (see note 7, Part IV)
পছন্দ কর— 9	(verb stem) like
আচ্ছা 10	well; all right; yes
খৃষ্টান 11	Christian (loan word)
সেই জন্যে কি 12	is that the reason? that is why?
অপছন্দ 13	dislike
তা ছাড়া 14	beside that; moreover
চাকরী / চাকুরী 15	job
ডিগ্রী 16	degree (loan word)
উপার্জন কর— 17	(verb stem) earn; acquire
উপার্জন	earning
পণ্ডিত 18	pundit, scholar; learned man

চণ্ডীদাস+ 19	Candidasa - a medieval poet, 14th century A.D. (see note 8, Part IV)
কালিদাস+ 20	Kalidasa - greatest Indian poet and dramatist, 5th century A.D. (see note 9, Part IV)
সম্বন্ধে 21	about; in connection with; in regards to
আলোচনা কর — 22	(verb stem) discuss
আলোচনা	discussion
গায়ক 23	singer
পল্লী – গীতি 24	folk-song
পল্লী	village; neighbourhood
গীতি / গীত	song
শুক্রবার 25	Friday
বেহালা 26	violin
বাজা — 27	(verb stem) play (cause to ring or sound)
সেতার 28	sitar (string instrument)
যন্ত্র 29	instrument
অপেক্ষা কর —	(verb stem) wait
অপেক্ষা	waiting; compared to (post-position)

বেশীক্ষণ[31]	"very long"; much longer
ক্ষণ	morpheme indicating time
তৈরী হ' —[32]	(verb stem) "get ready"; "get dressed"
তৈরী	ready; preparation

Lesson XX

I. Read the following story in Bengali and translate into English:

নিয়তি[1]

আমি শীলাকে বিয়ে করতে[2] চাইলুম ।

মা আপত্তি[3] করলেন ।

আমি বললুম , " মা , তুমি এত আপত্তি করছো কেন ? তুমি তো শীলাকে অনেকদিন থেকেই চেনো । তুমি ভালভাবে[4] জানো যে সে আমার ছেলেবেলার[5] সঙ্গী[6] , তার সঙ্গে আমার কতদিনের পরিচয়[7] । আমরা এক সঙ্গে[8] পড়েছি , গ্রীষ্মের ছুটির সময় আমরা এক সঙ্গে কাটিয়েছি । আমি তাকে সত্যি[9] ভালবাসি[10] , তাকে সত্যিই পছন্দ করি ।"

মা মাথা নেড়ে[11] বললেন , " না , আমি এই বিয়েতে মত দিতে[12] পারবো না । তোমার শীলাকে বিয়ে করা ঠিক[13] হবে না । তুমি শীলাকে বিয়ে করলে ফল[14] ভাল হবে না ।"

আমি অসহায় হয়ে[15] বললুম , " কেন তুমি বলছো যে

ফল ভাল হবে না ? কেন তুমি মত দিচ্ছো না ?"

মা একটু রেগে[16] বললেন, "ভেবেছিলুম যে তুমি ওদের বংশের[17] ইতিহাস জানো । এখন দেখছি যে তুমি তাও জানো না ।"

আমি একটু অবাক হয়ে বললুম, "কেন ? আমি তো[18] ওদের বংশের ইতিহাস জানি । শীলার মুখ থেকে শুনেছি যে শীলার বাবা একজন নামকরা উকিল[19] ছিলেন । আর রায়পুরের[20] জমিদারও[21] ছিলেন ।"

"কিন্তু তুমি জানো না যে শীলার বাবা কি করে রায়পুরের জমিদার হয়েছিলেন ।"

আমি স্বীকার[22] করলুম, বললুম, "তা সত্যি, আমি তো ও খবরটা জানি না ।"

মা বললেন, "দেখো, সে এক লম্বা[23] ইতিহাস । তবে আমি সংক্ষেপে[24] বলছি । — চন্দ্রনাথবাবু[25] আগে রায়পুরের ধনী জমিদার ছিলেন । ব্রহ্মবাবু[26] অর্থাৎ[27] শীলার বাবা তখন কেবল একজন উকিল ছিলেন । তবে তিনি এ অঞ্চলের[28] নামকরা উকিল ছিলেন । ব্রহ্মবাবু চন্দ্রনাথবাবুর একজন বন্ধুও[29] ছিলেন । একবার চন্দ্রনাথবাবু খুব অসুস্থ[30] হন । পাঁচ-ছ মাস তিনি জমিদারি দেখাশোনা করতে[31] পারেন

নি । তাই তিনি ব্রহ্মবাবুকে তাঁর জমিদারি[32] দেখাশোনা করতে বলেন । কিন্তু ব্রহ্মবাবু একটা ভারি অন্যায় কাজ করেন । চন্দ্রনাথবাবু যখন খুবই অসুস্থ তখন ব্রহ্মবাবু তাঁর জমিদারিটা বেহাত করেন[33] । চন্দ্রনাথবাবু একটু সুস্থ হলে এই খবরটা জানতে পারেন । বন্ধুর এই ব্যবহারে[34] চন্দ্রনাথবাবুর মন ভেঙ্গে পড়ে[35] । কয়েকদিনের মধ্যেই তিনি মারা গেলেন[36] । মারা যাবার আগে চন্দ্রনাথবাবু মনের দুঃখে বলেন , " ব্রহ্ম এমন অন্যায় কাজ করলো , ওর বংশের কেউ আমার জমিদারি উপভোগ করতে পারবে না ।ঃ ওর বংশের সকলেই অপঘাতে[37] মারা যাবে ।" চন্দ্রনাথবাবু জ্যৈষ্ঠ[38] মাসে মারা গেলেন । আর ভাদ্র[39] মাসে ব্রহ্মবাবুও এক ট্রেন দুর্ঘটনায়[40] মারা গেলেন । মা একটু থেমে[41] বললেন , " আমার মনে হয় যে শীলাও বেশীদিন[42] বাঁচবে[43] না । তাই বলছি যে তোমার শীলাকে বিয়ে করা ঠিক হবে না ।"

মার কথা শুনে আমার আর ধৈর্য থাকলো[44] না । বললুম , " তুমি এ সব কি বলছো ? তোমার এ অন্ধ—বিশ্বাস[45] আর কুসংস্কার[46] কেন ? ব্রহ্মবাবু দুর্ঘটনায় মারা গেছেন । এমন দুর্ঘটনায় মানুষের হাত নেই ।

আমি স্বীকার করছি যে অক্ষয়বাবু হয়তো খারাপ লোক ছিলেন । তাঁর জমিদারি বেহাত করা ঠিক হয় নি । কিন্তু শীলার কি দোষ[47] ? শীলা তো জমিদারি বেহাত করে নি।"

"আমি জানি যে শীলা ভাল মেয়ে । তার জন্যে আমার দুঃখ হয় । বাবার দোষে তাকেও ভুগতে[48] হবে । আমার মনে হচ্ছে শীলা বেশীদিন বাঁচবে না । হয়তো অপঘাতেই মারা যাবে । তুমি এটাকে আমার অন্ধ-বিশ্বাস বা কুসংস্কার বলতে পারো । কিন্তু আমি এই বিয়েতে মত দেবো না ", মা বললেন ।

আমি মাকে কেবল বললুম, " তা হলে আমি তোমার অমতেই[49] শীলাকে বিয়ে করবো । আমি তোমার কুসংস্কার বিশ্বাস করি[50] না ।"

মা শুধু[51] বললেন, " আমার কথা যখন শুনবে না তখন আর কি বলবো । তোমার যা ইচ্ছে[52] তা ই করো ।"

. . . .

কার্তিক[53] মাসে আমার বিয়ের দিন ঠিক হলো । সরস্বতী[54] পুজোর পরদিন আমার কলেজ খুললো । তাই আমি শীলাকে ছেড়ে কলকাতায় ফিরে এলাম । আমার ফেরবার ইচ্ছে ছিল না । কিন্তু দু সপ্তাহ[55] পরে পরীক্ষা[56] ।

তাই ইচ্ছে না থাকলেও আমি কলকাতায় ফিরতে বাধ্য[57] হলুম ।

ছুটির দু মাস আমি পড়াশোনা[58] করি নি । সারা[59] ছুটিটা কেবল শীলাকে সঙ্গে নিয়ে ঘুরেছি । তাই কলকাতায় ফিরে এসেই পড়াশোনায় মন দেবার[60] চেষ্টা করলুম[61] । কিন্তু পড়াশোনায় আমার মন বসে[62] না । টেবিলের সামনে বসে শীলার কথা ভাবি । রাত্রেও মাঝে মাঝে তাকে স্বপ্নে[63] দেখি । সেদিন রাত্রেও শীলাকে স্বপ্নে দেখলাম । দেখলাম , সে আমার কত কাছে । ভারি সুখে রাত্রিটা কাটলো ।

সকাল বেলায় ঘুম থেকে উঠেছি । ঠিক সেই সময় পিয়ন[64] এসে কড়া নাড়লো[65] । তার হাতে একটা টেলিগ্রাম[66] । কেন তা জানি না , হঠাৎ ভয় পেলুম[67] । ভাবলুম , হয়তো মা খুব অসুস্থ , তাই টেলিগ্রাম পাঠিয়েছেন । ভয়ে ভয়ে[68] টেলিগ্রামটা নিলুম । টেলিগ্রামটা পড়ে আমি প্রথম ট্রেনেই রায়পুরে ফিরে এলুম । কিন্তু রায়পুরে ফিরে এসে শীলাকে দেখতে গেলুম না ।

একদিনের অসুখেই[69] সে মারা গেছে ।

. . . .

অনেক দিন কেটে গেছে। কিন্তু আজও মাঝে মাঝে ভাবি — মা যা বলেছিলেন তা কি মাত্র অন্ধ-বিশ্বাস আর কুসংস্কার ?

II. Vocabulary and notes:

নিয়তি[1]	destiny; fate
বিয়ে কর[2] —	(verb stem) marry; wed
বিয়ে	marriage; wedding
আপত্তি[3]	objection
ভাল ভাবে[4]	well (lit. meaning: in the manner well)
ছেলেবেলা[5]	childhood (time)
সঙ্গী[6]	companion; friend; associate
পরিচয়[7]	acquaintance
একসঙ্গে[8]	together
সত্যি[9]	truly
ভালবাস[10] —	(verb stem) love; like
মাথা নাড়[11] —	(verb stem) shake head
মাথা	head
নাড় —	(verb stem) shake; nod; (lexical treatment depends on context)
মত দে[12] —	(verb stem) consent; give opinion

ঠিক[13]	right; proper; etc. (lexical treatment depends on context)
ফল[14]	result; effect; fruit
অসহায়[15]	helpless
রেগে[16]	angrily
বংশ[17]	family; clan (all dead and living members of the extended family)
তো[18]	untranslatable particle which transmits a feeling of condition or doubt on the part of the speaker
উকিল[19]	lawyer; pleader
রায়নগর[20]	name of a place
রায়	title; often used as a surname
নগর	city; town
জমিদার[21]	landlord (Zamindar)
স্বীকার কর —[22]	(verb stem) admit
লম্বা[23]	long; tall
সংক্ষেপে[24]	in short
চন্দ্রনাথ[25]	a name
অক্ষয়[26]	a name; eternal; imperishable

ক্ষয়	perishable; decay
অর্থাৎ [27]	that is (i.e.,); that is to say; in effect
অঞ্চল [28]	region; area; edge of a sari
বন্ধু [29]	friend
অসুস্থ [30]	ill; sick (lit. meaning: not well or healthy)
সুস্থ	well; healthy
দেখাশোনা কর— [31]	(verbal idiom) look over; supervise
জমিদারি [32]	estate
বেহাত কর— [33]	(verbal idiom) make out of possession; "dispose"
ব্যবহার [34]	behavior; treatment; use
মন ভেঙ্গে পড়— [35]	dishearten (lit. meaning: mind breakdown)
ভেঙ্গে পড়—	(verb stem) break down; collapse
মারা যা— [36]	(verb stem) die
অপঘাত [37]	(die) in accident
জৈষ্ঠ (জৈষ্ঠ্য) [38]	second month of the Bengali calendar (May-June)
ভাদ্র [39]	fifth month of the Bengali calendar (August-September)

দুর্ঘটনা 40	accident
থাম — 41	(verb stem) stop
বেশীদিন 42	very long; much longer (lit. meaning: more days)
বাঁচ — 43	(verb stem) survive; live
ধৈর্য থাকলো না 44	lost patience (lit. meaning: patience remained not)
ধৈর্য (ধৈর্য্য)	patience
অন্ধ—বিশ্বাস 45	blind faith; blind belief
অন্ধ	blind
বিশ্বাস	belief; faith; surname
কু সংস্কার 46	prejudice; superstition
দোষ 47	fault; defect; flaw
ভোগ — 48	(verb stem) suffer; enjoy (pleasure or sensual pleasure)
অমত 49	without consent
মত	consent
বিশ্বাস কর — 50	(verb stem) believe
শুধু 51	only; simply; merely

ইচ্ছে / ইচ্ছা[52]	desire; wish
কার্তিক[53]	seventh month of the Bengali calendar (October-November)
সরস্বতী[54]	'Sarasvati' - Hindu goddess of art and learning
সপ্তাহ[55]	week
পরীক্ষা[56]	examination
বাধ্য[57]	compel; indebted; obliged
পড়াশোনা / পড়াশুনা[58]	(verbal noun) studying
পড়া	(verbal noun) studying
শোনা / শুনা	(verbal noun) listening; hearing
সারা[59]	entire, whole
মন দে —[60]	(verbal idiom) concentrate (lit. meaning: give mind)
চেষ্টা করা —[61]	(verb stem) try; attempt
মন বস —[62]	(verbal idiom) concentrate; find interest; (lit. meaning: mind sit)
স্বপ্ন[63]	dream

পিয়ন[64]	"mail-man"; attendant
কড়া নাড়—[65]	(verbal idiom) knock at the door
কড়া	iron knob of the door; hard; (lexical treatment depends on the context)
নাড়—	(verb stem) knock; (lexical treatment depends on the context)
টেলিগ্রাম[66]	telegram (loan word)
ভয় পা—[67]	(verb stem) become frightened; become panicky
ভয়ে ভয়ে[68]	in great apprehension; in great fear (reduplication frequently has a plural or a distributing meaning)
অসুখ[69]	illness; sickness; disease

I. Read the following in Bengali and translate into English:

আলোচনা

বঙ্কিম[1]: রীণা[2], তুমি কোন ছবিটা দেখছিলে ?

রীণা : আমি বাঙ্গালী শিল্পীর আঁকা ছবি দেখছিলাম ।

বঙ্কিম : কার আঁকা ছবি তুমি দেখছিলে ?

রীণা : যামিনী রায়ের[+3] আঁকা একটা ছবি দেখছিলাম ।

বঙ্কিম : তুমি যামিনী রায়কে চেনো নাকি[4] ?

রীণা : হ্যাঁ, গত বছর স্মিথসাহেব[5] আমাকে যামিনী রায়ের বাড়ীতে নিয়ে গিয়েছিলেন । তখন তাঁর সঙ্গে আমার পরিচয় হয়েছিলো ।

বঙ্কিম : আচ্ছা, তোমার যামিনী রায়ের আঁকা ছবি খুব ভাল লাগে নাকি ?

রীণা : আমার তো খুবই ভাল লাগে । কেবল আমার নয়, দেশে ও বিদেশে[6] অনেকে তাঁর আঁকা ছবি পছন্দ করেন । যামিনী রায় বাংলাদেশের একজন

নামকরা শিল্পী । আমার তো মনে হয় যে তিনি সত্যিকারের[7] বাঙ্গালী শিল্পী । ভারতে অনেক শিল্পী ইউরোপীয়[8] বা মোঘল[9] স্কুলের[10] শিল্পীদের নকল করেন[11] । কিন্তু আমার মনে হয়[12] যে যামিনী রায় কাউকেই[13] নকল করেন না ।

বঙ্কিম : আচ্ছা, তোমার কি মনে হয় যে যামিনী রায় একজন লোক-শিল্পী[14]?

রীণা : না, তাঁর আঁকার ধরণ[15] ও ছবির রঙ বাঙ্গালী লোক-শিল্পীদের মতন[16] হলেও তিনি লোক-শিল্পী নন ।

বঙ্কিম : তা হলে তুমি তাঁর শিল্পকে[17] কি ভাবে[18] বর্ণনা করবে[19]?

রীণা : তাঁর শিল্পকে বর্ণনা করা অসম্ভব[20] । তাই তো তিনি একজন বড় শিল্পী ।

বঙ্কিম : আমি তো দেখেছি যে তুমি বাঙ্গালী শিল্পীদের সম্বন্ধে বেশ ভাল জানো ।

রীণা : না, বেশী জানি না । গত বারো বছর আমি ভারতীয়[21] চিত্রাঙ্কন[22] সম্বন্ধে পড়াশোনা করেছিলাম ।

তাই ভাবলাম যে দেখি আধুনিক[23] বাঙ্গালী শিল্পীদের আঁকা আমার ভাল লাগে কিনা[24]।

বঙ্কিম : আমার তো মনে হয় যে তোমার বাঙ্গালী শিল্পীদের আঁকা ছবি ভাল লাগবে ; বিশেষ করে[25] অবনীন্দ্র নাথ[26], নন্দলাল বসু[27] ও যামিনী রায়ের আঁকা ছবি ।

রীণা : আমি লোক-শিল্প[28] পছন্দ করি । তাই হয়তো যামিনী রায়ের আঁকা ছবি আমার এত ভাল লাগে ।

বঙ্কিম : আচ্ছা রীণা, তুমি যখন ভারতীয় চিত্রাঙ্কন সম্বন্ধে পড়াশোনা করেছিলে, তখন তুমি প্রাচীন না[29] আধুনিক চিত্রাঙ্কন সম্বন্ধে পড়াশোনা করেছিলে ?

রীণা : আমি প্রাচীন ও আধুনিক ভারতীয় চিত্রাঙ্কন সম্বন্ধে পড়াশোনা করেছিলাম ।

বঙ্কিম : তুমি যদি ভারতীয় স্থাপত্যের[30] বিষয় একটু শেখো তা হলে তোমার ভারি সুবিধা হবে ।

রীণা : আমি যখন গত বছর ভারতে ছিলাম আমার মাস্টার-মশাই[31] তাই বলেছিলেন ।

বঙ্কিম : তুমি গত বছর ভারতে কি করছিলে ?

রীণা : মার্কিণ সরকার[32] আমাকে ভারতে পড়াতে[33] পাঠিয়েছিলেন ।

বঙ্কিম : তুমি ভারতে কোথায় পড়াচ্ছিলে ?

রীণা : বেশীর ভাগ[34] সময় আমি কলকাতাতেই[35] পড়াচ্ছিলাম ।

বঙ্কিম : তোমার কলকাতা শহর কেমন লেগেছিলো ?

রীণা : আমার তো মনে হয় যে কলকাতা একটা চমৎকার শহর , বিশেষ করে রাত্রি বেলায় ।

বঙ্কিম : তোমার মুখ থেকে এ কথা শুনে আমার ভারি ভাল লাগছে ।

বঙ্কিম[1]	Bamkim - a name
রীণা[2]	Rina - a name of a girl
যামিনী রায়[3]	Jamini Roy (1887 -) one of the outstanding Bengali painters (see note 10, Part IV)
নাকি[4]	"don't you? is it not so?" (lexical treatment depends on the context)

স্মিথ্‌সাহেব [5]	'Mr. Smith'
বিদেশ [6]	foreign country
সত্যিকারের / সত্যিকার [7]	true; real
ইউরোপীয় [8]	European; adjectival suffix which forms derivative adjectives from noun stems is [io]
ইউরোপ	Europe
মোঘল [9]	Moghul
স্কুল [10]	school (loan word)
নকল কর্ [11]	(verb stem) copy
(আমার) মনে হয় [12]	(verbal idiom) (I) think; (I) suppose; it seems (to me)
কাউকে [13]	to anyone
লোক – শিল্পী [14]	folk-artist
ধরণ [15]	style; form; figure
মতন / মত [16]	like
শিল্প [17]	art
কি ভাবে [18]	how; in what manner
বর্ণনা কর্ [19]	(verb stem) describe
অসম্ভব [20]	impossible (lit. meaning: not possible)
সম্ভব	possible

ভারতীয় 21	Indian; (see note above)
ভারত	India
চিত্রাঙ্কন22	painting
চিত্র	picture
অঙ্কন	painting
আধুনিক 23	modern
কিনা24	"whether or not"
বিশেষ করে 25	especially; particularly
বিশেষ	special
অবনীন্দ্র নাথ26	Abanindranath Tagore (1871-1951), nephew of Rabindranath Tagore, regarded as one of the greatest Indian painters of the twentieth century (see note 11, Part IV)
নন্দলাল বসু 27	Nandalal Bose - a leading Bengali painter and an ardent exponent of the Tagore school of painting.
লোক - শিল্প 28	folk-art
শিল্প	art
না 29	"or", not; although না /na/ means 'not', in colloquial Bengali it is very frequently used as a substitute for বা/ba/ which means "or".

স্থাপত্য[30]	sculpture
মাষ্টার মশাই[31]	teacher
মশাই ; মশায়	polite way of addressing a person; suffix attached to the given surname of a male person addressed; sir
মার্কিণ সরকার[32]	American government
সরকার	government; a surname
পড়া[33]	(verb stem) teach (cause to study)
বেশীর ভাগ[34]	"majority"; greatest part
বেশী	much; many; excessive
ভাগ	part; portion
কলকাতা[35]	Calcutta - the capital city of W. Bengal

Read the following story in Bengali and translate into English:

বাদশাহ[1] আকবর[+2] ও বীরবল[3]

মোঘল বাদশাহদের মধ্যে আকবর সবচেয়ে[4] বিখ্যাত ছিলেন। বাদশাহ আকবরের রাজসভায়[5] নয়টি রত্ন[6] ছিল। বীরবল নয়টি রত্নের একটি রত্ন ছিলেন। আকবর খুব রসিক[7] লোক ছিলেন। তিনি রসিকতা[8] খুব পছন্দ করতেন। আর বীরবলও রসিকতায় অদ্বিতীয়[9] ছিলেন। সেইজন্যে বীরবল আকবরের খুব প্রিয়[10] ছিলেন।

বাদশাহ আকবর একদিন ঠিক করলেন যে তিনি বীরবলের সঙ্গে একটু রসিকতা করবেন। অর্থাৎ তাঁর ইচ্ছা হলো যে তিনি বীরবলকে লজ্জায় ফেলবেন[11]। সেদিন সকালে বীরবল যথা সময়ে[12] রাজসভায় এলেন। বাদশাহ বীরবলকে ডেকে বললেন, "বীরবল, গতকাল রাত্রে আমি একটা মজার স্বপ্ন[13] দেখেছি।" বীরবল বাদশাহের মতন[14] হেসে বললেন, "কি আশ্চর্য[15]। আমিও গতকাল রাতে

এক মজার স্বপ্ন দেখেছি।" বাদশাহ বললেন, "আগে আমার স্বপ্নটা শোনো। সেটা ভারি মজার ব্যাপার[16]। আমি স্বপ্নে দেখলাম যে তুমি ও আমি পাশাপাশি[17] রাস্তায়[18] হাঁটছি। আমরা দুজনে হাঁটছিলাম ও গল্প করছিলাম। তুমি আমাকে মজার গল্প বলছিলে। সেই গল্প শুনে আমি খুব হাসছিলাম। আমার হাসি শুনে তুমিও হাসতে শুরু করলে। হঠাৎ আমি দেখলাম যে আমি গোলাপ জলের[19] পুকুরে পড়ে গেলাম[20]। আমি তোমাকে সাহায্যের জন্যে ডাকলাম। তুমি আমাকে সাহায্য করতে আসছিলে। কিন্তু হঠাৎ তুমিও পড়ে গেলে, তবে গোলাপ জলের পুকুরে নয়।"

বীরবল বললেন, "বাদশাহ, আমি কোথায় পড়ে গেলাম!"

বাদশাহ বললেন, "আমি দেখলাম যে তুমি একটা পচা[21] পুকুরে পড়ে গেলে। তোমার গায়ে পচা কাদা[22] ও মাটি[23] লাগলো। তোমার গা থেকে পচা গন্ধ[24] বার হতে লাগলো[25]। তোমার অবস্থা[26] দেখে আমার খুব মজা লাগলো[27]। আমি হাসতে লাগলাম। আর তুমি কাঁদতে[28] লাগলে।"

বীরবল বললেন, "বাদশাহ, আমার কপাল মন্দ[29]।"

আকবর বললেন, "আচ্ছা, এবার তুমি তোমার স্বপ্নটা বলো।"

বীরবল বললেন, "বাদশাহ, আমার স্বপ্নটা প্রায় আপনারই মতন, তবে একটু অন্য রকম।"

বাদশাহ বললেন, "কি রকম?"

বীরবল বললেন, "আমি দেখলাম যে আপনি সাহায্যের জন্যে চেঁচাচ্ছেন[30], আর আমিও চেঁচাচ্ছি। আমাদের চেঁচানো শুনে লোকজন উপস্থিত হলো। লোকেদের সাহায্যে আমরা পুকুর থেকে উঠলাম।"

বাদশাহ ধৈর্য্য হারিয়ে বললেন, "তারপর, তারপর কি দেখলে?"

বীরবল বললেন, "আমি দেখলাম যে আপনি আমার গা চাটছেন[31] আর আমি আপনার গা চাটছি। আর লোকেরা এই ব্যাপার দেখে খুব হাসাহাসি[32] করছে।"

বীরবলের স্বপ্ন-কথা শুনে বাদশাহ খুব লজ্জা পেলেন।

A. Vocabulary and notes:

বাদশাহ[1]	Emperor
আকবর[2]	Akbar - Moghul Emperor, 1555-1605 A.D. (See note 12, Part IV).
বীরবল[3]	Birbal - one of the nine ministers in Akbar's court.
সবচেয়ে[4]	most; (lit. meaning: "compared to all"; superlative)
রাজসভা[5]	king's or Emperor's court
রাজ	king; kingdom
সভা	court; meeting
রত্ন[6]	jewel (used here figuratively; "prominent figure")
রসিক[7]	witty
রসিকতা[8]	humor; joviality; wit
অদ্বিতীয়[9]	unparalleled; unrivalled; second to none.
দ্বিতীয়	second
প্রিয়[10]	"favorite"; intimate; dear; beloved; close
লজ্জায় ফেল[11]	(verbal idiom) put (someone) to shame; embarrass (lit. meaning: throw (someone) to embarrassment or shame)
লজ্জা	shame
ফেল —	(verb stem) throw; allow to fall
যথা সময়ে[12]	in right time
যথা	as; for example

A. Vocabulary and notes:

বাদশাহ[1]	Emperor
+ আকবর[2]	Akbar - Moghul Emperor, 1555-1605 A.D. (See note 12, Part IV).
বীরবল[3]	Birbal - one of the nine ministers in Akbar's court.
সবচেয়ে[4]	most; (lit. meaning: "compared to all"; superlative)
রাজসভা[5]	king's or Emperor's court
রাজ	king; kingdom
সভা	court; meeting
রত্ন[6]	jewel (used here figuratively; "prominent figure")
রসিক[7]	witty
রসিকতা[8]	humor; joviality; wit
অদ্বিতীয়[9]	unparalleled; unrivalled; second to none.
দ্বিতীয়	second
প্রিয়[10]	"favorite"; intimate; dear; beloved; close
লজ্জায় ফেল[11]	(verbal idiom) put (someone) to shame; embarrass (lit. meaning: throw (someone) to embarrasshment or shame)
লজ্জা	shame
ফেল —	(verb stem) throw; allow to fall
যথা সময়ে[12]	in right time
যথা	as; for example

মজার স্বপ্ন[13]	funny dream
মজা	fun
মতলব[14]	intention; purpose; plan
আশ্চর্য (আশ্চর্য্য)[15]	surprise; astonishment; wonder
ব্যাপার[16]	incident; matter
পাশাপাশি[17]	side by side; this type of formation is not infrequent in Bengali. The significance is mutual action (see I.B., Part I, lesson XI, Grammar section)
পাশে	at the side; by (someone's) side
রাস্তা[18]	road
গোলাপ জল[19]	rose water
পড়ে যা-[20]	(verb stem) fall; the finite verb stem যা-/ja/ indicates "action"
পচা[21]	rotten
কাদা[22]	mud
মাটি[23]	"filth"; dirt; soil
পচা কাদা ও মাটি লাগলো	"covered with filth and rotten mud" (lit. meaning: rotten mud and filth struck)

গন্ধ[24]	smell
বার হতে লাগ —[25]	begin to come out; begin to go out; Note that: infinitive + finite লাগ—/lag/ is "begin to"
অবস্থা[26]	condition; situation
(আমার) মজা লাগলো[27]	"(I) was amused"; (lit. meaning: (of me) fun struck)
কাঁদ —[28]	(verb stem) weep; cry
কপাল মন্দ[29]	misfortune; bad luck (lit. meaning: bad forehead)
কপাল	forehead
মন্দ / খারাপ	bad
চেঁচা —[30]	(verb stem) shout; scream
চাট —[31]	(verb stem) lick
হাসাহাসি[32]	laughing (mutual action; see note 17)

B. ' য় ' when preceded by a high vowel /i/ or mid-high vowel /e/, has the phonological value /o/.

Thus:		
	অদ্বিতীয়*	/ɔdditio/
	পেয়	/peo/

Lesson XXIII

I. Read the following in Bengali and translate into English:

– গল্প –

প্রায় সব দেশেই মা – ঠাকুমারা[1] গল্প বলে থাকেন[2] । বাংলাদেশে এর কোন ব্যতিক্রম[3] হয় নি । আমার বেশ মনে আছে ; আমরা সন্ধ্যেবেলা ঠাকুমাকে ঘিরে[4] বসতাম । আর ঠাকুমা গল্প বলতেন । কখনো[5] বাঘ[6] ভাল্লুকের[7] গল্প , আবার কখনো শেয়াল পণ্ডিতের[8] গল্প । বাঘ , ভাল্লুক ও শেয়াল পণ্ডিতের গল্প আপনারা বাংলার ঘরে ঘরে[9] শুনতে পাবেন ।

এখন শুনুন[10] এক দুষ্টু[11] বাঘের গল্প ——

এক দেশে এক বিখ্যাত রাজা ছিলেন । রাজার অনেক অদ্ভুত[12] সখ[13] ছিল । তিনি নানা[14] রকম জন্তু[15] পুষতেন[16] । আর জন্তুগুলিকে সোনার[17] খাঁচায়[18] বন্ধ করে রাখতেন । একদিন রাজার সখ হলো যে তিনি জন্তুগুলিকে কথা বলা শেখাবেন । রাজা তাঁর মন্ত্রীকে[19] ডেকে বললেন , " পণ্ডিতদের

ডাকো । পণ্ডিতরা আমার জন্তুদের কথা বলা শেখাক্[20] ।"

মন্ত্রীমশায় তো বিপদে পড়লেন[21] । ভয়ে ভয়ে রাজাকে বললেন , " জন্তুরা কথা বলবে কি , মহারাজ[22] ?"

রাজা বললেন , " ও সব জানি না । ডাকো পণ্ডিতদের ।"

মন্ত্রীমশায় আর কি[23] করেন ! বাধ্য হয়ে তিনি পণ্ডিতদের ডাকতে নানা দেশে লোক পাঠালেন । দেশ – বিদেশ[24] থেকে অনেক পণ্ডিত এলেন । পণ্ডিতরা অনেক ভাষা জানেন । দশজন পণ্ডিত দশটি জন্তুকে কথা বলা শেখাতে আরম্ভ করলেন[25] । বহু পরিশ্রমের[26] পর দশজন পণ্ডিত পাঁচটি জন্তুকে কথা বলা শেখালেন । দুটি জন্তু আবার দু – একটি[27] ভাষাতে কথা বলতে শিখলো । রাজা তো বেজায় খুসী । রাজা পণ্ডিতদের অনেক উপহার[28] দিলেন । বিভিন্ন[29] দেশের রাজাদের নেমন্তন্ন[30] পাঠালেন । রাজ বাড়ীতে[31] উৎসব শুরু হলো । রাজা একটি কথা বলা বাঘকে রাজ বাড়ীর সামনে রাখলেন । বাঘটি সোনার খাঁচায় বসে থাকে । আর কেউ খাঁচার সামনে এলে , (সে) বলে, " নমস্কার[32] , দয়া করে[33] একবার খাঁচার দরজাটা খুলে দিন, মশায়[34] ।" তার কথা শুনে সকলেই মজা পায় । কিন্তু

ভয়ে কেউ খাঁচার দরজা খোলে না ।

একদিন এক গরীব ব্রাহ্মণ[35] উৎসব দেখতে এলেন । ব্রাহ্মণটি বড্ড[36] ভাল মানুষ[37] । ব্রাহ্মণকে দেখে বাঘ বার বার[38] প্রণাম[39] করতে লাগলো ।

ব্রাহ্মণ খুসী হয়ে বললেন, " তুমি ভারি লক্ষ্মী[40] তো ! তুমি কি চাও ?"

বাঘ বললো, " ঠাকুর[41], দয়া করে একবার দরজাটা খুলে দিন । আমি বহুদিন খাঁচায় বসে আছি । আপনি দরজাটা খুলে দিলে আমি একবার খোলা মাঠে ঘুরতে যাই ।" ব্রাহ্মণ ভাল মানুষ । তাই ভাবলেন, " আহা[42], বাঘটি খাঁচাতে বড্ড কষ্ট পাচ্ছে[43] । এমন লক্ষ্মী বাঘ, আর বাঘের এত ইচ্ছে যে সে একটু বাইরে ঘোরে ।" ব্রাহ্মণ তাড়াতাড়ি খাঁচার দরজাটা খুলে দিলেন । বাঘ খাঁচার বাইরে এলো আর ব্রাহ্মণকে প্রণাম করে বললো, " ঠাকুর, এবার তোমায় খাবো ।"

ব্রাহ্মণ আশ্চর্য হয়ে বললেন, " সে কি কথা[44] ! আমি তোমার উপকার করলাম[45] ; তোমাকে খাঁচা থেকে বার করে দিলাম[46]; আর তুমি বলছো যে (তুমি) আমাকে খাবে ! এমন

ব্যবহার[47] তো ঠিক নয় ।"

বাঘ বললো ," কেন নয়, ঠাকুর ? সকলেই তো এমন কাজই করে থাকে । কেবল আমি একা নই, ঠাকুর ।"

ব্রাহ্মণ বললেন ," তা কখনই হতে পারে না[48] । চল দেখি[49], প্রথমে অন্তত:[50] দুজন সাক্ষীকে[51] জিজ্ঞেস করি[52] । তারা কি বলে তা প্রথমে শুনি ।"

বাঘ বললো ," বেশ, তাই চলুন[53] । সাক্ষীরা যদি বলে যে আপনার কথাই ঠিক , তা হলে আমি আপনাকে ছেড়ে দেবো[54]। আর সাক্ষীরা যদি বলে যে আমার কথা ঠিক তা হলে আমি আপনাকে খাবো ।"

সামনে একটা খোলা মাঠ ছিল । সেই মাঠের মাঝখানে[55] একটা অশ্বত্থ[56] গাছ ছিল । সেই অশ্বত্থ গাছ দেখে ব্রাহ্মণ বললেন ," এই অশ্বত্থ গাছটি আমার একজন সাক্ষী ।"

বাঘ বললো ," বেশ , ওনাকে[57] জিজ্ঞেস করুন । উনি[58] কি বলেন ?"

তখন ব্রাহ্মণ জিজ্ঞেস করলেন ," ওহে অশ্বত্থ গাছ , আমি যদি কারো[59] উপকার করি , তা হলে সে কি আমার ক্ষতি[60] করে ?"

অশ্বত্থ গাছ উত্তর দিল, "তা তো করে, ঠাকুর। এই আমাকে দিয়েই[61] দেখুন না[62]! আমি এই সারা মাঠের মধ্যে একটি মাত্র[63] গাছ। কড়া রোদের[64] সময় আমি লোকেদের ছায়া[65] দিই। তাদেরকে রোদের হাত থেকে বাঁচাই[66]। আমার ছায়ায় বসে তারা ঠাণ্ডা হয়। কিন্তু তারাই আমার ডাল[67] কাটে। ছাগলকে[68] খাওয়ানোর[69] জন্যে আমারই পাতা ছেঁড়ে[70]। ওই দেখুন না, ওই লোকগুলো আমার ডাল কেটে নিয়ে যাচ্ছে।"

বাঘ খুশী হয়ে হাসতে হাসতে[71] বললো, "ঠাকুর, আপনার সাক্ষী কি বলে, শুনুন।"

ব্রাহ্মণ বললেন, "আচ্ছা, আর একজনকে জিজ্ঞেস করি। সে কি বলে তা আগে শুনি। তারপর তোমার কথা বিশ্বাস করবো।"

বাঘ বললো, "আচ্ছা, আর একজনকে জিজ্ঞেস করুন।"

ব্রাহ্মণ ভাবলেন, "কি ঝঞ্ঝাট[72]! এখন কাকে জিজ্ঞেস করি।" গাছের ওপর একটা পাখি বসে ছিল। ব্রাহ্মণ বললেন, "এই পাখিটি আমার সাক্ষী।"

বাঘ বললো, "বেশ, আপনি পাখিকেই জিজ্ঞেস করুন।"

ব্রাহ্মণ বললেন, "ওহে পাখি, আমি যদি কারোর উপকার করি তা হলে সে কি আমার ক্ষতি করে?"

পাখি বললো, "তা তো করে, ঠাকুর। এই দেখুন না! আমি গাছে বসে গান গাই। গান গেয়ে লোকদেরকে আনন্দ দিই। বর্ষার শেষে[73] কত পোকা[74] হয়। আমি পোকাগুলো খেয়ে লোকদেরকে কষ্টের হাত থেকে বাঁচাই। আর ওই লোকেরাই আমাদেরকে মেরে[75] খায়।"

বাঘ তো বেজায় খুসী। হাসতে হাসতে বাঘ বললো, "ঠাকুর, এবার আপনি কি বলেন?"

ব্রাহ্মণ বললেন, "আচ্ছা, আর একজনকে জিজ্ঞেস করি।"

বাঘ বললো, "বেশ তো,[76] আপনি যাকে ইচ্ছে (করেন) তাকে জিজ্ঞেস করুন।"

এক শেয়াল সেই পথ দিয়ে যাচ্ছিলো। ব্রাহ্মণ তাকে দেখিয়ে[77] বললেন, "এই আমার সাক্ষী।"

বাঘ বললো, "বেশ তো, শেয়াল মামাকেই[78] জিজ্ঞেস করুন।"

ব্রাহ্মণ শেয়াল মামাকে ডেকে বললেন, "ওহে শেয়াল পণ্ডিত, তুমি আমার সাক্ষী। এখন তুমি বলো, আমি যদি কারোর উপকার করি তবে সে কি আমার ক্ষতি করে?"

শেয়াল পণ্ডিত বললো, " ঠাকুর, একটু স্পষ্ট করে[79] বলুন। স্পষ্ট করে না বললে আমি আপনার কথা বুঝতে পারবো না। কে কার উপকার করলো? আর কে কার ক্ষতি করলো?"

ব্রাহ্মণ বললেন, " আমি রাজ বাড়ীতে যাচ্ছিলাম আর এই বাঘটা সোনার খাঁচার মধ্যে ছিল . . . .।"

এই কথা শুনে শেয়াল পণ্ডিত বললো, " আমার মনে হচ্ছে যে এটা খুব জটিল[80] ব্যাপার। আমি খাঁচা আর রাজ বাড়ীর পথ না দেখলে কিছুই বলতে পারবো না।"

তখন তিনজন খাঁচার কাছে ফিরে এলো। শেয়াল পণ্ডিত খাঁচাটা দেখে বললো, " আচ্ছা, এবার আমি খাঁচা ও রাজ বাড়ীর পথ বুঝতে পেরেছি। এখন বলুন যে কি হয়েছিল?"

ব্রাহ্মণ বললেন, " আমি রাজ বাড়ীতে যাচ্ছিলাম। আর বাঘ সোনার খাঁচায় বসে ছিল।"

শেয়াল পণ্ডিত বললো, " ও! এবার বুঝেছি। আপনি খাঁচায় বসেছিলেন। আর বাঘ মামা রাজ বাড়ীর পথে বসেছিলেন। তারপর . . . .?"

বাঘ বললো ," শেয়াল মামা, তুমি বেজায় বোকা । আমি ই খাঁচায় বসেছিলাম । আর . . . . ।"

শেয়াল পণ্ডিত বললো ," বাঘ মামা , এটা ভারি জটিল ব্যাপার । আমার মাথাতে ঠিক ঢুকছে[81] না ।"

বাঘ রেগে বললো ," কি ঝঞ্ঝাট ! তুমি এমন বোকা তা আমি জানতাম না । তুমি এমন সহজ ব্যাপারটা বুঝতে পারছো না । তুমি সত্যিই বোকা । এখন দেখো, আমি কোথায় ছিলাম ।" এই বলতে বলতে[82] বাঘ খাঁচার ভেতরে ঢুকলো । আর শেয়াল পণ্ডিত ও ঠিক সেই সময় খাঁচার দরজাটা বন্ধ করে দিল ।

তারপর শেয়াল পণ্ডিত ব্রাহ্মণকে বললো ," ঠাকুর , এইবার আমি সব বুঝতে পেরেছি । এখন আপনি যদি আমাকে সাক্ষী করেন তা হলে আমি বলবো , বাঘ মামার কথাই ঠিক । আপনি দুষ্টু লোকের উপকার করলে সে আপনার ক্ষতি করতে পারে । ঠাকুর , আপনি ভাল মানুষ , পণ্ডিত । আপনি একটু দেখে শুনে চলবেন[83] । বাঘ মামার মত দুষ্টু লোক পৃথিবীতে[84] অনেক আছে । তারা আপনার ক্ষতি করতে পারে ।"

তারপর শেয়াল পণ্ডিত বাঘকে ডেকে বললো, "বাঘ মামা, আমি তো বোকা, তবে তুমি কি?" এই বলে শেয়াল পণ্ডিত হাসতে হাসতে চলে গেলো[85]।

বাঘ কিন্তু[86] অন্য লোকদের দেখে আবার শুরু করলো, "নমস্কার, দয়া করে দরজাটা খুলে দিন, মশায়।"

II. Vocabulary and notes:

ঠাকুমা [1]	abbreviated form of ঠাকুরমা, "paternal grandmother"
বলে থাকেন [2]	usually (habitually) tell; note that PAP + finite verb stem থাক–/thak/ indicates usual (habitual) action
ব্যতিক্রম [3]	exception
ঘের — [4]	(verb stem) surround
কখনো (কখনও) [5]	sometimes
বাঘ [6]	tiger
ভাল্লুক / ভালুক [7]	bear
শেয়াল পণ্ডিত [8]	"the pundit-jackal"
শেয়াল / শিয়াল	jackal; fox
পণ্ডিত	pundit; learned person; scholar
ঘরে ঘরে [9]	"each and every house"; "from one home to the other" (distributive; see note 28, lesson XIII)
শুনুন [10]	you (hon.) listen; note that the position of the verb is a matter of stylistic choice. শুনুন /śunun/ is here brought before the object and the subject is dropped; such syntax is not infrequent in modern Bengali composition.

দুষ্টু / দুষ্ট [11]	mischievous; naughty
অদ্ভুত [12]	strange; peculiar
সখ [13]	hobby; luxury; fashion
নানা [14]	many; various
জন্তু [15]	animal
পোষ — [16]	(verb stem) nurture; foster; tame
সোনা [17]	gold
খাঁচা [18]	cage
মন্ত্রী [19]	minister
শেখাক্ [20]	teach; 3rd person pres. imperative
বিপদে পড় — [21]	(verb stem) (is) in trouble; (lit. meaning: fall in danger)
মহারাজ ; মহারাজা [22]	"His Majesty"; Emperor; (lit. meaning: great king)
আর কি [23]	what else

দেশ — বিদেশ[24]	far and abroad (lit. meaning: country and foreign land)
আরম্ভ কর —[25]	(verb stem) begin
পরিশ্রম[26]	labor; hard work
দু — একটি[27]	a few; one or two
উপহার[28]	present; offering
বিভিন্ন[29]	various; different
নেমন্তন্ন / নিমন্ত্রণ[30]	invitation
রাজ বাড়ী[31]	king's palace
নমস্কার[32]	greetings; good morning
দয়া করে[33]	please; "be kind;""being kind;" (lit, meaning: doing mercy)
দয়া কর —	(verb stem) do mercy; show pity
মশায় / মশাই[34]	Sir; Mr. polite way of addressing a person
ব্রাহ্মণ[35]	Brahmin
বড্ড[36]	very; very much (emphatic)
ভাল মানুষ[37]	good-natured
বার বার[38]	repeatedly; again and again

প্রণাম [39]	bow; salute
লক্ষ্মী [40]	here it means well-behaved; good natured
ঠাকুর [41]	polite way of addressing a respectable Brahmin; Brahmin cook; idol; a surname
আহা [42]	oh-oh; exclamation indicating sympathy
কষ্ট পা —[43]	(verb stem) suffer
কষ্ট	suffering; sorrow
সে কি কথা [44]	"what are you saying?" (lit. meaning: that what talk)
উপকার কর —[45]	(verb stem) help; to do good
বার করে দে —[46]	(verb stem) help (someone) to come out; throw (someone) out
ব্যবহার [47]	dealings; behaviour
কখনই ..... না [48]	never
চল দেখি [49]	(let's) go and see
অন্ততঃ[50]	at least
সাক্ষী [51]	witness; spectator

জিজ্ঞেস কর[52] —	(verb stem) ask; inquire
তাই চলুন[53]	(Let's) go; (Let's) move; you (hon.) move
আপনাকে ছেড়ে দে[54] —	let you (hon.) go
ছেড়ে দে —	(verb stem) leave; abandon
মাঝ খানে[55]	in the middle
অশ্বত্থ[56]	peepul or fig tree
ওনাকে[57]	"to him (hon.);" to that
উনি[58]	"he (hon.);" that one (hon.)
কারো / কাউর[59]	anyone
ক্ষতি[60]	harm; damage; loss
আমাকে দিয়ে[61]	"taking me as an example;" through me
দেখুন না (কেন)[62]	(why) don't you look; usually কেন /kæno/ is dropped
একটি মাত্র[63]	only; only one; sole
কড়া রোদ[64]	"scorching heat;" scorching sun

কড়া	scorching; (lexical treatment depends on the context)
ছায়া [65]	"shade;" shadow
বাঁচা —[66]	(verb stem) save (lit. meaning: cause to live)
ডাল [67]	branch;
ছাগল [68]	goat
খাওয়ানো [69]	(verbal noun) feeding
ছিঁড় —[70]	(verb stem) tear; pluck
হাসতে হাসতে [71]	"while smiling," smilingly; laughingly; the reduplicated infinitive is frequent in the language and has the force of continuing action
ঝঞ্ঝাট [72]	"botheration;" trouble
বর্ষার শেষে [73]	at the end of the rainy (season)
বর্ষা	rain
শেষে	at the end
পোকা [74]	insect
মার —[75]	(verb stem) kill; beat

বেশ তো 76	alright
দেখা- 77	(verb stem) show
মামা 78	maternal uncle
স্পষ্ট করে 79	clearly; for this use of করে /kore/ see note 24 , lessom XIII)
স্পষ্ট	clear
জটিল 80	complicated
ঢোক- 81	(verb stem) enter
বলতে বলতে 82	while saying (see note 71)
দেখে শুনে চল- 83	(verbal idiom) "move carefully" (lit. meaning: seeing and listening move)
পৃথিবী 84	"world"; earth
চলে যা- 85	(verb stem) go away; move away
কিন্তু 86	but; still; in colloquial Bengali the position of কিন্তু /kintu/ in a sentence is a matter of stylistic choice; it is used before or after the subject or even at the end of the sentence. ex: কিন্তু আমি যাবো না আমি কিন্তু যাবো না আমি যাবো না কিন্তু

Lesson XXIV

I. Read the following story in Bengali and translate into English:

শ্রীচৈতন্য[+1] ও মূর্খ[2] ব্রাহ্মণ

শ্রীচৈতন্য দক্ষিণ[3] ভারতে ভ্রমণে গিয়েছিলেন । বহু[4] তীর্থস্থান[5] ভ্রমণ করে তিনি শ্রীরঙ্গপুরে[6] ফিরে এলেন । শ্রীবেঙ্কট ভট্ট[7] শ্রীরঙ্গপুরে থাকতেন । শ্রীচৈতন্য শ্রীরঙ্গপুরে এসেছেন — এই খবর পেয়ে শ্রীবেঙ্কট ভট্ট খুব আনন্দিত হলেন । তিনি শ্রীচৈতন্যের কাছে উপস্থিত হয়ে বললেন, " প্রভু[8], আমার বাড়ীতে আপনি অতিথি[9] হোন[10] । আমার বাড়ীতে আপনার পদধূলি দিন[11] । আমার বাড়ীতে পদধূলি দিয়ে আমার জীবন সার্থক[12] করুন ।"

শ্রীচৈতন্য বললেন, " হে[13] ভক্ত[14] ব্রাহ্মণ, আমার তো কোন আশ্রয়[15] নেই । যে আমাকে ভালবেসে আশ্রয় দেয়, আমি তারই ঘরে আশ্রয় নিই ।"

শ্রীবেঙ্কট ভট্ট বললেন, " প্রভু, আমার ঘরে অতিথি হোন । আপনার সেবা করে[16] আমার জীবন সার্থক করি ।"

শ্রীচৈতন্য বেঙ্কট ভট্টের ঘরে অতিথি হলেন । সেখানে

প্রতিদিন[17] বহু ভক্ত আসেন । তাঁরা শ্রীচৈতন্যের দর্শন লাভ করে[18] জীবন সার্থক করেন । শ্রীচৈতন্য প্রতিদিন মন্দিরে যান । সেখানে প্রতিদিনই তিনি এক ব্রাহ্মণকে দেখেন ।

ব্রাহ্মণটি প্রতিদিন মন্দিরে আসেন । আর মন্দিরের এক কোণে[19] বসে, এক মনে[20] গীতা[21] পাঠ করেন[22] । শ্রীরঙ্গপুরে সকলেই জানেন যে ব্রাহ্মণটি মূর্খ । তাই সকলে ব্রাহ্মণটিকে গীতা পাঠ করতে দেখে তাকে ঠাট্টা—বিদ্রূপ করেন[23] । ব্রাহ্মণ কারো কথায় কান দেন[24] না । শুধু এক মনে গীতা পাঠ করেন ।

একদিন শ্রীচৈতন্য মন্দির থেকে ফিরছিলেন । তিনি দেখেন যে ব্রাহ্মণের চোখে জল । ব্রাহ্মণের সারা দেহ[25] কাঁপছে[26] । শ্রীচৈতন্য জিজ্ঞেস করলেন, "ব্রাহ্মণ, তুমি গীতা পাঠ করে কি বুঝছো ? তুমি সংস্কৃতের[27] ছন্দ[28] জানো না, আর তোমার উচ্চারণও[29] ভুল । বোধহয়[30] তুমি শব্দের[31] অর্থও বোঝ না । গীতা পাঠ করে তুমি কি সুখ লাভ করছো, ব্রাহ্মণ ?"

ব্রাহ্মণ উঠে দাঁড়িয়ে[32] বললেন, "প্রভু, আমি মূর্খ ব্রাহ্মণ । আমার শুধু অক্ষর[33] পরিচয় আছে । গীতার অর্থ আমি কিছুই

বুঝি না । আমি গীতার মর্মও[34] বুঝতে পারি না । আমি শুধু গুরুর[35] আজ্ঞা[36] পালন করি[37] । গুরু আমাকে বারো মাস গীতা পাঠ করতে আদেশ[38] দিয়েছেন । তাই আমি গুরুর আজ্ঞা পালন করছি । প্রভু, যতক্ষণ[39] আমি গীতা পাঠ করি, ততক্ষণ[40] আমি ভগবান্[41] কৃষ্ণের[42] দর্শন পাই । আমি দেখতে পাই যে ভগবান্ কৃষ্ণ অর্জুনকে[43] উপদেশ[44] দিচ্ছেন । এই দৃশ্য দেখে আমি আনন্দে অভিভূত[45] হই । আমার হৃদয়[46] আনন্দে পূর্ণ[47] হয় । আনন্দে আমার চোখে জল আসে, আমার দেহ কাঁপতে থাকে[48] ।"

শ্রীচৈতন্য বললেন, "ব্রাহ্মণ, তুমি মূর্খ হতে পারো[49], কিন্তু তুমি গীতার সার[50] মর্ম বুঝেছো । আমার ইচ্ছা সব পণ্ডিতেরা তোমার কাছে আসুন । তোমার কাছ থেকে গীতার সার মর্ম শিখুন । হে ভক্ত ব্রাহ্মণ, আমি যতদিন[51] শ্রীরঙ্গপুরে আছি ততদিন[52] তোমার সঙ্গ[53] পেতে চাই ।"

শ্রীচৈতন্য মূর্খ ব্রাহ্মণের সঙ্গ পেতে চান, এই খবর চারদিকে ছড়িয়ে পড়লো[54] । যাঁরা ব্রাহ্মণকে এতদিন ঠাট্টা—বিদ্রূপ করতেন তাঁরা সকলে ছুটে এলেন । তাঁরা মূর্খ ব্রাহ্মণের পদধূলি নিতে[55] লাগলেন ।

II. Vocabulary and notes:

শ্রীচৈতন্য[1]	'Sri Chaitanya' - a religious reformer of Bengal, 15th-16th century (see note 13 in Part IV)
শ্রী	'Sri' - used before a name, English equivalent is Mr., Mrs., or Miss, etc. Also used before the name of a place
চৈতন্য	lit. meaning: consciousness
মূর্খ[2]	ignorant; stupid
দক্ষিণ[3]	south
বহু (বহু)[4]	many; much; abundant
তীর্থ স্থান[5]	place of pilgrimage
তীর্থ	pilgrimage
স্থান	place
শ্রীরঙ্গপুর[6]	'Sriroŋgopur' - name of a place
বেঙ্কট ভট্ট[7]	"Benkat Bhatta' - name of a South Indian Brahmin
প্রভু[8]	Lord
অতিথি[9]	guest
হোন[10]	be (hon.) pres. imperative

পদধূলি দে—[11]	(verbal idiom) "pay a visit" (lit. meaning: give feet dust); this is a polite way to ask a holy or respectable person "to pay a visit" at one's home
সার্থক[12]	fulfil
হে[13]	(indicative) He; O
ভক্ত[14]	(adjective) devout (noun stem) devotee
আশ্রয়[15]	shelter
সেবা কর—[16]	(verb stem) serve; take care
প্রতিদিন[17]	every day
দর্শন লাভ করে[18]	"having the opportunity to get the sight"
দর্শন	literally means "sight"; the technical meaning (as used here) in Indian religion is that there is merit in the mere sight of an exceptionally holy man
লাভ কর—	(verb stem) gain; profit
কোণ[19]	(noun stem) corner
একমনে[20]	with great concentration; attentively (lit. meaning: in one mind)

গীতা[21]	Bhagbat Gita
পাঠ কর —[22]	(verb stem) "recite"; read
ঠাট্টা – বিদ্রূপ কর —[23]	(verbal idiom) taunt and ridicule
ঠাট্টা	taunt; joke
বিদ্রূপ	ridicule
কান দে —[24]	(verbal idiom) pay attention; pay heed to; (lit. meaning: give ears)
দেহ / গা [25]	body
কাঁপ [26]	(verb stem) shiver; tremle
সংস্কৃত [27]	Sanskrit
ছন্দ [28]	rhythm; style; poetical metre
উচ্চারণ [29]	pronunciation
বোধহয় [30]	perhaps
শব্দ [31]	word; sound
উঠে দাঁড়া —[32]	(verb stem) "stand up" (lit. meaning: rise and stand up)
অক্ষর [33]	word; syllable
মর্ম [34]	essence; central theme

গুরু[35]	preceptor; teacher
আজ্ঞা[36]	order
পালন কর —[37]	(verb stem) obey; admit
আদেশ[38]	order; command
যতক্ষণ[39]	as long as
ততক্ষণ[40]	so long
ভগবান্[41]	Lord; God
কৃষ্ণ[42]	'Krishna' - the eighth avatar of Vishnu and one of the most widely worshipped of the Hindu deities
অর্জ্জুন[43]	'Arjuna' - third brother of the Pandabas (reference is made from the Hindu Epic (Mahabharata)
উপদেশ[44]	advise
অভিভূত[45]	thrilled; overwhelmed
হৃদয়[46]	heart
পূর্ণ[47]	fill; full
কাঁপতে থাকে[48]	"continue to shiver" (lit. meaning to shiver remains), note that: infinitive + থাকে /thake/ is not infrequent in the language and has the connotation of continuing action

হতে পারো[49]	"maybe;" can; may become; although literal meaning is "will be able to be," the lexical treatment depends on the context
সার[50]	main; core
যতদিন[51]	as many days
ততদিন[52]	so many days
সঙ্গ[53]	association; companionship
ছড়িয়ে পড় —[54]	(verb stem) spread
পদধূলি নে —[55]	(verbal idiom) "take the dust of (someone's) feet;" the technical meaning is, that there is a merit in taking the dust of a holy man's or superior being's feet

Lesson XXV

I. Read the following story in Bengali and translate into English.

— জয়দেব[1] —

সংস্কৃত-সাহিত্যে অনেক অপূর্ব[2] কাব্য[3]-গ্রন্থ[4] আছে । কালিদাস ও ভবভূতি[5] বিভিন্ন[6] কাব্য রচনা করেছেন[7] । তাঁদের কাব্যে প্রকৃতির[8] অপূর্ব সুন্দর[9] বর্ণনা[10] আছে । মানুষ ও প্রকৃতির সম্বন্ধ[11] কালিদাসের কাব্যে উজ্জ্বল হয়ে উঠেছে[12] ।

বহু কবি প্রেমকে[13] কেন্দ্র[14] করে কাব্য রচনা করেছেন । বাংলায় কবি বিদ্যাপতি[15] ও চণ্ডীদাস[1] প্রেম-গীতি রচনা করেছেন । জয়দেব রচনা করেছেন — গীত গোবিন্দ[16] । বিশ্ব[17]-সাহিত্যে গীত গোবিন্দ একটি অমর[18] কাব্য-গ্রন্থ ।

জয়দেব বাংলার রাজা লক্ষ্মণ সেনের[19] সভাকবি ছিলেন । রাধা[20] ও কৃষ্ণের প্রেমকে কেন্দ্র করে তিনি এই অপূর্ব কাব্য-গ্রন্থ রচনা করেন । জয়দেব এই কাব্য-গ্রন্থটি গীতি-কাব্য[21] রূপে[22] রচনা করেন । কৃষ্ণের অপর নাম গোবিন্দ । সেই জন্যে জয়দেব কাব্যের নাম দেন —

গীত গোবিন্দ । গীত গোবিন্দ বাঙলার বৈষ্ণবদের[23] অতি[24] প্রিয় গ্রন্থ ।

জয়দেব বাঙলার কবি ; বাঙলার গৌরব[25] । জয়দেব সারা জীবনে একটি মাত্র[26] কাব্য – গ্রন্থ রচনা করেন । সংস্কৃত – সাহিত্যে এক মাত্র[27] জয়দেবই একটি মাত্র কাব্য – গ্রন্থ রচনা করে অমর হয়েছেন ।

II. Vocabulary and notes:

+জয়দেব[1]	Jayadeva - Vāisnava poet, 12th century A.D. (see note 14, part IV)
অপূর্ব[2]	exquisite; exquisitely; wonderful
কাব্য[3]	poetry
গ্রন্থ[4]	book
ভবভূতি[5]	Bhababhuti - Sanskrit poet, (see note 15, Part IV)
বিভিন্ন[6]	various; different
রচনা কর —[7]	(verb stem) compose; write
রচনা	composition; essay; writing
প্রকৃতি[8]	nature

সুন্দর [9]	beautiful
বর্ণনা [10]	description
সম্বন্ধ [11]	relation
উজ্জ্বল হয়ে ওঠে — [12]	(verbal idiom) "become vivid"
উজ্জ্বল	bright; brilliant
প্রেম [13]	love
কেন্দ্র [14]	center; focus
বিদ্যাপতি [15]	Bidyapati - Maithili Vaisnava poet, 15th century A.D. (see note 16, part IV)
গীত গোবিন্দ [16]	(lit. meaning: 'Songs of Krishna'), lyric poems composed by Jayadeva which tell the story of the love of Govinda (Krishna as the God of the herdsman) and his consort Radha
বিশ্ব [17]	world
অমর [18]	immortal (lit. meaning: not mortal)
লক্ষ্মণ সেন [19]	Lakshman Sen - an eminent ruler of Sen Dynasty in Bengal
রাধা [20]	Radha - consort of Lord Krishna
গীতি – কাব্য [21]	lyric poem

রূপে [22]	"in the form of" (locative)
বৈষ্ণব [23]	"worshippers of Visnu", the word is derived from বিষ্ণু /biṣnu/, "name of a Hindu God"
অতি [24]	very
গৌরব [25]	pride
একটি মাত্র [26]	only one
এক মাত্র [27]	only; sole; singularly

PART III

INTRODUCTION - Relationships of *calit*, *likhita calit*, and *sādhu-bhāṣā* Bengali

. . .

0.0.0. It is recognised that there are three forms of written Bengali, two of which are used for prose composition and the third one for poetry. The two forms that are used for prose composition are called *Sādhu-bhāṣā* (the pedantic language or literary language, hereafter SB) and *Sahityar Calit-bhāṣā* (literary colloquial language, hereafter LCB). The third form has no specific name but is generally referred to as *Kabitār bhāṣā* (poetic language).

. . . .

0.0.0.1. Pure SB used to be the norm for the writing of the language, the peculiarities of which are still recognized and understood wherever Bengali is written or read; SB is not ordinarily spoken.

. . . .

0.0.0.2. The LCB is theoretically based on *calit-bhāṣā* (CB), the standard spoken language, which is first and foremost the standard language of Calcutta. CB is used and understood throughout an area which crosses over many dialect boundaries. Though LCB is primarily based on CB, it is far from an exact representation of CB. First of all, it may be mentioned that the LCB orthographic system, which is not much different from the SB orthographic system, fails to represent the CB phonology fully and accurately. There are many other deeper differences between LCB and CB. These differences are found at all levels of structure - phonology, morphology, syntax, and vocabulary.

. . . .

0.0.0.3. In relatively recent times there has been a movement to blend the SB and the CB lexicon at the literary level. The result of this blending in literature is the emergence of an LCB whose points of focus fall within the continuum between the two extreme poles of the SB and the CB (see figure 1, p. 233). In the middle and late nineteenth century few writers (like Pyarīchād Mitra, Kaliprasanna Singha, etc.) used CB for serious literature; Pramatha Choudhury was perhaps the first champion of LCB, but it was Rabindranāth Ṭhākur (Tagore) who really raised it to its present respected status. Tagore's writing in general represents the middle ground between the opposite poles of the SB and CB Bengali. Among contemporary Bengali writers there are ardent and powerful apologists for the extremes of both the SB and the CB, but the trend is strongly toward an LCB whose focus is drawing closer to CB. However, in school and college textbooks, newspapers, etc., the language used is still essentially SB.

0.0.0.4. Descriptively, the difference between the SB and the CB forms can be summarized under five categories: morphological, lexical, phonological, syntactical, and idiomatic usages. The morphological and lexical differences between the SB and the CB are significant and will be discussed here briefly. The syntactical, phonological, and idiomatic differences between the SB and the CB (LCB) forms, considerably more difficult to systematize, will be met as they occur in the following pages.

0.0.0.5. Morphological distinctions: Morphological differences between SB and CB/LCB are primarly in verb forms and in certain noun and pronoun endings. There are few verb forms common to both SB and CB (see below)..Beside them, an SB suffix is rarely if ever used in a CB environment. The distinctions are summarized here:

0.0.5.1. (i) Verb forms: (synopsis of 1st person forms for all the tenses, 2nd and 3rd persons of the present and future imperative forms are given as examples:

a. Regular stem form:	ex.	কর–	/kɔr/	(to) do
b. Causative stem form:	ex.	করা–	/kɔra/	cause (to) do
c. Irregular stem form:	ex.	যা–	/ja/	(to) go

a. Regular stem form: কর– /kɔr/ (to) do

Tense	CB	SB
Simple present:	করি /kor-i/	করি /kor-i/
Simple past:	করলাম /kor-l-am/	করিলাম /kor-i-l-am/
also:	করলুম /kor-l-um/	
Past habitual:	করতাম /kor-t-am/	করিতাম /kor-it-am/
also:	করতুম /kor-t-um/	
Simple future:	করবো /kor-b-o/	করিব /kor-ib-o/

Tense	CB	SB
Pres. continuative:	করছি /kor-ch-i/	করিতেছি /kor-ite-ch-i/
Past continuative:	করছিলাম /kor-chi-l-am/	করিতেছিলাম /kor-ite-chi-l-am/
also:	করছিলুম /kor-chi-l-um/	
Pres. perfect:	করেছি /kor-e-ch-i/	করিয়াছি /kor-ia-ch-i/
Past perfect:	করেছিলাম /kor-e-chi-l-am/	করিয়াছিলাম /kor-ia-chi-l-am/
also:	করেছিলুম /kor-e-chi-l-um/	
Infinitive:	করতে /kor-te/	করিতে /kor-ite/
Past Active Participle:	করে /kor-e/	করিয়া /kor-ia/
Conditional:	করলে /kor-le/	করিলে /kor-ile/

Tense	CB	SB
Pres. Imperative:		
2nd person (ord.):	করো /kɔr-o/	কর /kɔr-o/
3rd person (ord.):	করুক /kor-uk/	করুক /kor-uk/
2nd and 3rd person (hon.):	করুন /kor-un/	করুন /kor-un/
Future Imperative:		
2nd person (ord.)	ক'রো /kor-o/	করিও /kor-io/
2nd and 3rd person (hon.)	করবেন /kor-b-en/	করিবেন /kor-ib-en/

b. Causative stem form: করা- /kɔra/ cause (to) do

Simple present:	করাই /kɔra-i/	করাই /kɔra-i/

Tense	**CB**	**SB**
Simple past:	করালাম /kɔra-l-am/	করাইলাম /kɔra-il-am/
also:	করালুম /kɔra-l-um/	
Past habitual:	করাতাম /kɔra-t-am/	করাইতাম /kɔra-it-am/
also:	করাতুম /kɔra-t-um/	
Simple future:	করাবো /kɔra-b-o/	করাইবো /kɔra-ib-o/
Pres. continuative:	করাচ্ছি /kora-cch-i/	করাইতেছি /kɔra-ite-ch-i/
Past continuative:	করাচ্ছিলাম /kɔra-cchi-l-am/	করাইতেছিলাম /kɔra-ite-chi-l-am/
also:	করাচ্ছিলুম /kora-cchi-l-um/	
Pres. perfect:	করিয়েছি /kori-e-ch-i/	করাইয়াছি /kora-ia-ch-i/

Past perfect:	করিয়েছিলাম /kori-e-chi-l-am/	করাইয়াছিলাম /kora-ia-chi-l-am/
Infinitive:	করাতে /kɔra-te/	করাইতে /kɔra-ite/
Past active participle:	করিয়ে /kori-e/	করাইয়া /kɔra-ia/
Conditional:	করালে /kɔra-le/	করাইলে /kɔra-ile/
Pres. imperative:		
2nd person (ord.):	করাও /kɔra-o/	করাও /kɔra-o/
3rd person (ord.):	করাক /kora-k/	করাক /kɔra-k/
2nd and 3rd person (ord.):	করান /kɔra-n/	করান /kɔra-n/
Future imperative:		
2nd person (ord.)	করিও /kori-o/	করাইও /kɔra-io/

Tense	CB	SB
2nd and 3rd person (hon.)	করাবেন /kɔra-b-en/	করাইবেন /kɔra-ib-en/
c. Irregular stem form:	যা- /ja/	(to) go
Simple present:	যাই /ja-i/	যাই /ja-i/
Simple past:	গেলাম /ge-l-am/	যাইলাম /ja-il-am/
also:	গেলুম /ge-l-um/	গেলাম /ge-l-am/
Past habitual:	যেতাম /je-t-am/	যাইতাম /ja-it-am/
also:	যেতুম /je-t-um/	
Simple future:	যাবো /ja-b-o/	যাইব /ja-ib-o/
Pres. continuative:	যাচ্ছি /ja-cch-i/	যাইতেছি /ja-ite-ch-i/

Tense	CB	SB
Past continuative:	যাচ্ছিলাম /ja-cchi-l-am/	যাইতেছিলাম /ja-ite-chi-am/
also:	যাচ্ছিলুম /ja-cchi-l-um/	
Pres. perfect:	গেছি /ge-ch-i/	গিয়াছি /gi-a-ch-i/
also:	গিয়েছি /gi-e-ch-i/	
Past perfect:	গিয়েছিলাম /gi-e-chi-l-am/	গিয়াছিলাম /gi-a-chi-l-am/
also:	গিয়েছিলুম /gi-e-chi-l-um/	
Infinitive:	যেতে /je-te/	যাইতে /ja-ite/
Past active participle:	গিয়ে /gi-e/	যাইয়া /ja-ia/
also:	যেয়ে /je-e/	

Tense	CB	SB
Conditional:	গেলে /ge-le/	যাইলে /ja-ile/
also:		গেলে /ge-le/
Pres. imperative:		
2nd person (ord.):	যাও /ja-o/	যাও /ja-o/
3rd person (ord.):	যাক /ja-k/	যাউক /ja-uk/
2nd and 3rd persons (hon.):	যান /ja-n/	যাউন /ja-un/
Future imperative:		
2nd person (ord.):	যেও /je-o/	যাইও /ja-io/
2nd and 3rd persons (hon.):	যাবেন /ja-b-en/	যাইবেন /ja-ib-en/

ii. Noun suffixes: The most striking differences are the forms of the animate plural suffixes and the inanimate pronouns eṭa, oṭa, ja, ta, etc.

Case	LCB form	SB form	Gloss
Nominative:	বালকরা	বালকগণ	
	/balok-ra/	/balok-gɔn/	boys
	বালকেরা		
	/baloke-ra/		
Genitive:	বালকদের	বালকদের	
	/balok-der/	/balok-der/	of boys
Objective:	বালকদেরকে	বালকগণকে	
	/balok-der-ke/	/balok-gɔn-ke/	to boys
	বালকদের	বালকদিগকে	
	/balok-der/	/balok-digɔ-ke/	

iii.a. Pronoun endings: (animate 1st perons and 3rd person pronouns as examples).

Case	LCB form	SB form	Gloss
Nominative (1st):	আমরা	আমরা	
	/am-ra/	/am-ra/	we
Genitive (1st):	আমাদের	আমাদিগের	
	/ama-der/	/ama-dig-er/	of us

Case	LCB form	SB form	Gloss
Objective: (1st)	আমাদেরকে /ama-der-ke/	আমাদিগকে /ama-digɔ-ke/	to us
	আমাদের /ama-der/		
(3rd)	তারা /ta-ra/	তাহারা /ta-ha-ra/	they (ord.)
	তাঁরা /tã-ra/	তাঁহারা /tã-ha-ra/	they (hon.)

iii.b. Other pronouns: (inanimate)

	এটা /e-ţa/	ইহা /i-ha/	this; this one
	ওটা /o-ţa/	উহা /u-ha/	that; that one
	তা /ta/	তাহা /ta-ha/	that
	যা /ja/	যাহা /ja-ha/	that

0.0.0.6. Lexical distinctions: Lexical differences between the CB and SB forms are significant. Many words are identical in CB and SB, though the majority are not. A few examples of CB and SB lexical differences (as will appear in the lessons) are the following:

CB form	SB form	Gloss
বাবা	পিতা	
/baba/	/pita/	father
মা	মাতা	
/ma/	/mata/	mother
ছেলে	পুত্র, সন্তান	
/chele/	/puttro/, /sɔntan/	son
মেয়ে	কন্যা	
/mee/	/konna/	daughter
মেয়ে	বালিকা	
/mee/	/balika/	girl
লোক	ব্যক্তি	
/lok/	/bekti/	person
হাত	হস্ত	
/hat/	/hɔsto/	hand
মাথা	মস্তক	
/matha/	/mɔstok/	head

0.0.0.6.1. Idiomatic distinctions: The following are the few examples of CB and SB idiomatic differences that will appear in the lessons:

CB form	SB form	Gloss
মাথা খারাপ	মস্তিষ্ক বিকৃত	
/matha kharap/	/mostiśko-bikkrito/	insane
কান দে —	কর্ণপাত কর —	
/kan de-/	/kɔrnopat kɔr-/	(verb stem) pay heed

0.0.0.6.2. It is to be noted that the LCB uses the majority of the CB and SB lexicons and idioms. The most significant feature of the LCB which differentiates it from the SB, is its CB morphology and CB syntax. LCB seldom, if ever, uses certain CB lexicon. Similarly, certain highly pedantic SB lexicons are generally not used in LCB. Thus both the CB and SB have their own lexicons which are outside the realm of LCB. However, it is to be noted also that there is a certain amount of vocabulary (used in science, journalism, etc.) which is common in CB, LCB, and SB lexicons.

A scale diagram is drawn here to show the relations of the CB, LCB, and SB.

Figure 1.


LCB
Field of CB
Field of SB
CB pole
SB pole
CB 100 90 80 70 60 50 40 30 20 10 0 CB
SB 0 10 20 30 40 50 60 70 80 90 100 SB

Free variant in the LCB realm

(i) CB morphology and syntax

(ii) majority of CB and SB lexicons and idioms

In figure 1., two extreme poles of a scale are fixed by CB and SB, and it is considered that there are an infinite number of points between the two poles on which the focal point of LCB can fall. The field of LCB is relatively large. The poles of LCB could be drawn either close to the CB or SB end, depending on the frequency of use of the CB or SB lexicons and idioms.

. . . .

0.0.0.6.3. In the following pages three stories are given both in LCB and SB forms and one story only in SB form. This is just to show the distinction and gradation between the LCB and the SB form of writings at certain levels. I have tried to maintain a level in writing which will be appropriate at this stage of the introductory reader. You will notice that the main distinction between the LCB and SB forms is morphological. Apart from such morphological distinctions you will also meet lexical and a few idiomatic and syntactic differences. You will also notice that the choice of CB or SB lexicons and idioms depends on the theme (subject matter) and context of the material.

. . . .

0.0.0.6.4. I would like you now to imagine that CB and SB are at two extreme poles of a scale and that there are an infinite number of points between the two poles on which the focal point of LCB can fall (figure 1.). Having such a scale at your disposal, you can place lesson XXVI(A) at the CB end of the scale (because it has CB morphology and mainly CB lexicon) and lesson XXVI(C) at the SB end of the scale (as it has SB morphology and SB lexicon). With two poles now set at the opposite ends of the scale, you will find that Lesson XXVI(B) written in LCB, falls in the middle of that scale as it has CB morphology and SB lexicon.

. . . . .

0.0.0.6.5. You will find that the LCB form of the next lesson (Lesson XXVII(A)) falls toward the CB end of the scale (having CB morphology and predominantly CB lexicon); the other, (Lesson XXVII(B)), is in SB form and is at the SB end of the scale.

. . . . . .

0.0.0.6.6. You will notice in Lesson XXVIII(A) (having CB morphology and SB lexicon) that the focal point of LCB can be brought toward the SB end of the scale by making use of the SB lexicon. Lesson XXVIII(B), written in SB form, differs from Lesson XXVIII(A) only in having SB morphology.

. . . . . .

0.0.0.6.7. The last lesson in Part III is written only in SB form. I presume that after going through the three previous lessons in SB form, you will now be able to understand and enjoy the story.

References

E.C. Dimock, Jr., 1960, "Literary and Colloquial Bengali in Modern Prose:" International Journal of American Linguistics, vol. 26, no. 3, pp. 43-63.

S. Chatterjee, 1961. A Study of the Relationships of Colloquial and Literary Bengali: (unpublished thesis).

Lesson XXVI(A)

I. Read the following story in Bengali and translate into English:

মুনি[1] ও মূষিক[2]

হিমালয়ের[3] পাদতলে[4] একটি আশ্রম[5] ছিল। সেই আশ্রমে এক মুনি থাকতেন। মুনিটির নাম জন – জ্যাক[6]। গঙ্গা[7] নদীর একদিকে[8] জন – জ্যাক মুনির আশ্রম। গঙ্গার অন্য দিকে[9] অন্যান্য[10] মুনিদের আশ্রম।

মুনি জন – জ্যাক রোজ গঙ্গা নদীতে চান করতেন[11]। চানের পর মুনি গঙ্গার তীরে বসে পুজো করতেন[12]। একদিন মুনি নদীতে চান করছিলেন। হঠাৎ তাঁর হাতে একটি স্ত্রী – ইঁদুর[13] ভেসে এল[14]। অসহায়া[15] স্ত্রী – ইঁদুরটিকে দেখে মুনির দয়া হলো। মুনি স্ত্রী – ইঁদুরটিকে একটি কলা – পাতার[16] ওপর রাখলেন। তার পর চান শেষ করে মুনি পুজো করতে বসলেন। পুজো করবার সময় মুনি ভাবলেন যে তিনি এই স্ত্রী – ইঁদুরটিকে একটি মেয়ে তৈরী করে দেবেন[17]। মুনি যোগবলে[18] স্ত্রী – ইঁদুরটিকে একটি মেয়ে তৈরী করলেন।

মুনির স্ত্রীর কোন ছেলে – মেয়ে[19] ছিল না। মুনি

মেয়েটিকে তাঁর স্ত্রীর কাছে দিয়ে বললেন, "এই মেয়েটিকে তুমি নিজের মেয়ের মত মানুষ করো[20]।" মুনির স্ত্রী মেয়েটিকে পেয়ে খুব খুসী[21] হলেন। তিনি মেয়েটিকে অনেক[22] আদর - যত্নে[23] মানুষ করতে লাগলেন।

মেয়েটির বয়স যখন পনেরো[24] বছর হলো তখন মুনির স্ত্রী তাঁর স্বামীকে[25] বললেন, "দেখো, আমার মেয়েটির বয়স বাড়ছে[26]। এখন এর বিয়ে দেওয়া দরকার।" মুনি বললেন, "তুমি ঠিকই বলেছ। মেয়ের বাবা হিসাবে আমার কর্তব্য[27] যে আমি মেয়ের বিয়ে ঠিক সময়ে দিই। কিন্তু আমাদের মেয়ে এখন বড় হয়েছে[28]। তাই মেয়ের মতামত[29] নেওয়া আমাদের কর্তব্য।"

মুনির স্ত্রী বললেন, "আমার ইচ্ছে যে সূর্যের[30] সঙ্গে আমাদের মেয়ের বিয়ে হয়।" মুনি বললেন, "তাহলে আমি সূর্যকে ডাকি।"

সূর্য নিজে হাজির হয়ে[31] বললেন, "মুনি, আপনি আমাকে ডেকেছেন কেন?" মুনি সূর্যকে বললেন, "আমার মেয়ে যদি আপনাকে পছন্দ করে তাহলে আপনি তাকে বিয়ে করুন, এই আমাদের ইচ্ছে।" এর পর মুনি তাঁর

মেয়েকে ডেকে বললেন, 'তুমি কি সূর্যকে বিয়ে করতে চাও ?" মেয়ে বললো, "বাবা, সূর্যের তাপ[32] ভীষণ[33]। আমি ঐ ভীষণ তাপ সহ্য করতে পারব না। আপনি বরং অন্য পাত্র[34] দেখুন।"

মেয়ের কথা শুনে মুনি সূর্যকে বললেন, "আপনিই বলুন যে আপনার চেয়ে[35] আর কে বড় ?"

সূর্য বললেন, "মেঘ আমার চেয়ে বড়। তিনি ইচ্ছে করলে আমাকে ঢেকে দিতে[36] পারেন।"

মুনি তাঁর মেয়েকে জিজ্ঞেস করলেন, "তুমি কি মেঘকে বিয়ে করতে চাও ?"

মেয়ে বললো, "বাবা, মেঘ ভীষণ ঠাণ্ডা। আপনি বরং অন্য পাত্র দেখুন।"

মুনি তখন মেঘকে ডেকে জিজ্ঞেস করলেন, "আপনার চেয়ে আর কে বড় ?"

মেঘ বললেন, "আমার চেয়ে বাতাস[37] বড়।"

মুনি তখন বাতাসকে ডাকলেন। বাতাসকে দেখে মুনি–কন্যা বললো, "ইনিও খুব বলবান[38]। আমি এঁকে বিয়ে করতে পারবো না। আপনি অন্য পাত্র দেখুন।"

মুনি তখন বাতাসকে ডেকে জিজ্ঞেস করলেন, " আপনি বলুন যে আপনার চেয়ে আর কে বড় ?"

বাতাস বললেন, " আমার চেয়ে পর্বত[39] বড় । কারণ পর্বত আমাকে বাধা দিতে[40] পারেন ।"

মুনি তখন পর্বতকে ডাকলেন । পর্বতকে দেখে মুনি-কন্যা বললো, " বাবা, ইনি বড় রুক্ষ[41] আর স্থবির[42] । আমি এমন রুক্ষ আর স্থবিরকে বিয়ে করতে পারবো না । আপনি দয়া করে অন্য পাত্র দেখুন ।"

মুনি তখন পর্বতকে জিজ্ঞেস করলেন, " আপনার চেয়ে আর কে বড় ?"

পর্বত বললো, " ইঁদুর আমার চেয়ে বড় ।"

মুনি তখন ইঁদুরকে ডাকলেন ।

মুনি-কন্যা ইঁদুরকে দেখে খুসীতে ভরে উঠলো[43] ।

মুনি-কন্যার দেহ আনন্দে কেঁপে উঠলো[44] । তার মুখ থেকে কেবল মাত্র[45] দুটি শব্দ বার হলো[46] । —" আমারই মতন[47], আমারই মতন ।" কিছুক্ষণ[48] পরে মুনি-কন্যা বললো, " বাবা, আপনি আমাকে এই ইঁদুরের হাতে দিন[49] । দয়া করে আপনি আমাকে স্ত্রী-ইঁদুরে পরিণত করুন ।"

মুনি তাঁর যোগবলে মেয়েকে আবার স্ত্রী – ইঁদুরে পরিণত করলেন ।

স্ত্রী – ইঁদুর আর পুরুষ – ইঁদুরটি আনন্দে ও সুখে দিন কাটাতে লাগলো ।

II. Vocabulary and notes:

LCB	
মুনি[1]	sage; hermit
মূষিক[2]	mouse
হিমালয়[3]	The Himalayas (mountain) (lit. meaning: abode for ice or snow); note that the final অ of হিম and the initial আ of আলয় combine to আ in compound.
হিম	dew; ice; snow
আলয়	abode
পদতল[4]	"foothill"; base (lit. meaning: base of the feet)
আশ্রম[5]	hermitage; monastery
জন – ডল্যাক[6]	a name
গঙ্গা[7]	The Ganges (river)
একদিকে[8]	on one side

অন্যদিকে[9]	on the other side
অন্য	other
অন্যান্য[10]	others; different
চান কর —[11]	(verb stem) take bath
পুজো কর —[12]	(verb stem) worship
স্ত্রী-ইঁদুর[13]	female mouse
স্ত্রী	wife; female (of any animal); woman
ভেসে আস —[14]	(verb stem) come floating
অসহায়া[15]	helpless (feminine); note that "া" /a/ is a feminine-forming suffix
কলা-পাতা[16]	banana leaf
কলা	banana
তৈরী করে দে —[17]	(verb stem) "turn into"; "transform"
তৈরী কর —	(verb stem) turn into; build; make; prepare
যোগবল[18]	power of meditation; esoteric power or spiritual power obtained by practice in concentration
ছেলে-মেয়ে[19]	children; sons and daughters; boys and girls

মানুষ কর[20] —	(verb stem) bring up; raise (lit. meaning: make (someone into a) man)
খুসী[21]	happy; delighted
অনেক[22]	much; many; great
আদর-যত্ন[23]	affection and care
আদর	affection
যত্ন	care
পনেরো[24]	fifteen
স্বামী[25]	husband; head; sannyasis are also addressed as Swami
বাড়[26] —	(verb stem) increase; grow
কর্তব্য[27]	duty
বড় হ[28] —	(verbal idiom) grow up
মতামত[29]	opinion
সূর্য[30] (সূর্য্য)	sun
হাজির হ[31] —	(verb stem) appear; be present
তাপ[32]	heat
ভীষণ[33]	terrible; intense; awful

পাত্র[34]	bridegroom; vessel; jar
চেয়ে[35]	compared to (post-position)
ঢেকে দে-[36]	(verb stem) cover; cover up
বাতাস[37]	wind; air
বলবান্[38]	strong; powerful; a common (masculine) adjectival suffix which forms adjective derivatives from nouns is বান্ /ban/.
পর্বত[39] (পর্ব্বত)	mountain
বাধা দে-[40]	(verb stem) resist; obstruct (lit. meaning: give resistance)
রুক্ষ[41]	rough
স্থবির[42]	old
ভরে ওঠ-[43]	(verb stem) filled with
কেঁপে ওঠ-[44]	(verb stem) shiver; tremble
কেবল মাত্র[45]	"just", only; note that both কেবল /kebol/ and মাত্র /mattro/ mean "only". মাত্র is used as an intensifier.
বার হ-[46]	(verb stem) "come out"; go out
মতন/মত[47]	like

কিছুক্ষণ[48]	a while
হাতে দে-[49]	(verb stem) "offer"; submit; hand over (lit. meaning: give in the hand)
পুরুষ[50]	male; man; person; generation

Lesson XXVI (B)

I. Read the following story in Bengali and translate into English.

মুনি ও মূষিক

হিমালয়ের পদতলে একটি আশ্রম ছিল। সেই আশ্রমে এক মুনি থাকতেন। মুনিটির নাম জন-ভল্যাক। গঙ্গা নদীর এক পার্শ্বে[1] জন-ভল্যাক মুনির আশ্রম। গঙ্গার অপর পার্শ্বে[2] অন্যান্য মুনিদের আশ্রম।

মুনি জন-ভল্যাক প্রতিদিন গঙ্গা নদীতে স্নান করতেন[3]। স্নানের পর মুনি গঙ্গার তীরে বসে উপাসনা করতেন[4]। একদিন মুনি নদীতে স্নান করছিলেন। সহসা[5] তাঁর হস্তে[6] একটি স্ত্রী-মূষিক[7] ভেসে এলো। অসহায়া স্ত্রী-মূষিকটিকে দেখে মুনির দয়া হলো। মুনি তাকে একটি কলা-পাতার উপর[8] রাখলেন। স্নান শেষ করে মুনি উপাসনায় বসলেন। উপাসনার সময় মুনি ভাবলেন যে তিনি এই স্ত্রী-মূষিকটিকে একটি বালিকাতে[9] পরিণত করবেন[10]। মুনি যোগবলে স্ত্রী-মূষিকটিকে একটি বালিকাতে পরিণত করলেন।

মুনি-পত্নীর[11] কোন সন্তান-সন্ততি[12] ছিল না।

মুনি বালিকাকে তাঁর পত্নীর কাছে দিয়ে বললেন, "এই বালিকাটিকে তুমি কন্যা[13] রূপে[14] পালন করো[15]।"

মুনি-পত্নী বালিকাকে পেয়ে অত্যন্ত[16] আনন্দিত হলেন। তিনি তাকে বহু আদর-যত্নে পালন করতে লাগলেন।

বালিকাটির বয়স যখন পনেরো বৎসর[17] হলো তখন মুনি-পত্নী তাঁর স্বামীকে বললেন, "দেখো, আমার কন্যাটির বয়স বাড়ছে। এখন এর বিবাহ[18] দেওয়া প্রয়োজন[19]।"

মুনি বললেন, "তুমি যথার্থই[20] বলেছো। পিতা[21] হিসাবে যথা সময়ে[22] কন্যার বিবাহ দেওয়া আমার কর্তব্য। কিন্তু আমাদের কন্যা এখন বয়স্কা[23]। সেই জন্য কন্যার মতামত নেওয়া আমাদের কর্তব্য।"

মুনি-পত্নী বললেন, "আমার ইচ্ছা যে সূর্য্যের সঙ্গে আমাদের কন্যার বিবাহ হয়।" মুনি বললেন, "তাহলে আমি সূর্য্যদেবকে[24] আহ্বান করি[25]!"

সূর্য্যদেব সম্মুখে[26] উপস্থিত হয়ে বললেন, "মুনি, আপনি আমাকে ডেকেছেন কেন?"

মুনি সূর্য্যদেবকে বললেন, "আমার কন্যা যদি আপনাকে পছন্দ করে তা হলে আপনি আমার কন্যাকে বিবাহ

করুন, এই আমাদের ইচ্ছা।"

এরপর মুনি তাঁর কন্যাকে ডেকে বললেন, "তুমি কি সূর্য্যদেবকে বিবাহ করতে চাও?"

কন্যা বললো, "পিতা, সূর্য্যদেবের উত্তাপ[27] প্রবল[28]। আমি ঐ প্রবল উত্তাপ সহ্য করতে পারবো না। আপনি বরং অন্য পাত্র দেখুন।"

কন্যার কথা শুনে মুনি সূর্য্যদেবকে বললেন, "হে সূর্য্যদেব, আপনিই বলুন যে আপনার অপেক্ষা[29] আর কে শ্রেষ্ঠতর[30]?"

সূর্য্যদেব বললেন, "মেঘ আমার অপেক্ষা শ্রেষ্ঠতর। তিনি ইচ্ছা করলে আমাকে ঢেকে দিতে পারেন।"

মুনি তাঁর মেয়েকে জিজ্ঞেস করলেন, "তুমি কি মেঘদেবকে বিবাহ করতে চাও?"

কন্যা বললো, "পিতা, মেঘদেব অতি শীতল[31]। আপনি বরং অন্য পাত্র দেখুন।"

মুনি তখন মেঘদেবকে ডেকে জিজ্ঞেস করলেন, "আপনার অপেক্ষা আর কে শ্রেষ্ঠতর?"

মেঘদেব বললেন, "পবনদেব[32] আমার অপেক্ষা শ্রেষ্ঠতর।"

মুনি তখন পবনদেবকে ডাকলেন। পবনদেবকে দেখে মুনি-কন্যা বললো, "ইনিও অত্যন্ত বলবান্। আমি এঁকে বিবাহ করতে পারবো না। আপনি অন্য পাত্র দেখুন।"

মুনি তখন পবনদেবকে ডেকে জিজ্ঞেস করলেন, "আপনি বলুন যে আপনার অপেক্ষা আর কে শ্রেষ্ঠতর?"

পবনদেব বললেন, "আমার অপেক্ষা পর্বত শ্রেষ্ঠতর। কারণ পর্বত আমাকে বাধা দিতে পারেন।"

মুনি তখন পর্বতকে ডাকলেন। পর্বতকে দেখে মুনি-কন্যা বললেন, "পিতা, ইনি অতি রুক্ষ ও স্থবির। আমি এমন রুক্ষ ও স্থবিরকে বিবাহ করতে পারবো না। আপনি দয়া করে অন্য পাত্র দেখুন।"

মুনি তখন পর্বতকে জিজ্ঞেস করলেন, "আপনার অপেক্ষা আর কে শ্রেষ্ঠতর?"

পর্বত বললেন, "মূষিক আমার অপেক্ষা শ্রেষ্ঠতর।"

মুনি তখন মূষিককে ডাকলেন।

মুনী-কন্যা মূষিককে দেখে খুশীতে ভরে উঠলো।

মুনী-কন্যার দেহ আনন্দে দুলে উঠলো। তার মুখ থেকে মাত্র দুটি শব্দ বার হলো — "আমারই মতন।

আমারই মতন ।" কিছুক্ষণ পর মুনি-কন্যা বললো, "পিতা, আমাকে এই মূষিকের হস্তে নিবেদন করুন[33] । দয়া করে আপনি আমাকে স্ত্রী-মূষিকে পরিণত করুন ।"

মুনি তাঁর যোগবলে কন্যাকে স্ত্রী-মূষিকে পরিণত করলেন স্ত্রী-মূষিক ও পুরুষ-মূষিক আনন্দে ও সুখে দিন কাটাতে লাগলো ।

II. Vocabulary and notes:

LCB	
এক পার্শ্ব[1]	one side
অপর পার্শ্ব[2]	other side
স্নান কর্‌—[3]	(verb stem) take bath
উপাসনা কর্‌—[4]	(verb stem) worship; pray; meditate
সহসা[5]	suddenly
হস্ত[6]	hand
স্ত্রী-মূষিক[7]	female mouse
উপর[8]	on; top; upon
বালিকা[9]	girl
পরিণত কর্‌—[10]	(verb stem) "turn into;" transform
মুনি-পত্নী[11]	wife of the hermit
পত্নী	wife
সন্তান-সন্ততি[12]	children; sons and daugnters
কন্যা[13]	daughter
রূপে[14]	suffix meaning "as"; in the form of
পালন কর্‌—[15]	(verb stem) bring up; raise; serve
অত্যন্ত[16]	greatly; extremely

বৎসর[17]	year
বিবাহ[18]	marriage; wedding
প্রয়োজন[19]	necessity; need
যথার্থ[20]	right; correct; true
পিতা[21]	father
যথা সময়ে[22]	at the right time; in proper time
বয়স্কা[23]	grown up; aged (feminine)
সূর্য্যদেব[24]	Sun god
দেব	god; an element of a name
আহ্বান করা —[25]	(verb stem) call; invite
স্বয়ং[26]	".oneself"; ".himself".
উত্তাপ[27]	heat
প্রবল[28]	intense; awful; terrible
অপেক্ষা[29]	compared to; relative to (post-position)
শ্রেষ্ঠতর[30]	"greater;" "better;" note that তর /toro/ is a relative forming suffix

শীতল[31]	cold
পবনদেব[32]	Wind God
নিবেদন কর —[33]	(verb stem) offer; submit; hand over

Lesson XXVI (C)

Exercise 1.

I. Read the following story in Bengali and translate into English.

মুনি ও মূষিক

হিমালয়ের পদতলে একটি আশ্রম ছিল। সেই আশ্রমে এক মুনি থাকিতেন। মুনিটির নাম জন - ভল্যক। গঙ্গা নদীর এক পার্শ্বে জন - ভল্যক মুনির আশ্রম। গঙ্গার অপর পার্শ্বে অন্যান্য মুনিদের আশ্রম।

মুনি জন - ভল্যক প্রতিদিন গঙ্গা নদীতে স্নান করিতেন। স্নানের পর মুনি গঙ্গার তীরে বসিয়া উপাসনা করিতেন। একদিন মুনি নদীতে স্নান করিতেছিলেন। সহসা তাঁহার হস্তে একটি স্ত্রী - মূষিক ভাসিয়া আসিল[1]। অসহায়া স্ত্রী - মূষিকটিকে দেখিয়া মুনির দয়া হইল। মুনি উহাকে একটি কলা - পাতার উপর রাখিলেন। স্নান শেষ করিয়া মুনি উপাসনায় বসিলেন। উপাসনার সময় মুনি ভাবিলেন যে এই স্ত্রী - মূষিকটিকে তিনি একটি বালিকাতে পরিণত করিবেন। মুনি যোগবলে স্ত্রী মূষিকটিকে একটি বালিকাতে পরিণত করিলেন।

মুনি - পত্নীর কোন সন্তান - সন্ততি ছিল না। মুনি

বালিকাকে তাঁহার নিকট[2] দিয়া বলিলেন, "এই বালিকাটিকে তুমি কন্যা রূপে পালন করো।" মুনি-পত্নী বালিকাটিকে পাইয়া অত্যন্ত আনন্দিত হইলেন। তিনি তাহাকে অতিশয় আদর-যত্নে পালন করিতে লাগিলেন। বালিকাটির বয়স যখন পনের বৎসর হইল তখন মুনি-পত্নী তাঁহার স্বামীকে বলিলেন, "দেখো, আমার কন্যাটির বয়স বাড়িতেছে। এখন ইহার[3] বিবাহ দেওয়া প্রয়োজন।' মুনি বলিলেন, "তুমি যথার্থই বলিয়াছ। পিতা হিসাবে যথাসময়ে কন্যার বিবাহ দেওয়া আমার কর্তব্য। কিন্তু আমাদের কন্যা এখন বয়স্কা। সেই জন্য কন্যার মতামত লওয়া[4] আমাদের কর্তব্য।"

মুনি-পত্নী বলিলেন, "আমার ইচ্ছা যে সূর্য্যের সহিত আমাদের কন্যার বিবাহ হয়।" মুনি বলিলেন, "তাহা হইলে[5] আমি সূর্য্যদেবকে আহ্বান করিতেছি।" সূর্য্যদেব সম্মুখে উপস্থিত হইয়া বলিলেন, "মুনি, আপনি আমাকে ডাকিয়াছেন কেন?" মুনি সূর্য্যদেবকে বলিলেন, "আমার কন্যা যদি আপনাকে পছন্দ করে, তাহা হইলে আপনি আমার

কন্যাকে বিবাহ করুন, ইহাই আমাদের ইচ্ছা।" ইহার পর মুনি তাঁহার কন্যাকে ডাকিয়া বলিলেন, "তুমি কি সূর্য্যদেবকে বিবাহ করিতে চাহ[6]?"

কন্যা বলিল, "পিতা, সূর্য্যদেবের উত্তাপ প্রবল। আমি ঐ প্রবল উত্তাপ সহ্য করিতে পারিব না। আপনি বরং অন্য পাত্র দেখুন।"

কন্যার কথা শুনিয়া মুনি সূর্য্যদেবকে বলিলেন, "হে সূর্য্যদেব, আপনিই বলুন যে আপনার অপেক্ষা আর কে শ্রেষ্ঠতর?"

সূর্য্যদেব বলিলেন, "মেঘ আমার অপেক্ষা শ্রেষ্ঠতর। তিনি ইচ্ছা করিলে আমাকে ঢাকিয়া দিতে[7] পারেন।"

মুনি তাঁহার কন্যাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি কি মেঘদেবকে বিবাহ করিতে চাহ?"

কন্যা বলিল, "পিতা, মেঘদেব অতি শীতল। আপনি বরং অন্য পাত্র দেখুন।"

মুনি তখন মেঘদেবকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন, "আপনার অপেক্ষা আর কে শ্রেষ্ঠতর?"

মেঘদেব বলিলেন, "পবনদেব আমার অপেক্ষা শ্রেষ্ঠতর।"

মুনি তখন পবনদেবকে ডাকিলেন । পবনদেবকে দেখিয়া মুনি – কন্যা বলিলেন , ' ইনিও অত্যন্ত বলবান্ । আমি ইঁহাকে বিবাহ করিতে পারিব না । আপনি অন্য পাত্র দেখুন ।"

মুনি তখন পবনদেবকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন , " আপনি বলুন যে আপনার অপেক্ষা আর কে শ্রেষ্ঠতর ?"

পবনদেব বলিলেন , " আমার অপেক্ষা পর্বত শ্রেষ্ঠতর । কারণ পর্বত আমাকে বাধা দিতে পারেন ।"

মুনি তখন পর্বতকে ডাকিলেন । পর্বতকে দেখিয়া মুনি – কন্যা বলিলেন , " পিতা , ইনি অতি রুক্ষ ও স্থবির । আমি এমন রুক্ষ ও স্থবিরকে বিবাহ করিতে পারিব না ।' আপনি দয়া করিয়া অন্য পাত্র দেখুন ।"

মুনি তখন পর্বতকে জিজ্ঞাসা করিলেন , " আপনার অপেক্ষা আর কে শ্রেষ্ঠতর ?"

পর্বত বলিলেন , " মূষিক আমার অপেক্ষা শ্রেষ্ঠতর ।"

মুনি তখন মূষিককে ডাকিলেন ।

মুনি – কন্যা মূষিককে দেখিয়া খুশীতে ভরিয়া উঠিল[8] । মুনি – কন্যার দেহ আনন্দে কাঁপিয়া উঠিল[9] । তাহার

মুখ হইতে মাত্র দুইটি শব্দ বাহির হইল[10] — "আমারই মতন, আমারই মতন।" কিছুক্ষণ পর মুনি-কন্যা বলিল, "পিতা, আমাকে এই মহিষের হস্তে নিবেদন করুন। দয়া করিয়া আপনি আমাকে স্ত্রী-মহিষে পরিণত করুন।"

মুনি তাঁহার যোগবলে কন্যাকে স্ত্রী-মহিষে পরিণত করিলেন। স্ত্রী-মহিষ ও পুরুষ-মহিষ আনন্দে ও সুখে দিন কাটাইতে লাগিল।

II. Vocabulary and notes:

SB	
ভাসিয়া আস —[1]	(verb stem) come floating
নিকট[2]	"to"; near; neighborhood
ইহার[3]	of her; of his; of its
লওয়া[4]	(verbal noun) taking
তাহা হইলে[5]	in that case

চাহ 6	you (ord.) want
ঢাকিয়া দে $\underline{7}$	(verb stem) cover; cover up
ভরিয়া উঠ $\underline{8}$	(verb stem) filled with
কাঁপিয়া উঠ $\underline{9}$	(verb stem) shiver; tremble
বাহির হ' $\underline{10}$	(verb stem) come out; go out

III. The following is a list of a few LCB and SB forms that occur in Lesson XXVI.

LCB	SB
ভেসে এলো	ভাসিয়া আসিল
তাকে	উহাকে
কাছে	নিকট
এর	ইহার
সঙ্গে	সহিত
তা হলে	তাহা হইলে
চাও	চাহ
ঢেকে দে —	ঢাকিয়া দে —
ওঁকে	ইহাঁকে
ভরে উঠ —	ভরিয়া উঠ —
কেঁপে উঠ —	কাঁপিয়া উঠ —

Lesson XXVII(A)

I. Read the following story in Bengali and translate into English:

কিসা গৌতমী[1]

এক দেশে এক খুব বড় লোক[2] ছিলো । বড় লোকটির অনেক টাকা – কড়ি[3] ছিলো । একদিন সকালে বড় লোকটি দেখলো যে তার সমস্ত[4] টাকা – কড়ি ছাই[5] হয়ে গেছে । এই দেখে বড় লোকটি মুষড়ে পড়লো[6] । দুঃখে ও শোকে[7] খাওয়া – দাওয়া[8] ছেড়ে দিলো[9] । শেষে একদিন সে অসুস্থ[10] হয়ে পড়লো । তার অসুস্থতার[11] কারণ[12] শুনে তার এক বন্ধু বললো, " দেখো, তুমি দুঃখ ক'রো[13] না । তুমি এতদিন তোমার টাকার সদ্ব্যবহার[14] করো নি । তুমি তোমার সব টাকা – কড়ি জমিয়ে রেখেছিলে[15] । তাই তোমার টাকা – কড়ি ছাইয়েরই সমান[16] । এখন তুমি আমার উপদেশ[17] নাও । তুমি বাজারে[18] গিয়ে এই ছাইগুলি বেচে দাও ; তা হলে কিছু টাকা পাবে ।"

বন্ধুটির উপদেশ শুনে বড় লোকটি বাজারে হাজির[19] হলো । তার প্রতিবেশীরা[20] তাকে সেখানে দেখে বললো, " তোমার কি মাথা খারাপ[21] হয়েছে ? তুমি এত ছাই

বেচছো কেন ? তুমি তো সোনা[22], রূপো[23], হীরে[24], মুক্তো[25] এই সব বেচবে, তা না তুমি ছাই বেচছো ! তোমার কি হয়েছে ?" এর উত্তরে বড় লোকটি বললো, " দেখো, এই আমার ধন । আমি আমার ধন – সম্পদ বেচছি ।"

প্রতিবেশীরা এ কথা শুনে বলতে লাগলো, " হায়[26] ! হায় ! ঐ বড় লোকটার মাথা খারাপ হয়ে গেছে ।"

ঐ সময় ঐ পথ দিয়ে একটি মেয়ে যাচ্ছিলো । ঐ মেয়েটির নাম কিসা গৌতমী । কিসা গৌতমী খুব গরীব । তার বাবা – মা[27] কেউই নেই । কিসা পথের ধারে বড় লোকটিকে বসে থাকতে দেখে বললো, " মশায়[28], আপনি এত সোনা, রূপো, হীরে, জহরৎ[29] বেচছেন কেন ?"

কিসার কথা শুনে বড় লোকটি আশ্চর্য হয়ে বললো, " তুমি কি বললে ? সোনা, রূপো, হীরে ! না, তুমি ভুল দেখছো । এগুলো এখন সব ছাই । আগে এগুলো সোনা, রূপো, হীরে, জহরৎ ছিলো । এখন এগুলো সব ছাই । আমি ছাই – ভস্ম বেচছি । তুমি ছাই – ভস্ম কিনতে চাও কি ?"

" না মশায়, এগুলি ছাই নয় । এই দেখুন,

এগুলি সোনা," এই বলে কিসা একমুঠো[30] ছাই বড়লোকটির হাতে দিলো। ছাইগুলো তক্ষুণি[31] সোনা হয়ে গেলো। বড়লোকটি তা দেখে খুব আশ্চর্য হলো। বড়লোকটি ভাবলো যে কিসা নিশ্চয়[32] কোন দেবী[33]। কারণ অনেকের কাছে সোনা, রূপো সবই ছাই। কিন্তু কিসা গৌতমীর কাছে ছাইও সোনা হয়। বড়লোকটি খুসী হয়ে তার ছেলের সঙ্গে কিসার বিয়ে দিলো।

কয়েক বছর কেটে গেলো। শীতের এক সন্ধ্যায়[34] কিসার একটি ছেলে হলো। কিসা ছেলেটিকে পেয়ে খুসীতে ভরে উঠলো। কিন্তু তার দুঃখের দিন আস্তে আস্তে[35] এগিয়ে এলো[36]। একদিন গভীর রাতে[37] তার ছেলেটি মারা গেলো[38]। দুঃখে ও শোকে কিসা ভেঙ্গে পড়লো[39]। কিসা ভাবতে পারলো না যে তার সুখের দিনগুলো কি করে এত তাড়াতাড়ি ফুরিয়ে গেলো[40]। সে ভাবতে পারলো না যে ভগবান্ কি করে এত নিষ্ঠুর[41] হতে পারলেন! ভগবান্ কেন তার একমাত্র ছেলেটিকে ছিনিয়ে নিলেন[42]! এ যে অসম্ভব! কিসা প্রতিবেশীদের ঘরে গেলো। তার ছেলের জন্য ওষুধ[43] চাইলো। প্রতিবেশীরা বললো,

" কিসা , তোমার ছেলে মারা গেছে । ভগবান্ তো তোমার ছেলেকে নিয়েছেন । তুমি দুঃখ ক'রো না ।" কিসা তার প্রতিবেশীদের কথা বিশ্বাস করতে পারলো না । মনে মনে[44] সে ভাবতে লাগলো — এ যে অসম্ভব !

কিসা যাকে পথে দেখে তার কাছে ওষুধ চায় । সকলেই ভাবতে লাগলো যে কিসার মাথা খারাপ হয়েছে । কিসা ,শোকে পাগল হয়ে গেছে ।

কিসা তার ছেলেকে কোলে[45] নিয়ে পথে পথে ঘুরতে লাগলো । অনেক পথ ঘুরে কিসা ক্লান্ত[46] হয়ে পড়লো । শেষে , সে পথের ধারে বসে পড়লো । এক পথিক[47] ঐ পথ দিয়ে যাচ্ছিলো । পথিককে দেখে কিসা পথিকের কাছ থেকে ওষুধ চাইলো । পথিক বললো , " দেখো , আমার কাছে কোন ওষুধ নেই । কিন্তু আমি একটি লোককে জানি । তিনি তোমার ছেলের জন্যে ওষুধ দিতে পারেন । তুমি ভগবান্ বুদ্ধের[+48] কাছে যাও । তিনি তোমার ছেলের জন্যে ওষুধ দিতে পারবেন ।"

কিসা গৌতমী বুদ্ধের কাছে উপস্থিত হলো । কিসা কেঁদে[49] বললো , " প্রভু , আমার এক মাত্র ছেলে অত্যন্ত অসুস্থ ।

আপনি আমার ওপর দয়া করুন। আমার ছেলেটিকে সুস্থ করুন[50]। বুদ্ধ বললেন, "দেখো, তুমি যদি একমুঠো সরষের[51] বীজ[52] আনতে পারো তা হলে আমি তোমার ছেলেকে সুস্থ করতে পারি। কিন্তু এমন বাড়ী থেকে আনতে হবে যে বাড়ীতে কোন ছেলে, মেয়ে, বাড়ীর কর্তা[53] অথবা বাড়ীর কোন বন্ধু মারা যায় নি।"

কিসা গৌতমী এক বাড়ী থেকে আর এক বাড়ীতে গেলো। তার দুঃখ দেখে সকলের দয়া হলো। সকলেই তাকে সরষের বীজ দিতে চাইলো। কিন্তু কিসা এমন বাড়ী পেলো না যে বাড়ীতে কেউই মারা যায় নি। সব বাড়ী থেকে কিসা একই উত্তর পেলো — "হায়! মৃতের[54] সংখ্যাই[55] বেশী। জীবিতের[56] সংখ্যা বেশী[57] নয়।"

কিসা হতাশ হয়ে[58] পথের ধারে বসে পড়লো। আস্তে আস্তে রাত হয়ে এলো। কিসা দূর থেকে শহরের আলো[59] দেখতে পেলো। আলোগুলো একবার জ্বলে[60] আবার নিভে গেলো[61]। তার পর-মুহূর্তে[62] গভীর অন্ধকার[63] নেমে এলো[64]। তখন তার হঠাৎ মানুষের ভবিষ্যৎ[65] সম্বন্ধে চিন্তা[66] হলো। হঠাৎ সে মানুষের ভবিষ্যৎ

বুঝতে পারলো । কিসা বুঝতে পারলো যে জীবন আলোর মত দপ্ করে[67] জ্বলে ওঠে আর তার পরমুহূর্তে নিভে যায় ।

এরপর কিসা ভাবতে লাগলো, " আমি অত্যন্ত স্বার্থপর[68] । কত লোকের ছেলে মারা গেছে । আর আমারও ছেলে মারা গেলো । একদিন আসবে যখন আমাকেও পৃথিবী[69] ছেড়ে যেতে হবে । এই পৃথিবীতে তারই জীবন সার্থক যে সব স্বার্থকে পরিত্যাগ[70] করেছে । '

তারপর কিসা তার পুত্রকে সমাধিস্থ[71] করলো । কিসা বুদ্ধের কাছে ফিরে এসে বুদ্ধের পদতলে আশ্রয় নিলো । বুদ্ধ কিসাকে শান্তির পথ দেখালেন ।

II. Vocabulary and Notes:

কিসা গৌতমী [1]	name of a girl
বড় লোক [2]	rich person
টাকা – কড়ি [3]	money; riches; both টাকা /ṭaka/ and কড়ি /koṛi/ mean about the same thing, i.e., "money". Such formations, using two synonymous nouns or adjectives in compound are common in Bengali and give a litte more force to the expression -- here, perhaps, "a lot of money"
কড়ি	"cowrie," a kind of shell used as money
সমস্ত [4]	entire
ছাই /ছাই – ভস্ম [5]	ash, ashes; ভস্ম /bhaśśo/ also means "ash"; use of words having the same meaning is not uncommon in Bengali and usually intensifies the meaning
মুষড়ে পড়– [6]	(verbal idiom) break down in despondence (lit. meaning: fall in despondence)
শোক [7]	grief; mourning; regret
খাওয়া – দাওয়া [8]	meal; eating; food; (echo-word)
ছেড়ে দে– [9]	(verb stem) give up; abandon; leave

অসুস্থ[10]	sick; ill; (lit. meaning: not healthy)
অসুস্থতা[11]	sickness; illness
কারণ[12]	reason; cause; because
দুঃখ কর —[13]	(verb stem) lament; mourn
সদ্‌ব্যবহার[14]	good use; proper use; সৎ (honest) + ব্যবহার (use); note that before a voiced consonant (ব) in the compound, the voiceless ত is replaced by its equivalent voiced counterpart, দ
জমিয়ে রাখ —[15]	(verb stem) store up; keep accumulating
জমা —	(verb stem) accumulate; store up
রাখ —	(verb stem) keep
সমান[16]	equal; equivalent
উপদেশ[17]	advice
বাজার[18]	market; bazaar
হাজির[19]	appear; present
প্রতিবেশী[20]	neighbor

মাথা খারাপ[21]	mad; insane
সোনা[22]	gold
রূপো[23]	silver
হীরে[24]	diamond
মুক্তো[25]	pearl
হায়[26]	alas
বাবা - মা[27]	parents; father and mother
মশায় / মশাই[28]	in address it is sir or Mr.
জহরৎ[29]	gem
একমুঠো / একমুঠা[30]	a handful
তক্ষুণি[31]	at once; right away; right then
নিশ্চয়[32]	definitely; certainly
দেবী[33]	goddess
সন্ধ্যা[34]	evening
আস্তে আস্তে[35]	slowly
এগিয়ে আস—[36]	(verb stem) come forward

গভীর রাতে[37]	in the dead of the night; midnight; late at night
গভীর	deep; profound; thick; dense
মারা যা—[38]	(verb stem) die
ভেঙ্গে পড়—[39]	(verb stem) break down; collapse; crumble down
ফুরিয়ে যা—[40]	(verb stem) end; finish; come to an end; become emptied
নিষ্ঠুর[41]	cruel; heartless
ছিনিয়ে নে—[42]	(verb stem) snatch; snatch away
ওষুধ[43]	medicine
মনে মনে[44]	deep in (one's) heart or mind; use of the double locative in Bengali is frequent; doubling of the word emphasizes the word
কোল[45]	lap
ক্লান্ত[46]	tired; fatigued
পথিক[47]	traveller; passer-by
বুদ্ধ[48]	Buddha - Gautama Siddhartha (563-483 B.C.) founder of Buddhism (see note 17, part IV)

কাঁদ[49] —	(verb stem) cry; weep
সুস্থ কর[50] —	(verb stem) cure
সরষে[51]	mustard
বীজ[52]	seed
কর্তা , কর্ত্তা[53]	master; head of the house or family
মৃত[54]	dead
সংখ্যা , সংখা[55]	number; figure
জীবিত[56]	alive
বেশী[57]	much; many (quantitative)
হতাশ হ[58] —	(verb stem) become despondent, become hopeless; "lose hope"
আলো[59]	light
জ্বল[60] —	(verb stem) light up; burn; flare up; spark up
নিভে যা[61] —	(verb stem) go out (light)
পর – মুহূর্ত[62]	next moment
অন্ধকার[63]	darkness

নেমে আস—[64]	(verb stem) descend; come down
ভবিষ্যৎ[65]	future
চিন্তা[66]	thought
দপ্ করে[67]	in a sudden spark or blaze
স্বার্থপর[68]	selfish (lit. meaning: after or upon one's self)
স্বার্থ	self interest
পৃথিবী[69]	world; earth
পরিত্যাগ কর—[70]	(verb stem) abandon; give up
সমাধিস্থ কর—[71]	(verb stem) bury; put (someone) in the grave
সমাধিস্থ	in a state of deep meditation; the suffix 'stho' means "in a state of"

Lesson XXVII(B)

I. Read the following story in Bengali and translate into English:

কিসা গৌতমী

এক দেশে এক খুব ধনী ব্যক্তি[1] ছিলেন। ধনী ব্যক্তিটির প্রচুর ধন-সম্পদ[2] ছিল। একদিন প্রত্যুষে[3] ধনী ব্যক্তিটি দেখিলেন যে তাঁহার সমস্ত ধন-সম্পদ ভস্মে[4] পরিণত হইয়াছে। ইহা দেখিয়া ধনীটি মুষড়াইয়া পড়িলেন[5]। দুঃখে ও শোকে তিনি আহার[6] পরিত্যাগ করিলেন[7]। অবশেষে[8] একদিন তিনি অসুস্থ হইয়া পড়িলেন। তাঁহার অসুস্থতার কারণ শুনিয়া তাঁহার এক বন্ধু বলিল, "দেখ, তুমি দুঃখ করিও না। তুমি এতদিন তোমার অর্থের[9] সদ্ব্যবহার কর নাই। তুমি তোমার যাবতীয়[10] ধন-সম্পদ জমাইয়া রাখিয়াছিলে। সুতরাং তোমার সব ধন-সম্পদ ভস্মেরই সমতুল্য[11]। এখন তুমি আমার উপদেশ গ্রহণ কর[12]। তুমি বাজারে গিয়া এই ভস্মগুলি বিক্রয় করিয়া দাও[13]; তাহা হইলে কিছু অর্থ পাইবে।"

বন্ধুটির উপদেশ শুনিয়া ধনী ব্যক্তিটি বাজারে গিয়া উপস্থিত হইল। তাহার প্রতিবেশীরা তাহাকে

সেখানে দেখিয়া বলিল, "তোমার কি মস্তিষ্ক বিকৃত[14] হইয়াছে? তুমি এত ভস্ম বিক্রয় করিতেছ কেন? তুমি একজন ধনী ব্যক্তি। তুমি সোনা, রূপা[15], হীরা[16], মুক্তা[17] ইত্যাদি বিক্রয় করিবে, কিন্তু তুমি ভস্ম বিক্রয় করিতেছ! তোমার কি হইয়াছে?" ইহার উত্তরে ধনী ব্যক্তিটি বলিলেন, "দেখ, ইহাই আমার ধন। আমি আমার সকল ধন-সম্পদ বিক্রয় করিতেছি।"

প্রতিবেশীরা ইহা শুনিয়া বলিতে লাগিল, "হায়! হায়! ধনীটির মস্তিষ্ক বিকৃত হইয়াছে।"

ঐ সময় ঐ পথ দিয়া একজন যুবতী যাইতেছিল। ঐ যুবতীটির নাম কিসা গৌতমী। কিসা গৌতমী অতি দরিদ্র[18]। তাহার পিতা-মাতা[19] কেহই নাই। কিসা পথ পার্শ্বে ধনী ব্যক্তিটিকে বসিয়া থাকিতে দেখিয়া বলিল, "মহাশয়[20], আপনি এত সোনা, রূপা, হীরা, মাণিক বেচিতেছেন কেন?" কিসার কথা শুনিয়া ধনীটি আশ্চর্য হইয়া বলিলেন, "তুমি কি বলিলে? সোনা, রূপা, হীরা! না, তুমি ভুল দেখিতেছ। ইহা এখন সব ভস্ম। পূর্বে[21] এগুলি সোনা, রূপা, হীরা ও মাণিক[22] ছিল।

এখন এগুলি সব ভস্ম । আমি ভস্ম বেচিতেছি । তুমি ভস্ম কিনিতে চাহ[23] কি ?"

"না মহাশয়, এগুলি ভস্ম নহে । এই দেখুন, এগুলি সোনা," এই বলিয়া কিসা এক মুষ্টি[24] ভস্ম ধনী ব্যক্তিটির হাতে দিল । ভস্মগুলি তৎক্ষণাৎ[25] সোনায় পরিণত হইল ।

ধনী ব্যক্তিটি ইহা দেখিয়া খুব আশ্চর্য হইলেন । ধনীটি ভাবিলেন যে কিসা নিশ্চয় কোন দেবী । কারণ অনেকের নিকট সোনা, রূপা সকলই ভস্ম । কিন্তু কিসা-গৌতমীর নিকট ভস্মও সোনা হয় । ধনী ব্যক্তিটি খুসী হইয়া তাঁহার পুত্রের সহিত কিসার বিবাহ দিলেন ।

কয়েক বৎসর কাটিয়া গেল । শীতের এক সন্ধ্যায় কিসার একটি সন্তান[26] হইল । কিসা পুত্রটিকে পাইয়া অত্যন্ত আনন্দিত হইল । কিন্তু তাহার দুঃখের দিন ধীরে ধীরে আগাইয়া আসিল । একদিন গভীর রাত্রে তাহার এক মাত্র সন্তানটি মারা গেল । দুঃখে ও শোকে কিসা ভাঙ্গিয়া পড়িল । কিসা ভাবিয়া পাইল না যে তাহার আনন্দের দিনগুলি কি করিয়া এত শীঘ্র[27] ফুরাইয়া গেল[28] । সে ভাবিয়া পাইল না যে ভগবান্ কি করিয়া

এত নিষ্ঠুর হইতে পারিলেন ! ভগবান্ কি করিয়া তাহার এক মাত্র সন্তানকে ছিনাইয়া লইলেন[29] ! ইহা অসম্ভব । ! কিসা প্রতিবেশীদের গৃহে[30] গেল । তাহার সন্তানের জন্য ঔষধ[31] চাহিল । প্রতিবেশীরা বলিল, " কিসা, তোমার পুত্র মারা গিয়াছে । ভগবান্ তোমার পুত্রকে গ্রহণ করিয়াছেন । তুমি দুঃখ করিও না ।" কিসা তাহার প্রতিবেশীদের কথা বিশ্বাস করিতে পারিল না । মনে মনে সে ভাবিতে লাগিল — ইহা অসম্ভব !

কিসা যাহাকে পথে দেখে তাহার নিকট ঔষধ চাহে ; সকলেই ভাবিতে লাগিল যে কিসার মস্তিষ্ক বিকৃত হইয়াছে । কিসা শোকে উন্মাদ হইয়া গিয়াছে[32]।

কিসা তাহার পুত্রকে কোলে লইয়া পথে পথে ঘুরিতে লাগিল । অনেক পথ ঘুরিয়া কিসা ক্লান্ত হইয়া পড়িল । অবশেষে, সে পথের পার্শ্বে বসিয়া পড়িল । এক পথিক ঐ পথ দিয়া যাইতোছিল । কিসা পথিকের নিকট হইতে ঔষধ চাহিল । পথিক বলিল, " শুন, আমার নিকট কোন ঔষধ নাই । কিন্তু আমি এক ব্যক্তিকে জানি । তুমি ভগবান্ বুদ্ধের নিকট যাও ।

তিনি তোমার পুত্রের জন্য ঔষধ দিতে পারিবেন ।"

কিসা গৌতমী বুদ্ধের নিকট উপস্থিত হইল । কিসা কাঁদিয়া[33] বলিল, "প্রভু, আমার এক মাত্র পুত্রটি অত্যন্ত অসুস্থ । আপনি আমার পুত্রটিকে সুস্থ করুন ।"

বুদ্ধ বলিলেন, "শুন, তুমি যদি একমুষ্টি সরিষার[34] বীজ আনিতে পার তাহা হইলে আমি তোমার পুত্রটিকে সুস্থ করিতে পারি । কিন্তু এমন গৃহ হইতে আনিতে হইবে যে গৃহে কোন পুত্র, কন্যা, গৃহ-স্বামী[35] অথবা গৃহের কোন বন্ধু মারা যায় নাই ।"

কিসা গৌতমী গৃহ হইতে গৃহান্তরে[36] গেল । তাহার দুঃখ দেখিয়া সকলের দয়া হইল । সকলেই তাহাকে সরিষার বীজ দিতে চাহিল । কিন্তু সে এমন গৃহ পাইল না যে গৃহে কেহই মারা যায় নাই । সকল গৃহ হইতে কিসা একই উত্তর পাইল, "হায়! মৃতের সংখ্যাই অধিক; জীবিতের সংখ্যা অধিক নয় ।" কিসা হতাশ হইয়া পথ-পার্শ্বে বসিয়া পড়িল । ধীরে ধীরে[37] রাত্রি হইয়া আসিল[38] । কিসা দূর হইতে শহরের আলো দেখিতে পাইল । আলোগুলি একটি বার জ্বলিয়া আবার

নিভিয়া গেল । পর-মুহূর্তে গভীর অন্ধকার নামিয়া আসিল । তখন কিসা মানুষের ভবিষ্যৎ সম্বন্ধে চিন্তা করিতে লাগিল । সহসা সে মানুষের ভাগ্য বুঝিতে পারিল । কিসা বুঝিতে পারিল যে জীবন আলোর মত দপ্ করিয়া জ্বলিয়া উঠে আর পর-মুহূর্তে নিভিয়া যায় ।

ইহার পর কিসা ভাবিতে লাগিল, " আমি অত্যন্ত স্বার্থপর । কত লোকের পুত্র মারা গিয়াছে । আর আমারও পুত্র মারা গেল । একদিন আসিবে যখন আমাকেও পৃথিবী ছাড়িয়া যাইতে হইবে[39] । এই পৃথিবীতে তাহারই জীবন সার্থক যে সর্ব স্বার্থ পরিত্যাগ করিয়াছে । তাহার পর কিসা তাহার পুত্রটিকে সমাধিস্থ করিল । কিসা বুদ্ধের নিকট ফিরিয়া আসিয়া বুদ্ধের পদতলে আশ্রয় গ্রহণ করিল । বুদ্ধ কিসাকে শান্তির পথ দেখাইলেন ।

এই গল্পটি 'জাতকের' কিসা গোতমী নামক[40] গল্পের অনুসরণে[41] লিখিত[42] ।

II. Vocabulary and Notes:

ব্যক্তি[1]	person
ধন – সম্পদ[2]	riches; money and wealth
প্রত্যূষ[3] / প্রত্যুষ	early morning; dawn
ভস্ম[4]	ash
মুষড়াইয়া পড়—[5]	(verb stem) be despondent; break down
আহার[6]	eating; food; meal
পরিত্যাগ কর—[7]	(verb stem) give up; abandon
অবশেষে[8]	finally; at the end
অর্থ[9]	money
যাবতীয়[10]	entire; all
সমতুল্য[11]	equal
গ্রহণ কর—[12]	(verb stem) take; accept
বিক্রয় কর—[13]	(verb stem) sell
মস্তিষ্ক বিকৃত[14]	mad; insane
মস্তিষ্ক	head
বিকৃত	deranged; impaired

রূপা[15]	silver
হীরা[16]	diamond
মুক্তা[17]	pearl
দরিদ্র[18]	poor
পিতা – মাতা[19]	parents; father and mother
মহাশয়[20]	in address it means Sir; Mr. (see note 28 , lesson XXVIIA)
পূর্বে[21]	previously; in the past (lexical treatment depends on the context)
মাণিক[22]	ruby; jewel; gem
চাহ[23]	(you) want
এক মুষ্টি[24]	a handful
তৎক্ষণাৎ[25]	at once; right then
সন্তান[26]	son; male child
শীঘ্র[27]	soon; quickly
ফুরাইয়া যা —[28]	(verb sten) end; finish
ছিনাইয়া লও —[29]	(verb stem) snatch away; "take away"

গৃহ [30]	home; house
ঔষধ [31]	medicine
উন্মাদ হইয়া যা— [32]	(verbal idiom) go insane; become mad
উন্মাদ	mad; insane
কাঁদ [33]	(verb stem) weep; cry
সরিষা [34]	mustard
গৃহ-স্বামী [35]	master of the house; head of the family
গৃহ হইতে গৃহান্তরে [36]	"from one house to another (house)"
গৃহান্তরে	"inside the house;" note that অ of গৃহ /griho/ and অ of অন্তর /ɔntor/ combine to আ. This conjunction (in Sanskrit) is commonly known as সন্ধি /śondhi/ (see also note 3, lesson XXVI(A)
ধীরে ধীরে [37]	slowly
হইয়া আস— [38]	(verb stem) "become;" "come;" (lexical treatment depends on the context)
যাইতে হইবে [39]	"will have to go;" note that infinite and finite verb stem হ- /hɔ/ "has/have to + ..."
নামক [40]	named
অনুসরণ [41]	imitation; copy
লিখিত [42]	written

I. Exercise 1:

Read the following story in Bengali and translate into English:

সুন্দর-সমুদ্র[1]

সভাত্তি[2] নগরে[3] একজন ধনী ব্যক্তি বাস করতেন । সেই ধনী ব্যক্তিটির গৃহে এক শিশুর[4] জন্ম[5] হয় । শিশুটি ছিলো অপূর্ব সুন্দর , সেইজন্যে তার নাম হলো সুন্দর-সমুদ্র । সুন্দর-সমুদ্র যৌবনে[6] সুপুরুষ[7] হয়ে উঠলেন[8] ।

একদিন প্রত্যুষে[9] সুন্দর-সমুদ্র দেখলেন যে একদল লোক জেতভান[10] নগরে যাচ্ছে । তিনি তাদের জিজ্ঞেস করলেন , "তোমরা কোথায় যাচ্ছ ?" তারা উত্তর দিল , "গুরু[11] তত্ত্বকথা[12] বলবেন । আমরা গুরুর কাছে তত্ত্বকথা শুনতে যাচ্ছি ।" সুন্দর-সমুদ্রের কৌতূহল[13] হলো । তিনি স্থির করলেন[14] যে তিনিও তাদের সঙ্গে জেতভানে যাবেন ।

সুন্দর-সমুদ্র জেতভানে গিয়ে উপস্থিত হলেন । ভগবান্ বুদ্ধ স্বয়ং সভায় তত্ত্বকথা বলছিলেন । বুদ্ধের বাণী[15] শুনে সুন্দর-সমুদ্র ভাবলেন যে স্বার্থহীন[16] সন্ন্যাস-[17]জীবনই সার্থক ।

এই সভার শেষে সুন্দর-সমুদ্র বুদ্ধের কাছে উপস্থিত হয়ে বললেন, "প্রভু, আমাকে সন্ন্যাস-ধর্মে[18] দীক্ষা দিন[19]।" ভগবান্ বুদ্ধ বললেন, "হে যুবক, আমি তোমার মাতা-পিতার সম্মতি[20] ব্যতীত[21] তোমাকে সন্ন্যাস-ধর্মে দীক্ষা দিতে পারি না। তুমি প্রথমে তোমার মাতা-পিতার অনুমতি[22] গ্রহণ করো[23]।" সুন্দর-সমুদ্র পিতা-মাতার সম্মতি গ্রহণের জন্যে সতটি নগরে ফিরে গেলেন। কিন্তু তাঁরা গভীর আপত্তি করলেন। অবশেষে বহু চেষ্টার পর সুন্দর-সমুদ্র তাঁদের অনুমতি পেলেন।

সুন্দর-সমুদ্র পিতা-মাতার অনুমতি লাভ করে জেতভান নগরে ফিরে এলেন। বুদ্ধ সুন্দর-সমুদ্রকে সন্ন্যাস-ধর্মে দীক্ষা দিলেন।

কিছুকাল পরে সুন্দর-সমুদ্র স্থির করলেন যে তিনি গ্রামে[24] যাবেন। গ্রামে গিয়ে ভিক্ষা-বৃত্তি[25] গ্রহণ করবেন।

একদিন সতটি নগরে উৎসব হচ্ছিল। সেই উৎসব উপলক্ষে[26] কয়েকজন বৌদ্ধ-সন্ন্যাসী[27] সতটি নগরে এলেন।

বৌদ্ধ-সন্ন্যাসীরা পথে পথে ভিক্ষা করছিলেন। তাঁদের ভিক্ষা নিতে দেখে সুন্দর-সমুদ্রের মা তাঁর ছেলের কষ্টের[28] কথা ভেবে কাঁদতে লাগলেন। সেই সময় ঐ পথ দিয়ে একজন পতিতা[29] যাচ্ছিলো। তার নাম অজলি[30]। বৃদ্ধিকাকে[31] কাঁদতে দেখে অজলির কৌতূহল হলো। অজলি জিজ্ঞেস করলো, "মা, তুমি কাঁদছো কেন?" বৃদ্ধিকাটি নিজের দুঃখের কথা বললেন। তিনি অজলিকে জানালেন[32] যে তাঁর একমাত্র ছেলে সন্ন্যাসী হয়ে সংসার ছেড়ে চলে গেছে। সে আর ফিরে আসবে না। এই কথা ভেবে তিনি মনের দুঃখে কাঁদছেন।

অজলি বললো, "একমাত্র পুত্রের কর্তব্য সংসার-ধর্ম পালন করা। আমি আপনার পুত্রকে সংসারে ফিরিয়ে আনবার[33] চেষ্টা করবো।" বৃদ্ধিকাটি বললেন, "তুমি যদি আমার পুত্রটিকে ফিরিয়ে আনতে পারো তা হলে আমি তোমাকে প্রচুর ধন-রত্ন পুরস্কার দেবো[34]।" অজলি বললো, "তা হলে আপনি আমাকে এখন কিছু অর্থ দিন। আমি আপনার পুত্রকে ফিরিয়ে আনতে যাচ্ছি।" পতিতা-মহিলাটি অর্থ পেয়ে গ্রামে গেলো।

গ্রামে উপস্থিত হয়ে প্রথমে সে সুন্দর–সমুদ্রের সন্ধান করলো[35]। সে জানতে পারলো যে সুন্দর–সমুদ্র প্রতিদিন বড়–রাস্তায়[36] ভিক্ষা নিতে আসেন। সে বড়–রাস্তার ওপর একটা বাড়ী ভাড়া নিলো[37]। পরদিন সকালে সে নানা প্রকার[38] অন্ন–ব্যঞ্জন[39] প্রস্তুত করলো[40]। সুন্দর–সমুদ্র যখন তার দরজায়[41] ভিক্ষা নিতে এলেন তখন গণিকা তাঁকে অন্ন–ব্যঞ্জনাদি দিলো।

কিছুদিন পরে একদিন গণিকা সুন্দর–সমুদ্রকে বললো, " মশায়, আপনি বারান্দায় এসে বসুন আর এই অন্ন–ব্যঞ্জনাদি গ্রহণ করুন।" সুন্দর–সমুদ্র আনন্দিত চিত্তে[42] ঐ অন্ন–ব্যঞ্জন গ্রহণ করলেন। পরে একদিন গণিকা ঐ লোকালয়ের[43] ছোট ছোট ছেলে–মেয়েদের ডেকে নানা প্রকার মিষ্টি খাওয়ালো[44]। তাদের বশী করে সে বললো, " দেখো, ভিক্ষু[45] যখন আমার বাড়ীতে ভিক্ষা নিতে আসবেন তখন তোমরা ধুলো ওড়াবে[46] আর চিৎকার করবে[47]। আমি তোমাদের ধুলো ওড়ানো বন্ধ করতে বলবো কিন্তু তোমরা আমার কথায় কান দি[48] না।"

পরদিন ভিক্ষু সুন্দর-সমুদ্র এলে অঞ্জলি তাঁকে বললো , " মশায় , এই পাড়ার ছেলেরা এখানে ধুলো ওড়ায় । আমি এদের কত বোঝাই[49] কিন্তু এরা আমার কথায় কান দেয় না । আপনি বরং ঘরের ভেতর এসে এই আহার[50] গ্রহণ করুন । " ভিক্ষু তার কথায় রাজি হলেন[51]।

পরদিন ভিক্ষু এলে সে তাঁকে ঘরের ভেতর বসালো[52]। তারপর সে বাইরে এসে ছোট ছেলে-মেয়েদের বললো , " দেখো , তোমরা এখন চিৎকার শুরু করো । আমি তোমাদের বারণ করলেও[53] তোমরা আমার কথায় কান দিও না । "

অঞ্জলির নির্দেশ মত[54] পাড়ার ছেলেরা চিৎকার শুরু করলো । অঞ্জলি তখন ভিক্ষু সুন্দর-সমুদ্রকে বললো , " মশায় , এখানে বড় গোলমাল[55]। পাড়ার ছেলেরা গোলমাল করছে । আমি কত চেষ্টা করলাম । আমি ওদের কত বোঝালাম ; কিন্তু ওরা আমার কথায় কান দিলো না । আপনি বরং ওপরের ঘরে[56] আসুন । সেখানে গোলমাল কম । আপনি আরামে[57] বিশ্রাম করতে[58] পারবেন । " ভিক্ষু রাজি হলেন ।

অঞ্জলি ভিক্ষু সুন্দর-সমুদ্রকে সাততলার[59] একটা ঘরে নিয়ে গেলো। ভিক্ষু পালঙ্কের[60] ওপর বসলে সে তার পাশে আসন[61] গ্রহণ করলো। ভিক্ষুর পাশে বসে সে হাঁই তুলতে[62] লাগলো ;. কখনও[63] সে তার শাড়ীর আঁচল[64] ঠিক করতে[65] লাগলো। কখনও আবার সে জামার বোতাম[66] ঠিক করতে লাগলো। কিন্তু সুন্দর-সমুদ্র নির্বিকার[67] হয়ে বসে রইলেন। সুন্দর-সমুদ্রকে উদাসীন[68] দেখে অঞ্জলি ধৈর্য হারালো। সে বলে উঠলো,[69] " মশায়, আপনি একজন সুপুরুষ যুবক, এবং আমিও একজন সুন্দরী[70] যুবতী। যৌবনের ধর্ম ভোগ এবং বার্ধক্যের[71] ধর্ম সন্ন্যাস। আপনি আমাকে বিবাহ করে যৌবনের ধর্ম পালন করুন। এস আমরা দুজনে সুখে সংসার করি। বৃদ্ধ বয়সে আমরা সন্ন্যাস-ধর্ম গ্রহণ করবো। "

অঞ্জলির কথা শুনে সুন্দর-সমুদ্রের চৈতন্য হলো[72]। তিনি ভাবতে লাগলেন,—" হায়, হায়! আমি কার হস্তে পড়েছি! আমি একি পাপ[73] করেছি! " সুন্দর-সমুদ্রের তখন গুরুর উপদেশ মনে পড়লো[74]। —'লোভে[75] পাপ, পাপে

মৃত্যু ।'

সেই সময় চল্লিশ[76] মাইল[77] দূরে ভগবান্ বুদ্ধ তাঁর শিষ্যদের[78] মধ্যে বসেছিলেন । হঠাৎ তিনি হেসে উঠলেন[79]। তাঁকে হাসতে দেখে তাঁর শিষ্য আনন্দ[80] জিজ্ঞেস করলো , " প্রভু , আপনি হাসছেন কেন ? " ভগবান্ বুদ্ধ বললেন , " আমি দেখছি যে শিষ্য সুন্দর – সমুদ্র ও এক পতিতার মধ্যে আদর্শের[81] সংঘাত চলছে[82] । " শিষ্য আনন্দ জিজ্ঞেস করলো , " প্রভু , এই যুদ্ধে[83] কে জয়[84] লাভ করবে ? " ভগবান্ বুদ্ধ কেবল একটু হাসলেন ।

পরদিন প্রত্যূষে ভগবান্ বুদ্ধ তাঁর শিষ্যদের মধ্যে বসেছিলেন । সুন্দর – সমুদ্র সেই সময় উপস্থিত হয়ে বুদ্ধের পদধূলি নিলেন । শিষ্য আনন্দ ভগবান্ বুদ্ধের দিকে একবার চেয়ে দেখলেন[85]। বুদ্ধ মৃদু হাসলেন ।

II. Vocabulary and Notes:

সুন্দর - সমুদ্র[1]	a name; (lit. meaning: ocean of beauty)
সুন্দর	beautiful (masculine)
সমুদ্র / সাগর	ocean; sea
সাবত্তি[2]	Savatti - name of a place
নগর[3]	town; city
শিশু[4]	child; baby
জন্ম[5]	birth
যৌবন[6]	youth
সুপুরুষ[7]	handsome
হয়ে ওঠ[8]—	(verb stem) become; ওঠা /oṭha/ indicates here gradualness; note that ওঠা as a finite element of a compound verb has different meaning
প্রত্যূষ[9]	early morning
জেতভান[10]	Jetobhan - name of a place
গুরু[11]	preceptor; teacher
তত্ত্বকথা[12]	divine truth

তত্ত্ব	truth
কৌতূহল[13]	inquisitveness; curiosity
স্থির কর—[14]	(verb stem) decide
বাণী[15]	message
স্বার্থহীন[16]	selfless; as a suffix হীন /hin/ means "less or without"
হীন	(adjective) low; mean
সন্ন্যাস[17]	asceticism
সন্ন্যাস – ধর্ম[18]	faith and ways of life of the monk or ascetic
ধর্ম	faith; religion
দীক্ষা দে—[19]	(verb stem) initiate
সম্মতি[20]	consent; permission
ব্যতীত[21]	without; besides
অনুমতি[22]	consent; permission
গ্রহণ কর—[23]	(verb stem) take; accept
গঞ্জাম[24]	Ganjam - name of a place
ভিক্ষা – বৃত্তি[25]	alms; begging profession

ভিক্ষা	alms; begging
বৃত্তি	profession; scholarship
উপলক্ষ[26]	occasion; pretext;
বৌদ্ধ – সন্ন্যাসী[27]	Buddhist monk
কষ্ট[28]	hardship; difficulty; suffering
পতিতা[29]	courtesan; prostitute; fallen woman
অঞ্জলি[30]	Anjali - a name (lit. meaning: offering)
ভদ্রমহিলা[31]	lady; a respectable woman is also addressed as [bhɔddromohila]
মহিলা	woman
জানা[32] —	(verb stem) inform (cause to know)
ফিরিয়ে আন[33] —	(verb stem) bring back; cause to return back (someone)
পুরস্কার দে[34] —	(verb stem) reward; remunerate
সন্ধান কর[35] —	(verb stem) search; look for
বড় রাস্তা[36]	main street

ভাড়া নে[37] —	(verb stem) take rent
নানা প্রকার[38]	various kinds
নানা / নানান	various
প্রকার / রকম	kinds
অন্ন – ব্যঞ্জন[39]	food dishes; (rice and curry)
প্রস্তুত কর[40] —	(verb stem) prepare; make
দরজা[41]	door
চিত্ত / মন[42]	mind; heart
লোকালয়[43]	neighbourhood; locality
খাওয়ানো[44]	(verbal noun) feeding (lit. meaning: cause to eat)
ভিক্ষু / ভিক্ষুক[45]	Buddhist monk who takes alms is addressed as [bhikkhu] or [bhikkhuk]
ধুলো ওড়া[46] / ধুলা ওড়া —	(verbal idiom) "kick dust in the air"; (lit. meaning: cause dust to fly)
চিৎকার কর[47] —	(verb stem) make noise; shout; scream

কান দে[48] —	(verbal idiom) pay heed to; listen; pay attention
বোঝা[49] —	(verb stem) make (someone) understand; cause to understand
আহার[50]	meal; food
রাজি হ[51] —	(verb stem) agree
বসা[52] —	(verb stem) make (someone) sit (cause to sit)
বারণ কর[53] —	(verb stem) ask (someone) to stop to do (something); prohibit; forbid
(অঞ্জলির) নির্দেশ মত[54]	according to (Anjali's) instruction
নির্দেশ	instruction; indication; command
গোলমাল[55]	noise; commotion
ওপরের ঘর[56]	room upstairs
আরাম[57]	comfort
বিশ্রাম কর[58] —	(verb stem) take rest
সাত তলা[59]	seventh floor
তলা	floor; base; bottom

পালঙ্ক[60]	couch
আসন[61]	seat
হাঁই তোল[62] —	(verb stem) yawn
কখনও[63]	sometimes
আঁচল[64]	edge of a sari
ঠিক কর[65] —	(verb stem) "put it in right place;" adjust (lexical treatment depends on context)
বোতাম[66]	button
নির্বিকার[67]	indifferent; unimpaired
উদাসীন[68]	indifferent; disinterested
বলে ওঠ[69] —	(verb stem)"burst out saying;" speak up
সুন্দরী[70]	beautiful (feminine)
বার্ধক্য[71]	old age
চৈতন্য হ'[72] —	(verb stem) become conscious; realize
পাপ[73]	sin

মনে পড়[74] —	(verbal idiom) remember (lit. meaning: fall in mind)
লোভ[75]	temptation; greed; avarice
চল্লিশ[76]	forty
মাইল[77]	mile (loan word)
শিষ্য[78]	disciple
হেসে ওঠ[79] —	(verb stem) burst out laughing
আনন্দ[80]	a name (lit. meaning: enjoyment)
আদর্শ[81]	ideal
সংঘাত চল[82] —	(verb stem) "clash or conflict going on;" the verb stem চল— /col/ indicates here a continuous action
সংঘাত	conflict; clash
যুদ্ধ[83]	battle; fight; war
জয়[84]	victory; triumph
চেয়ে দেখ[85] —	(verb stem) stare; look at

Lesson XXVIII (B)

I. Exercise 1:

Read the following story in Bengali and translate into English:

সুন্দর – নন্দ

শ্রাবস্তী নগরে এক ধনী ব্যক্তি বাস করিতেন । সেই ধনী ব্যক্তিটির গৃহে এক শিশুর জন্ম হয় । শিশুটি ছিল অপূর্ব সুন্দর , সেইজন্য তাহার নাম হইল সুন্দর – নন্দ । সুন্দর – নন্দ যৌবন কালে সুপুরুষ হইয়া উঠিলেন ।

একদিন প্রত্যূষে সুন্দর – নন্দ দেখিলেন যে অনেক লোক জেতবন নগরে যাইতেছে । তিনি তাহাদিগকে জিজ্ঞাসা করিলেন , " তোমরা কোথায় যাইতেছ ? " তাহারা উত্তর দিল , " আমরা গুরুর নিকট যাইতেছি । গুরু ধর্মকথা বলিবেন । আমরা ধর্মকথা শুনিতে যাইতেছি । " তাঁহার কৌতূহল হইল । তিনি স্থির করিলেন যে তিনি তাহাদিগের সহিত জেতবনে যাইবেন ।

সুন্দর – নন্দ জেতবনে গিয়া উপস্থিত হইলেন । ভগবান্ বুদ্ধ স্বয়ং সভায় ধর্মকথা বলিতেছিলেন । বুদ্ধের বাণী শুনিয়া সুন্দর –নন্দ ভাবিলেন যে সন্ন্যাস – জীবনই

সার্থক । সন্ন্যাসীর জীবন স্বার্থহীন । এই স্বার্থহীন জীবনই শ্রেষ্ঠ জীবন । তাহার পরে সুন্দর-সমুদ্র বুদ্ধের নিকট উপস্থিত হইয়া বলিলেন, "প্রভু, আমাকে সন্ন্যাস-ধর্মে দীক্ষা দিন ।" বুদ্ধ বলিলেন, "হে যুবক, আমি তোমাকে তোমার পিতা-মাতার সম্মতি ব্যতীত সন্ন্যাস-ধর্মে দীক্ষা দিতে পারি না । তুমি প্রথমে তাঁহাদের সম্মতি গ্রহণ কর ।" সুন্দর-সমুদ্র পিতা-মাতার সম্মতি গ্রহণের জন্য সাবত্থি নগরে ফিরিয়া গেলেন । কিন্তু তাঁহারা প্রচুর আপত্তি করিলেন । অবশেষে বহু চেষ্টার পর সুন্দর-সমুদ্র তাঁহাদের অনুমতি লাভ করিলেন ।

সুন্দর-সমুদ্র পিতা-মাতার অনুমতি লাভ করিয়া জেতবন নগরে ফিরিয়া আসিলেন । বুদ্ধ সুন্দর-সমুদ্রকে সন্ন্যাস-ধর্মে দীক্ষা দিলেন ।

কিছুকাল পরে সুন্দর-সমুদ্র স্থির করিলেন যে তিনি গ্রামে যাইবেন । গ্রামে গিয়া তিনি ভিক্ষা-বৃত্তি গ্রহণ করিবেন ।

একদিন সাবত্থি নগরে উৎসব হইতেছিল । সেই উৎসব

উপাসে কয়েকজন বৌদ্ধ-সন্ন্যাসী অতীত নগরে আসিলেন। বৌদ্ধ-সন্ন্যাসীগণ পথে পথে ভিক্ষা করিতেছিলেন। তাঁহাদিগকে ভিক্ষা লইতে দেখিয়া সুন্দর-অম্বুজের মা তাঁর পুত্রের কষ্টের কথা ভাবিয়া কাঁদিতে লাগিলেন।

সেই সময় ঐ পথ দিয়া একজন পণ্ডিত যাইতেছিল। তাহার নাম রজনি। ভদ্রমহিলাকে কাঁদিতে দেখিয়া রজনির কৌতূহল হইল। রজনি জিজ্ঞাসা করিল, " মা, তুমি কাঁদিতেছ কেন? " ভদ্রমহিলাটি নিজের দুঃখের কথা বলিলেন। তিনি রজনিকে জানাইলেন যে তাঁহার একমাত্র পুত্র সন্ন্যাসী হইয়া সংসার ছাড়িয়া চলিয়া গিয়াছে। সে আর ফিরিয়া আসিবে না। এই কথা ভাবিয়া তিনি মনের দুঃখে কাঁদিতেছেন। রজনি বলিল, " একমাত্র পুত্রের কর্তব্য সংসার-ধর্ম পালন করা। আমি আপনার পুত্রটিকে সংসারে ফিরাইয়া আনিবার চেষ্টা করিব। " ভদ্রমহিলাটি বলিলেন, " তুমি যদি আমার পুত্রটিকে ফিরাইয়া আনিতে পার তাহা হইলে আমি তোমাকে প্রচুর ধন-রত্ন পুরস্কার দিব। " রজনি বলিল, " তাহা

হইলে আপনি আমাকে এখন কিছু অর্থ দিন । আমি আপনার পুত্রটিকে ফিরাইয়া আনিতে যাইতেছি । " পণ্ডিত-মহিলাটি অর্থ পাইয়া গ্রামে গেল । গ্রামে উপস্থিত হইয়া প্রথমে সে সুন্দর-সমুদ্রের সন্ধান করিল । সে জানিতে পারিল যে সুন্দর-সমুদ্র প্রতিদিন বড়-রাস্তায় ভিক্ষা লইতে আসেন । সে বড়-রাস্তার উপর একটি বাড়ী ভাড়া লইল । পরদিন সকাল বেলায় সে নানা প্রকার অন্ন-ব্যঞ্জন প্রস্তুত করিল । সুন্দর-সমুদ্র যখন তাহার দরজায় ভিক্ষা লইতে আসিলেন তখন রমণী তাহাকে অন্ন-ব্যঞ্জনাদি দিল ।

কিছুকাল পরে একদিন রমণী সুন্দর-সমুদ্রকে বলিল , " মহাশয় , আপনি বারান্দায় আসিয়া বসুন এবং এই অন্ন-ব্যঞ্জন গ্রহণ করুন । " সুন্দর-সমুদ্র আনন্দিত চিত্তে ঐ অন্ন-ব্যঞ্জন গ্রহণ করিলেন । একদিন রমণী ঐ লোকালয়ের ছোট ছোট ছেলে-মেয়েদের ডাকিয়া নানা প্রকার মিষ্টান্ন[1] খাওয়াইল । তাহাদের বন্দী করিয়া সে বলিল , " দেখো , ভিক্ষু যখন আমার গৃহে ভিক্ষা লইতে আসিবেন তখন তোমরা ধূলা উড়াইবে ও চিৎকার করিবে ।

আমি তোমাদের ধুলো উড়ানো বন্ধ করিতে বলিব। কিন্তু তোমরা আমার কথায় কর্ণপাত করিছ না।"

পরদিন ভিক্ষু সুন্দর-সমুদ্র আসিলে রমণী তাঁহাকে বলিল, "মহাশয়, এই পাড়ার ছেলেরা এখানে ধুলো উড়ায়। আমি ইহাদের কত বকাই কিন্তু ইহারা আমার কথায় কর্ণপাত করে না। আপনি বরং ঘরের ভিতরে আসিয়া এই আহার গ্রহণ করুন।" ভিক্ষু তাহার কথায় রাজি হইলেন।

পরদিন ভিক্ষু আসিলে সে তাঁহাকে ঘরের ভিতর বসাইল। তাহার পর সে বাহিরে আসিয়া ছোট ছোট ছেলেদের বলিল, "দেখো, তোমরা এখন চিৎকার শুরু কর। আমি তোমাদের বারণ করিলেও তোমরা আমার কথায় কর্ণপাত করিও না।"

রমণীর নির্দেশ মত পাড়ার ছেলেরা চিৎকার শুরু করিল। রমণী তখন ভিক্ষু সুন্দর-সমুদ্রকে বলিল, "মহাশয়, এখানে বড় গোলমাল। পাড়ার ছেলেরা গোলমাল করিতেছে। আমি কত চেষ্টা করিলাম। আমি

উহাদের কত বুঝাইলাম । কিন্তু উহারা আমার কথায় কর্ণপাত করে না । আপনি বরং উপরের ঘরে আসুন । সেখানে গোলমাল কম । আপনি আরামে বিশ্রাম করিতে পারিবেন । " ভিক্ষু রাজি হইলেন ।

অঞ্জলি ভিক্ষু সুন্দর-সমুদ্রকে সাততলার একটি ঘরে লইয়া গেল । ভিক্ষু পালঙ্কের উপর বসিলে সেও তাঁহার পার্শ্বে আসন গ্রহণ করিল । ভিক্ষুর পার্শ্বে বসিয়া সে হাই তুলিতে লাগিল ; কখনও সে তাহার শাড়ীর আঁচল ঠিক করিতে লাগিল । কখনও আবার সে তাহার জামার বোতাম ঠিক করিতে লাগিল । কিন্তু সুন্দর-সমুদ্র নির্ব্বিকার হইয়া বসিয়া রহিলেন । সুন্দর-সমুদ্রকে উদাসীন দেখিয়া অঞ্জলি ধৈর্য্য হারাইল । সে বলিয়া উঠিল, " মহাশয়, আপনি সুপুরুষ যুবক, এবং আমিও একজন সুন্দরী যুবতী । যৌবনের ধর্ম ভোগ, এবং বার্ধক্যের ধর্ম সন্ন্যাস । আপনি আমাকে বিবাহ করিয়া যৌবনের ধর্ম পালন করুন । এখন আমরা দুইজনে সুখে সংসার করি । বৃদ্ধ বয়সে আমরা সন্ন্যাস-ধর্ম পালন করিব । "

অঞ্জলির কথা শুনিয়া সুন্দর-সমুদ্রের চৈতন্য হইল । তিনি ভাবিতে লাগিলেন ,— " হায় , হায় ! আমি কাহার হস্তে পড়িয়াছি ! আমি একি পাপ করিয়াছি ! " সুন্দর-সমুদ্রের তখন গুরুর উপদেশ মনে পড়িল — " লোভে পাপ , পাপে মৃত্যু । "

সেই সময় চল্লিশ মাইল দূরে ভগবান্ বুদ্ধ তাঁহার শিষ্যদের মধ্যে বসিয়াছিলেন । হঠাৎ তিনি হাসিয়া উঠিলেন । তাঁহাকে হাসিতে দেখিয়া তাঁহার শিষ্য আনন্দ জিজ্ঞাসা করিল , " প্রভু , আপনি হাসিতেছেন কেন ? " ভগবান্ বুদ্ধ বলিলেন , " আমি দেখিতেছি যে শিষ্য সুন্দর-সমুদ্র ও এক পতিতার মধ্যে আদর্শের সংঘাত চলিতেছে । " শিষ্য আনন্দ জিজ্ঞাসা করিল , " প্রভু , এই যুদ্ধে কে জয়লাভ করিবে ? "

ভগবান্ বুদ্ধ কেবল একটু হাসিলেন ।

পরদিন প্রত্যূষে ভগবান্ বুদ্ধ তাঁহার শিষ্যদের মধ্যে বসিয়াছিলেন । সুন্দর-সমুদ্র সেই সময় উপস্থিত হইয়া বুদ্ধের পদধূলি লইলেন । শিষ্য আনন্দ ভগবান্ বুদ্ধের

দিকে একবার চাহিয়া দেখিলেন । বুদ্ধ শুধু হাসিলেন ।

এই গল্পটি জাতকের 'সুন্দর-সমুদ্র' গল্পের অনুসরণে লিখিত ।

II. Supplementary vocabulary:

মিষ্টান্ন[1]	sweetmeats

Lesson XXIX

I. Exercise 1.

Read the following story in Bengali and translate into English:

ব্রাহ্মণ

কোন এক নগরে এক গরীব ব্রাহ্মণ বাস করিতেন । ব্রাহ্মণটি অতি সৎ ব্যক্তি ছিলেন । কিন্তু ব্রাহ্মণের স্ত্রী অসাধ্ব[1] ও অসৎ চরিত্রা[2] ছিল । ব্রাহ্মণ – পত্নীর কয়েকজন প্রেমিক[3] ছিল । ব্রাহ্মণ – পত্নী একজন প্রেমিকের সঙ্গে অধিকাংশ সময়[4] কাটাইত ।

ব্রাহ্মণ – পত্নী প্রেমিকের জন্য নানা প্রকার অন্ন – ব্যঞ্জন রন্ধন করিত[5] । যখন ব্রাহ্মণ গৃহে থাকিতেন না তখন ব্রাহ্মণী তার প্রেমিককে ঐ অন্ন – ব্যঞ্জন পরিবেশন করিত[6] । ব্রাহ্মণ অধিকাংশ সময়ই গৃহে থাকিতেন না । তিনি প্রত্যুষে বাহির হইয়া যাইতেন । সারাদিন ব্রহ্মপুত্র নদের[7] তীরে উপাসনা করিয়া সন্ধ্যার সময় গৃহে ফিরিয়া আসিতেন ।

একদিন ব্রাহ্মণ সত্বর[8] গৃহে ফিরিয়া আসিলেন । ব্রাহ্মণী তখন নানা প্রকার অন্ন – ব্যঞ্জন রন্ধন করিতেছিল ।

তাহা দেখিয়া ব্রাহ্মণ সন্তুষ্ট[9] হইয়া বলিলেন, "ব্রাহ্মণী, তুমি কাহার জন্য এত প্রকার ব্যঞ্জন[10] রন্ধন করিতেছ?" ব্রাহ্মণ অত্যন্ত লোভী[11] ছিলেন। তিনি ভাবিলেন বোধহয় ব্রাহ্মণী তাঁহার জন্যই এত প্রকার ব্যঞ্জন রন্ধন করিতেছে।

ব্রাহ্মণকে সত্বর ফিরিতে দেখিয়া ব্রাহ্মণী অত্যন্ত ভীত হইল[12]। ব্রাহ্মণী লাঞ্ছনার[13] ভয়ে বলিল, "আমি তোমার স্বাস্থ্যের[14] জন্য অত্যন্ত চিন্তিত[15]। তুমি তোমার পূর্ব স্বাস্থ্য ফিরিয়া পাইলে আমি দেবীর[16] নিকট পূজা দিব — ইহা আমি প্রতিজ্ঞা করিয়াছিলাম[17]। এখন প্রতিজ্ঞা রক্ষা করিবার[18] জন্য আমি এই অন্ন-ব্যঞ্জন প্রস্তুত করিতেছি। আমি ইহা দেবীর নিকট পূজা দিব।"

ব্রাহ্মণের সন্দেহ হইল[19]। ব্রাহ্মণ মনে মনে চিন্তা করিতে[20] লাগিলেন, ব্রাহ্মণীর নিশ্চয় কিছু হইয়াছে[21]। আমার স্বাস্থ্য তো খারাপ হয় নাই। ব্রাহ্মণী জানে যে আমি নানা প্রকার অন্ন-ব্যঞ্জন পছন্দ করি। কিন্তু ব্রাহ্মণী কখনই আমাকে এত প্রকার অন্ন-ব্যঞ্জন পরিবেশন করে না। সে কেন আমার জন্য দেবীর নিকট পূজা দিতে চায়? এখন আসল ব্যাপারটি জানা প্রয়োজন।

ব্রাহ্মণী খাবার গুলি দেবীর মন্দিরে লইয়া আসিল । তাহার পর মন্দিরে খাবার গুলি রাখিয়া ব্রাহ্মণী স্নান করিতে গেল । ইত্যবসরে[22] ব্রাহ্মণ অন্য পথ দিয়া দেবীর মন্দিরে প্রবেশ করিলেন । ব্রাহ্মণ মন্দিরে প্রবেশ করিয়া দেবীর মূর্তির পিছনে[23] লুকাইয়া রহিলেন[24] । স্নান শেষ করিয়া ব্রাহ্মণী মন্দিরে ফিরিয়া আসিল । তাহার পর দেবীর সম্মুখে[25] খাবার গুলি রাখিয়া ব্রাহ্মণী প্রার্থনা করিতে[26] লাগিল, "মা, দয়া করিয়া আমার স্বামীকে অন্ধ করিয়া দাও[27] ।"

ব্রাহ্মণ তাঁহার স্ত্রীর কথা শুনিয়া তাহার অভিসন্ধি[28] বুঝিতে পারিলেন । ব্রাহ্মণ তখন গলার স্বর[29] বদল করিয়া[30] বলিলেন, "ব্রাহ্মণী, তোমার স্বামীকে নানা প্রকার অন্ন – ব্যঞ্জন ভোজন করাও[31] । তোমার স্বামী শীঘ্র অন্ধ হইয়া যাইবে ।"

ব্রাহ্মণী ভাবিতে লাগিল যে দেবী তাহার উপর প্রসন্ন[32] হইয়াছেন । তিনি তাহার প্রার্থনা শুনিয়াছেন । পরদিন হইতে ব্রাহ্মণী ব্রাহ্মণকে নানা প্রকার খাদ্য পরিবেশন করিতে লাগিল । ব্রাহ্মণ অতি সুখে দিন কাটাইতে লাগিলেন ।

একদিন ব্রাহ্মণ ব্রাহ্মণীকে বলিলেন, "আমার দৃষ্টিশক্তি[33] ক্ষীণ[34] হইয়াছে।" ব্রাহ্মণী তাহা শুনিয়া মনে মনে অত্যন্ত সন্তুষ্ট হইল; দেবীকে ধন্যবাদ জানাইল[35]। বাহিরে সে দুঃখ প্রকাশ করিয়া[36] বলিল, "তোমার এখন প্রচুর[37] পরিমাণে[38] ফল ও মিষ্টি ভোজন করা উচিত[39]। ফল ও মিষ্টি ভোজন করিলে তুমি তোমার দৃষ্টিশক্তি ফিরিয়া পাইবে।" ব্রাহ্মণ ব্রাহ্মণীর অভিসন্ধি বুঝিয়া মনে মনে হাসিলেন। কিছুদিন পর ব্রাহ্মণ ব্রাহ্মণীকে বলিলেন, "আমার চক্ষুর[40] দৃষ্টি অত্যন্ত ক্ষীণ হইয়াছে। আমি অন্ধ হইয়া গিয়াছি। তুমি দেবীর নিকট গিয়া পূজা দাও, যাহাতে[41] আমি দৃষ্টিশক্তি ফিরিয়া পাই[42]।"

ব্রাহ্মণী বলিল, "আমি এখনই যাইয়া পূজা দিব।" কিন্তু সে মনে মনে আনন্দে নাচিতে লাগিল। ব্রাহ্মণ মনে মনে হাসিলেন। পরদিন ব্রাহ্মণী তাহার প্রেমিককে ডাকিয়া বলিল, "এখন আর লাঞ্ছনার ভয় নাই। দেবী আমার উপর প্রসন্ন হইয়াছেন। আমার স্বামী অন্ধ হইয়া গিয়াছেন।"

ব্রাহ্মণ অন্ধ হইয়া গিয়াছেন; সুতরাং[43] এখন কোন ভয়

ও ভাবনা[44] নাই। ইহা ভাবিয়া ব্রাহ্মণীর প্রেমিক পরদিন সন্ধ্যাবেলা আসিয়া উপস্থিত হইল। ব্রাহ্মণীর প্রেমিক গৃহে প্রবেশ করিবামাত্র[45] ব্রাহ্মণ তাহাকে দণ্ড দ্বারা[46] প্রহার করিলেন[47]। প্রহারের ফলে[48] ব্রাহ্মণীর প্রেমিকের মৃত্যু হইল। তাহার পর ব্রাহ্মণ ব্রাহ্মণীর নাক কাটিয়া তাহাকে তাড়াইয়া দিলেন[49]।

II. Supplementary vocabulary and notes:

অসাধু[1]	immoral; dishonest
অসৎ চরিত্রা[2]	unchaste woman (lit. meaning: dishonest character (feminine))
চরিত্রা	character (feminine)
প্রেমিক[3]	lover
অধিকাংশ সময়[4]	most of the time
অধিকাংশ	majority; most
রন্ধন কর—[5]	(verb stem) cook
পরিবেশন কর—[6]	(verb stem) serve (food)
ব্রহ্মপুত্র নদ[7]	Bramhaputra River - a river in the eastern part of India, flowing through Assam and East Pakistan

সত্বর[8]	"early"; soon; hurriedly
সন্তুষ্ট[9]	pleased; satisfied; happy
ব্যঞ্জন[10]	food dishes; curry
লোভী[11]	"gluttonous;" greedy
ভীত হ' —[12]	(verb stem) be scared; get scared
লাঞ্ছনা[13]	harrassment; humiliation; insult
স্বাস্থ্য[14]	health
চিন্তিত[15]	worried
দেবী[16]	goddess
প্রতিজ্ঞা কর —[17]	(verb stem) promise; take vow
রক্ষা কর —[18]	(verb stem) "keep up;" save
সন্দেহ[19]	doubt
চিন্তা কর —[20]	(verb stem) think
কিছু হইয়াছে[21]	something has happened
ইত্যবসরে[22]	meanwhile
পিছনে / পেছনে[23]	behind
লুকাইয়া থাক —[24]	(verb stem) hide; remain hiding
সম্মুখে / সামনে[25]	in front of

প্রার্থনা কর্ —[26]	(verb stem) pray
(অন্ধ) করিয়া দে —[27]	(verb stem) make (someone) (blind); "to blind someone"
অন্ধ	blind
অভিসন্ধি/ মতলব[28]	intention
গলার স্বর[29]	voice
বদল কর্ —[30]	(verb stem) change; alter
ভোজন করা —[31]	(verb stem) feed
প্রসন্ন / সন্তুষ্ট[32]	pleased; satisfied
দৃষ্টি শক্তি[33]	eye-sight; vision
দৃষ্টি	vision; seeing
শক্তি	power; strength
ক্ষীণ[34]	weak; feeble
ধন্যবাদ জানা —[35]	(verb stem) show gratitude; offer thanks; show gratefulness
প্রকাশ কর্ —[36]	(verb stem) express; reveal
প্রচুর[37]	plenty
পরিমাণ[38]	quantity
উচিত[39]	proper; right; fit

চক্ষু / চোখ[40]	eye
যাহাতে / যাতে[41]	so that
ফিরিয়া পা —[42]	(verb stem) get back; receive
সুতরাং[43]	therefore
ভাবনা[44]	worry
প্রবেশ করিবামাত্র[45]	as soon as (one) enters; the suffix মাত্র /mattro/ when used after a verb means, "as soon as;" "immediately after"
দণ্ড দ্বারা[46]	by means of a club
দণ্ড / লাঠি	club
দ্বারা / দিয়ে	by means of; by
প্রহার কর —[47]	(verb stem) beat; strike
ফলে[48]	"as a result of;"
তাড়াইয়া দে —[49]	(verb stem) drive (someone) away; kick (someone) out

Part IV

This section includes brief cultural notes and biographical notes on well-known people mentioned in the text.

Notes 1 and 2 (Ref: lessons IX and XVII).

Kālī Pūjā and Durgā pūjā [কালী পূজা ; দুর্গা পূজা]:

This is a religious festival connected with Saktism. It is common in its highly developed form among the upper classes of Bengal. The main feature of Saktism is the worship of the active female or energy principle (Prakriti or Śakti) as manifested in one or another of the forms of Siva's consort -- Durgā, Kālī, Devī, Pārvatī, Caṇḍi, etc.

Durgā Pūjā and Kālī Pūjā both take place in Bengal. Kālī Pūjā is held on the darkest night of the 7th Bengali month Kārttik (between October 15 and November 15, on the night of no moon). The day commemorates Kali's dance, which was destroying the earth until Siva threw himself at her feet. When she found herself treading on her husband, she stopped in shame. This story is often explained as the awakening of the human soul to realization of its origin from God, forgotten in the tumult of human emotions.

Durgā Pūjā occurs in the 6th Bengali month, Aśvin, on the first day of the second quarter of the moon (eighth day of the new moon between September 15 and October 15). It lasts for three days, the second day being the most important. Animal sacrifices are often offered to Durga. To most Hindus in Bengal Durgā Pūjā is perhaps the most important festival of the year.

Note 3: (Ref: lesson XIII).

Bāul [বাউল]:

"The word itself means 'mad'. When Bengalis use the term, they usually mean to indicate a type of mendicant religious singer who, dressed in tattered clothes deliberately made up of the garments of both Hindus and Muslims, wanders from village to village celebrating God in ecstatic songs, existing on whatever his listeners choose to give him. Although today he is possibly a householder ... , traditionally he has 'only the wind as his home'. His hair is long and his beard is long and matted, and as he sings he accompanies himself on a one-stringed instrument (ek-tārā) made from a gourd. In his songs one can find traces of Sūfī-Islām of Sahajiyā or Tantric Buddhism, of Caitanyite Vaiṣṇavism and perhaps other religious strands not as easily isolable ... The Bāul recognizes no divisions among men either social or religious; he holds that all men are travellers on the same road towards God." (Edward C. Dimock, Jr. in the Journal of Asian Studies, 1959, pp. 36-37; Rabindranath Tagore -- "The Greatest of the Bāuls of Bengal").

Note 4 (Ref: lesson XVIII)

Biṛlā Temple [বিড়লা-মন্দির]:

Lakṣmīnārāyaṇ Temple, commonly known as the Biṛlā Temple was the gift of a Hindu millionaire named Biṛlā. This temple, in the heart of New Delhi, is one new building that is boldly Hindu in design. It was dedicated by Mahatma Gandhi in 1939, and is said to represent all the faiths of India.

Note 5 (Ref: lesson XVIII)

Delhi Fort [দিল্লী-ফোর্ট]:

Delhi Fort is commonly known as the Red Fort [lāl kellā] because of its magnificent red-sandstone walls. This fort was built by Shāh Jāhān, the same seventeenth century Mogul Emperor who was responsible for the delicate Taj Mahal. The Red Fort and the palace within it remain among the great sights in Old Delhi.

Note 6 (Ref: lesson XIX)

Rabindranath Tagore [রবীন্দ্রনাথ ঠাকুর] (1861-1941):

The name of the greatest writer of modern India needs little introduction. As winner of the Nobel Prize for Literaturn (1913), Rabindranath's fame is world-wide.

In the course of a long and incredibly productive life, Rabindranath turned out over a thousand poems, about twenty-four plays, eight novels, at least eight volumes of short stories, over two thousand songs, and an immense amount of essay and other types of prose writing. Clearly it is very difficult to single a few outstanding works out of such a body of material, and I refer the reader to other sources for critical accounts.[1] In addition to these writings, Rabindranath was an educator of originality and imagination, as his school and university of Santiniketan witness, a musician of sufficient stature to have a style of Indian music named after him, and a painter acclaimed by some as the best modern India has produced.

Note 7 (Ref: lesson XIX)

Prācīn Sāhitya [প্রাচীন সাহিত্য]:

